

সেক্সপীরপ্র**ণী**ত ভান্তিপ্রহসনের

উপাখানভাগ

ঐীঈশ্বরচন্দ্রবিদ্যাসাগরসঙ্কলিত।

চতুর্থ সংক্ষরণ

কলিকাতা

সংস্কৃত যন্ত্র।

मः व ९ ३ ३ ८ २ ।

FUBI ISHED BY THE CALCUTTA LIBRARY, No 25, Sukea's Street, calcutta.

1886.



ভ্রান্তিবিলাস

সেক্সপীরপ্র**ণী**ত ভান্তিপ্রহসনের

উপাখ্যানভাগ

ঐক্সিশ্বরচন্দ্রবিদ্যাদাগরসঙ্কলিত।

ठ जूर्य म ९ ऋ त न।

কলিকাতা

নংস্কৃত বক্তা।

मि १ व ९ ५ २ १ १ ।

PUBLISHED BY THE CALCUTTA LIBRARY.
NO. 25, SUKBA'S STREET, CALCUTTA.
1886.



বিজ্ঞাপন

কিছু দিন পূর্বে, ইংলণ্ডের অদ্বিতীষ কবি দেক্সপীরের প্রণীত ভ্রান্তিপ্রহ্মন পাঠ করিয়া আমার বোধ হইয়া-ছিল, এতদীর উপাখ্যানভাগ বাঙ্গালাভাষায় সঙ্কলিত হইলে, লোকের চিত্তরঞ্জন হইতে পারে। তদন্সারে ঐ প্রহ্মনের উপাখ্যানভাগ বাঙ্গালাভাষায় সঙ্কলিত ও ভ্রান্তিবিলাদ নামে প্রচারিত হইল।

সেক্সপীর, পঁয়ত্তিশখানি নাটক রচনা করিয়া, বিশ্ববিখ্যাত ও চিরশ্বরণীয় হইয়া গিয়াছেন। তাঁহার প্রণীত
নাটকসমূহে কবিত্বশক্তির ও রচনাকৌশলের পরা কাষ্ঠা
প্রদর্শিত হইয়াছে। এতয়াতিরিক্তা, তিনি চারিখানি
খণ্ড কাব্য ও কতকগুলি ক্ষুদ্রকাব্য রচনা করিয়াছেন।
আনেকে বলেন, তিনি যে কেবল ইংলণ্ডের অদিতীয়
কবি ছিলেন, এরূপ নহে; এ পর্যান্ত ভূমণ্ডলে যত
কবি প্রান্ত ভূহয়াছেন, কেহই তাঁহার সমকক্ষ নহেন।
এই সিদ্ধান্ত অল্লান্ত বা পক্ষপাতবিবর্জিত কি না, মাদৃশ
ব্যক্তির তিরচারে প্রব্রন্ত হওয়া নিরবিছিয় প্রগল্ভতা-

ভ্রান্তিপ্রহ্মন কাব্যাংশে দেক্সপীরের প্রণীত অনেক নাটক অপেক্ষা অনেক অংশে নিক্নফ ; কিন্তু উহার উপাধ্যানটি যার পর নাই কৌতুকা হ। তিনি এই প্রহানে হাস্তরদ উদ্দীপনের নিরতিশয় কৌশল প্রদর্শন করিয়াছেন। পাঠকালে হাস্ত করিতে করিতে শাসরোধ উপস্থিত হয়। ভ্রান্তিবিলাদে দেক্সপীরের দেই অপ্রতিম কৌশল নাই, স্কুতরাং, ইহা পাঠ করিয়া লোকের তাদৃশ চিত্তরঞ্জন হইবেক, তাহার সম্ভাবনা নাই।

বাঞ্চালাপুস্তকে ইয়ুরোপীয় নাম সুশ্রাব্য হয় না;
বিশেবতঃ, ঘাঁহারা ইঙ্গরেজী জানেন না, তাদৃশ পাঠকগণের পক্ষে বিলক্ষণ বিরক্তিকর হইয়া উঠে। এই
দোষের পরিহারবাসনায়, আন্তিবিলাদে সেই সেই নামের
স্থলে এতদ্দেশীয় নাম নিবেশিত হইয়াছে। উপাখ্যানে
এবংবিধ প্রণালী অবলম্বন করা কোনও অংশে হানিকর
বা দোষাবহ হইতে পারে না। ইতিহাসে বা জীবনচরিতে নামের যেরূপ উপযোগিতা আছে, উপাখ্যানে
সেরূপ নহে।

যদি ভ্রান্তিবিলাস পাঠ করিয়া, এক ব্যক্তিরও চিত্তে কিঞ্চিমাত্র প্রীতিসঞ্চার হয়, তাহা হইলেই শ্রম সফল বোধ করিব।

শ্রীঈশ্বরচন্দ্র শর্মা

বৰ্দ্ধমান।

७० ७ व्याचिन। मःत् १५२७।

ভান্তিবিলাস

প্রথম পরিচ্ছেদ।

হেমকৃট ও জয়স্থল নামে ছুই প্রানিদ্ধ প্রাচীন রাজ্য ছিল। ছুই
নাজ্যের পরস্পার ঘোরতর বিরোধ উপস্থিত হওয়াতে, জয়স্থলে
এই নৃশংস নিয়ম বিধিবদ্ধ হয়, হেমকৃটের কোনও প্রজা, বাণিজ্য
বা অন্থাবিধ কার্যোর অনুরোধে, জয়স্থলের অধিকারে প্রবেশ
করিলে তাহার গুরুতর অর্থদণ্ড, অর্থদণ্ড প্রদানে অসমর্থ হইলে
প্রাণদণ্ড, হইবেক। কেমক্টরাজ্যেও, জয়স্থলবাসী লোকদিগেব
পক্ষে, অবিকল তদ্রপ নিয়ম প্রতিষ্ঠিত হয়। উভয় রাজ্যই
বাণিজ্যের প্রধান স্থান। উভয় রাজ্যের প্রজারাই উভয়ত্র
বিস্তারিত রূপে বাণিজ্য করিত। এক্ষণে, উভয় রাজ্যেই
উল্লিখিত নৃশংস নিয়ম ব্যবস্থাপিত হওয়াতে, সেই বহুবিস্তৃত্ব
বাণিজ্য এক কালে রহিত হইয়া গেল।

এই নিয়ম প্রচারিত হইবার কিঞ্চিৎ কাল পরে, সোমদন্ত নামে এক রদ্ধ বণিক, ঘটনাক্রমে জয়স্থলে উপস্থিত হইয়া, হেমকুটবাসী বলিয়া পরিজ্ঞাত ও বিচারালয়ে নীত হইলেন। জয়স্থলে অধিরাজ বিজয়বল্পভ স্বয়ং রাজকার্য্য পর্যাবেক্ষণ ক্রিতেন। তিনি, সবিশেষ অবগত হইয়া, সোমদত্তের দিকে দৃষ্টি সঞ্চারণ পূর্ব্বক কহিলেন, আহে হেমকুটবাসী বণিক ! তুমি, প্রতিষ্ঠিত বিধি লজন পূর্ব্বক, জয়স্থলের অধিকারে প্রবেশ করিয়াছ, এই অপরাধে আমি তোমার পাঁচ সহস্র মুদ্রা দণ্ড করিলাম; যদি অবিলম্বে এই দণ্ড দিতে না পার, সায়ংকালে তোমার প্রাণদণ্ড হইবেক।

অধিরাজের আদেশবাক্য শ্রবণ করিয়া, সোমদন্ত কহিলেন, মহারাজ! ইচ্ছা হয়, সচ্ছন্দে আমার প্রাণদণ্ড করুন, তজ্জস্ত আমি কিছুমাত্র কাতর নহি। আমি অহর্নিশ ছুর্বিষহ যাতদা ভোগ করিতেছি; মৃত্যু হইলে পরিত্রাণ বোধ করিব। কিন্তু, মহারাজ! যথার্থ বিচার করিলে, আমার দণ্ড হইতে পারে না। সাত বংসর অতীত হইল, আমি জন্মভূমি পরিত্যাগ করিয়া দেশপর্যাটন করিতেছি। যৎকালে হেমকুট হইতে প্রস্থান করি, উভয় রাজ্যের পরস্পর বিলক্ষণ দৌহন্ত ছিল। এক্ষণে পরস্পর যে বিরোধ ঘটয়াছে, এবং ঐ উপলক্ষে উভয় রাজ্যে যে এরপ কঠিন নিয়ম বিধিবদ্ধ হইয়াছে, তাহা আমি অবগত নহি। যদি, প্রচারিত নিয়মের বিশেষজ্ঞ হইয়া, আপনকার অধিকারে প্রেশ করিতাম, তাহা হইলে আমি অবশ্য অপরাধী হইতাম।

এই সকল কথা প্রবণ করিয়া, বিজয়বল্লভ কহিলেন, শুন, সোমদত্ত! জয়য়্বলের প্রচলিত বিধি সর্লতোভাবে প্রতিপালন করিয়া চলিব, কদাচ তাহার অস্থাচরণ করিব না, ধর্মপ্রমাণ এই প্রতিক্ষা করিয়া, আমি অধিরাজপদে প্রতিষ্ঠিত হইয়াছি। সুতরাং জয়য়্হলে, হেমকুটবাসী লোকদিগের পক্ষে যে সমস্ত

বিধি প্রচলিত আছে, আমি প্রাণান্তেও বাহার বিপরীত আচরণ করিতে পারিব না। জয়স্থলের কতিপর পোত্রণিক ছুই রাজ্যের বিরোধ ও অভিনব বিধি প্রচলনের বিষয় কিছুমাত্র অবগত ছিল না। তাহারাও, তোমার মত, না জানিয়া হেম-কুটের অধিকারে প্রবেশ করিয়াছিল। তোমাদের অধিরাজ, নুবপ্রবর্ত্তিত বিধির অনুবর্তী হইয়া, প্রথমতঃ, তাহাদের অর্থদণ্ড বিধান করেন। অর্থদণ্ড প্রাদানে অসমর্থ হওয়াতে, অবশেষে তাহাদের প্রাণদণ্ড হইয়াছে। এই নৃশংস ঘটনা জয়য়হলবাসী-দিগের অন্তঃকরণে সম্পূর্ণ জাগরুক রহিয়াছে। এ অবস্থায়, আমি, প্রচলিত বিধি লজ্ঞন পূর্বাক, তোমার প্রতি দয়া প্রদর্শন করিতে পাবি না। অবিলধে পাঁচ সহস্র মুদ্রা দিতে পারিলে, তুমি অক্ষত শরীরে স্বদেশে প্রতিগমন করিতে পার; কিন্তু আমি তাহার কিছুমাত্র সম্ভাবনা দেখিতেছি না; কারণ, তোমার সমভিব্যাহারে যাহা কিছু আছে, সমুদয়ের মূল্য উদ্ধ-দংখ্যায় ছুই শত মুদ্রার অধিক হইবেক না; স্থতরাং দায়ং-কালে তোমার প্রাণদণ্ড একপ্রকার অবধারিত বলিতে হইবেক।

এই সমস্ত কথা প্রবণ করিয়া, সোমদত অক্ষুক্ষচিতে কহিলেন, মহারাজ ! আমি যে ছংসহ ছংখপরম্পরা ভোগ করিয়া আসি-ভেছি, তাহাতে আমার অণুমাত্রও প্রাণের মায়া নাই। আপন-কার নিকট অকপট হৃদয়ে কহিতেছি, এক ক্ষণের জন্মেও আমি বাঁচিতে ইছা করি না। আপনি সায়ংকালের কথা কি বলিতেছন, এই মুহুর্তে প্রাণবিয়োগ হইলে, আমার নিস্তার হয়।

ঈদুশ আক্ষেপ বাক্য শ্রবণে, অধিরাজের অন্তঃকরণে বিলক্ষণ অনুকম্পা .ও কৌভূহল উদ্ভত হইল। তথন তিনি জিজ্ঞানা করিলেন, সোমদন্ত! কি কারণে তুমি মরণ কামনা করিতেছ, কি হেতুতেই বা তুমি, জন্মভূমি পরিত্যাগ করিয়া, ক্রমাগত সাত বংসর কাল দেশপর্যটন করিতেছ; কি উপলক্ষেই বা তুমি অবশেষে জয়স্থলে উপস্থিত হইয়াছ, বল। সোমদত্ত কহিলেন, মহারাজ ! আমার অন্তর নিরন্তর ছুঃসহ শোকদহনে দক্ষ হইতেছে; জন্মভূমি পরিত্যাগের ও দেশপর্যাটনের কারণ নির্দেশ করিতে গেলে, আমার শোকানল শতগুণ প্রবল হইয়া উঠিবেক। সুতরাং, আপনকার আদেশ প্রতিপালন অপেক্ষা আমার পক্ষে অধিকতর আন্তরিক ক্লেশকর ব্যাপার আর কিছুই ঘটিতে পারে না। তথাপি, আপনকার সন্তোষার্থে, সংক্ষেপে আত্মরতান্ত বর্ণন করিতেছি। তাহাতে আমার এক মহৎ লাভ হইবেক। সকল লোকে জানিতে পারিবেক, আমি, কেবল পরিবারের মায়ায় বদ্ধ হইয়া, এই অবান্ধব দেশে রাজদত্তে প্রাণত্যাগ করিতেছি; আমার এই প্রাণদণ্ড কোনও গুরুতর অপরাধ নিবন্ধন নহে।

মহারাজ ! শ্রবণ করুন, আমি হেমকূটনগরে জন্মগ্রহণ করি।
যৌবনকাল উপস্থিত হইলে, লাবণ্যময়ী নাদ্দী এক স্থারপা
রমণীর পাণিগ্রহণ করিলাম। লাবণ্যময়ী যেমন সংকুলোংপদ্ধা,
তেমনই সদ্গুণসম্পদ্ধা ছিলেন। উভয়ের সহবাসে উভয়েই
পরম স্থাথ কালহরণ করিতে লাগিলাম। মলয়পুরে আমার

বছবিস্তৃত বাণিজ্য ব্যবসায় ছিল, তদ্ধারা প্রভূত অর্থাগম হইতে लांशिल। यिन अन्छे मन्न ना इरेख, अविष्टित्र सूथनस्डारण নংসার্যাতা নির্বাহ করিতে পারিতাম। মল্যপুরে আমার বিনি কর্মাধ্যক ছিলেন, হঠাৎ ভাঁহার মৃত্যু হওয়াতে, তত্তা কার্য্য নকল অত্যন্ত বিশৃত্বল হইয়া উঠিল। শুনিয়া অতিশয় ব্যাকুল হইলাম এবং, নহধর্মিণীকে গৃহে রাখিয়া, মলয়পুর প্রস্থান করিলাম। ছয় মান অতীত না হইতেই, লাবণ্যময়ী, বিরহ-বেদনা সহা করিতে না পারিয়া, তথায় উপস্থিত হইলেন, এবং অন্ধিক কাল মধ্যেই অন্তর্বন্নী হইয়া, যথাকালে ছুই স্কুকুমার যমজ কুমার প্রাস্ব করিলেন। কুমারযুগলের অবয়বগত অগুমাত্র বৈলক্ষণ্য ছিল না। উভয়েই নর্বাংশে এরপ একারুতি যে উভয়ের ভেদগ্রহ কোনও মতে সম্ভাবিত নছে। আমরা যে পান্থনিবানে অবস্থিতি করিতাম, তথায় নেই দিনে নেই সময়ে এক ছুঃখিনী নারীও সর্বাংশে একাক্ষতি ছুই যমজ তনয় প্রাস্ব করে। উহাদের প্রতিপালন করা অসাধ্য ভাবিয়া, সে আমার নিকট ঐ ছুই যমজ সন্তান বিক্রয় করিতে উদ্ভত হইল। উত্তর-কালে উহারা ছুই সহোদরে আমার পুত্রহয়ের পরিচর্য্যা করিবেক, এই অভিপ্রায়ে উহাদিগকে কর করিয়া, পুত্র-निर्विष्टर श्राचित्रानन कतिए नाशिनाम। यमरकता नर्वाः भ একাকুতি বলিয়া, এক নামে এক এক যমলের নামকরণ করিলাম; পুত্রযুগলের নাম চিরঞ্জীব, ক্রীত শিশুযুগলের নাম কিন্ধর রাখিলাম।

কিছু কাল গত হইলে, আমার সহধর্মিণী, হেমকূট প্রতি-গমনের নিমিত্ত নিতান্ত অধৈর্য্য হইয়া, সর্বাদা উৎপীতন করিতে লাগিলেন। আমি অবশেষে, নিতান্ত অনিছা পূর্বক, সম্মত इहेलाम। जल्ले मिरानत माधाहे, हाति गिरु नमिलियाहारत, আমরা অর্ণবপোতে আরোহণ করিলাম। মলয়পুর পরিত্যাগ করিয়া যোজনমাত্র গমন করিয়াছি, এমন সময়ে অকমাৎ গগন-মণ্ডল নিবিড ঘনঘটায় আচ্ছন্ন হইল; প্রবল বেগে প্রচণ্ড বাত্যা বহিতে লাগিল; সমুদ্র উত্তাল তরঙ্গমালায় আন্দোলিত হইয়া উঠিল। আমরা জীবনের আশায় বিদর্জন দিয়া, প্রতি ক্ষণেই মৃত্যু প্রতীক্ষা করিতে লাগিলাম। আমার সংধর্মিণী সাতিশয় আর্ভ ম্বরে হাহাকার ও শিরে করাঘাত করিতে লাগিলেন। ভাঁহাকে তদবস্থাপন্ন দেখিয়া, তুই তনয় ও তুই ক্রীত বালক চীৎকার করিয়া রোদন করিতে লাগিল। গৃহিণী, বাষ্পাকুল লোচনে, অতি কাতর বচনে, মুহুমুহঃ কহিতে লাগিলেন, নাধ। আমরা মরি তাহাতে কিছুমাত্র খেদ নাই; যাহাতে তুটি সন্তানের প্রাণ রক্ষা হয়, তাহার কোনও উপায় কর।

কিয়ৎ ক্ষণ পরে অর্ণবপোত মগ্নপ্রায় হইল। নাবিকেরা, পোত রক্ষা বিষয়ে সম্পূর্ণ হতাশ্বাদ হইয়া, আত্মরক্ষার চেষ্টা দেখিতে লাগিল, এবং অর্ণবপোতে যে কয়খানি ক্ষুদ্র তরী ছিল, তাহাতে আরোহণ পূর্ব্বক প্রস্থান করিল। তখন আমি, নিতান্ত নিরুপায় দেখিয়া, অনেক ভাবিয়া চিন্তিয়া, এক উপায় স্থির করিলাম। অর্ণবপোতে ঘূটি অতিরিক্ত গুণরক্ষ ছিল; একের প্রান্তভাগে জ্যেষ্ঠ পুত্র ও জ্যেষ্ঠ ক্রীত শিশুকে, অপরটির প্রান্তভাগে কনিষ্ঠ পুদ্র ও কনিষ্ঠ ক্রীত শিশুকে বন্ধন পূর্ব্বক, আমরা স্ত্রী পুরুষে একৈকের অপর প্রান্তভাগে এক এক জন করিয়া আপনাদিগকে বদ্ধ করিলাম। ছুই গুণরক্ষ, স্রোতের আমুরা কর্ণপুর অভিমুখে নীত হইতেছি। কিয়ৎ ক্ষণ পরে, সুর্বাদেবের আবির্ভাব ও বাত্যার তিরোভাব হইল। তখন দেখিতে পাইলাম, তুই অর্ণবপোত অতি বেগে আমাদের দিকে আদিতেছে। বোধ হইল, আমাদের উদ্ধরণের জন্মই উহার। ঐ রূপে আসিতেছিল। তন্মধ্যে একথানি কর্ণপুরের, অপর খানি উদয়নগরের। এ পর্যান্ত দুই গুণরক্ষ পরস্পর অতি স্ত্রিহিত ছিল; কিন্তু, উল্লিখিত পোত্রয় আমাদের নিকটে আসিবার কিঞ্চিৎ পূর্ম্বে, আকন্মিক বায়ুবেগবশে পরস্পার অতিশয় দূরবর্তী হইয়া পড়িল। আমি এক দৃষ্টিতে অপর গুণর**ক্ষ** নিরীক্ষণ করিতে লাগিলাম। দেখিতে পাইলাম, কর্ণপুরের পোতস্থিত লোকেরা, বন্ধন মোচন পূর্বক, আমার গৃহিণী, পুত্র ও ক্রীত শিশুকে অর্ণবর্গর্ড হইতে উদ্ধৃত করিল। কিঞ্চিৎ পরেই, অপর পোত আনিয়া আমাদের তিন জনের উদ্ধরণ করিল। এই পোতের লোকেরা যেরূপ সুহৃদ্ভাবে সাহায্য করিন্তে আসিয়াছিলেন, অপর পোতের লোকেরা সেরপ নহেন; ইহা বুঝিতে পারিয়া, আমাদের উদ্ধারকেরা, আমার গৃহিণী 📽 শিশুদ্বয়ের উদ্ধারার্থে উদ্ধান্ত হইলেন ; কিন্তু অপর পোত অধিক- তর বেগে যাইতেছিল, সুতরাং ধরিতে পারিলেন না। তদবধি
আমি পুত্র ও প্রেয়নী উভয়ে বিয়োজিত হইয়াছি। মহারাজ!
আমার মত হতভাগ্য আর কেহ নাই—

এই কথা বলিতে বলিতে, সোমদন্তের নয়নযুগল হইতে প্রবল বেগে বাপ্রবারি বিগলিত হইতে লাগিল। তিনি স্তব্ধ হট্যা রহিলেন, আর কিছুই বলিতে পারিলেন না। তথন বিজয়বল্লভ কহিলেন, সোমদত। দৈববিজ্পনায় তোমার যে শোচনীয় স্ববস্থা ঘটিয়াছে, তাহা শুনিয়া আমার হৃদয় অতিশয় শোকাক্ল হইতেছে; ক্ষমতা থাকিলে, এই দণ্ডে, তোমার প্রাণদ্ভ রহিত করিতান। নে যাহা হউক, তৎপরে কি কি ঘটনা হইল, সমুদ্য় শুনিবার নিমিতে, আমার চিতে, অত্যন্ত উৎস্কর জিনিতেছ; দবিস্তর বর্ণন করিলে, আমি অনুগৃহীত বোধ করিব।

সোমদত্ত কহিলেন, মহারাজ ! তৎপরে কিছু দিনের মধ্যেই, কিনিষ্ঠ তনয় ও কনিষ্ঠ কীত শিশু সমভিব্যাহারে, নিজ আগারে প্রতিগমন পূর্বক, কিঞ্চিৎ অংশে শোক সংবরণ করিয়া, শিশুযুগলেব লালন পালন করিতে লাগিলাম ৷ বহু কাল অতীত
হইয়া গেল, কিন্তু, গৃহিণী ও অপর শিশুযুগলের কোনও সংবাদ
পাইলাম না ৷ কনিষ্ঠ পুত্রটির যত জ্ঞান হইতে লাগিল, ততই
লে জননী ও সহোদরের বিষয়ে অনুসন্ধান আরম্ভ করিল ৷
আমার নিকট স্বকৃত জিজ্ঞানার যে উত্তর পাইত, তাহাতে
ভাহার সম্ভোষ জন্মিত না ৷ অবশেষে, অষ্টাদশবর্ষ বয়সে,
নিতান্ত অধৈর্য হইয়া, আমার অনুমতি গ্রহণ পূর্বক, শীয়

পরিচারক সমভিব্যাহারে, সে তাহাদের উদ্দেশার্থে প্রস্থান করিল। পুত্রটি, অন্ধের যষ্টিসরূপ, আমার জীবনের একমাত্র অবলম্বন ছিল; এজন্য তাহাকে ছাড়িয়া দিতে কোনও মতে ইচ্ছা ছিল না। তৎকালে এই আশস্কা হইতে লাগিল, এ জন্মে যে গৃহিণী ও জ্যেষ্ঠ পুল্লের নৃহিত নুমাগম হইবেক, তাহার আর প্রত্যাশা নাই; আমার যেরূপ অদৃষ্ট, হয় ত এই অবধি ইহাকেও হাবাইলাম। মহারাজ! ভাগাক্রমে আমার তাহাই ঘটিয়। উঠিল। এই বংশর অতীত হইল, তথাপি কনিষ্ঠ পুত্র প্রত্যাগমন করিল না। আমি ভাহার অন্নেষণে নির্গত হইলাম; পাঁচ বংসর কাল অবিশ্রান্ত পর্যাটন করিলাম, কিন্তু, কোনও স্থানেই কিছ্মাত্র সন্ধান পাইলাম না। পরিশেষে, নিতান্ত নিরাধান হুইয়া, হেম্কুট অভিমুখে গ্রম্ম করিতেছিলাম ; জয়স্থলের উপ-কল দুখন কবিয়া মনে ভাবিলাম, এত দেশ প্র্টেন করিলাম, এই স্থানটি অবশিষ্ঠ থাকে কেন। এখানে যে তাহাকে দেখিতে পাইব, তাহার কিছুমাত্র আখাদ ছিল না; কিন্তু না দেখিয় চলিয়া যাইতেও, কোনও মতে, ইচ্ছা হইল না। এইরপে জয়স্থলে উপস্থিত হইবা, কিয়ৎ ক্ষণ পরেই গ্লত ও মহারাজের সম্মুখে আনীত হুইয়াছি। মহারাজ। আজ সায়ংকালে আমার সকল ক্লেশের অবসান হইবেক। যদি, প্রেয়দী ও তনয়েরা জীবিত আছে, ইহা শুনিরা মবিতে পারি, তাহা হইলে আর আমাব কোনও কোভ থাকে না।

এই হৃদ্যবিদারণ আখ্যান শ্রবণে নিবতিশয় ছঃখিত হইয়া

বিজয়বন্ধভ কহিলেন, সোমদত্ত! আমার বোধ হয়, তোমার মত হতভাগ্য ভুমণ্ডলে আর নাই। অবিচ্ছিন্ন ক্লেশভোগে কালহরণ করিবার নিমিত্তই, ভূমি জন্ম পুরিগ্রহ করিয়াছিলে। তোমার ব্রস্তান্ত আত্যোপান্ত শ্রবণ করিয়া, আমার হৃদয় বিদীর্ণ হইতেছে। যদি ব্যবস্থাপিত বিধির উল্লেখ্যন না হইত, তাহা হইলে, আমি তোমার প্রাণ রক্ষার নিমিত্ত প্রাণপণে যতু করিতাম। জয়স্থলের প্রচলিত বিধি অনুসারে তোমার প্রাণদণ্ডের ব্যবস্থা হইয়াছে; যদি, অনুকম্পাব বশবতী হইমা, ঐ ব্যবস্থা রহিত করি, তাহা হইলে, আমি, চিরকালের জন্ম, জয়স্থলসমাজে যাব পর নাই হেয় ও অশ্রদ্ধের ইইব। তবে, আমার যে পর্যন্ত ক্ষমতা আছে, তাহা করিতেছি। তোমাকে সাফিকাল পর্যান্ত সময় দিতেছি, এই সম্যের মধ্যে যদি কোনও রূপে, পাঁচ সহজ্র মূলা সংগ্রহ কবিতে পার তোমার প্রাণ রক্ষা ১ইবেক, নত্বা তোমার প্রাণদ্ভ অপরিহার্য। অনন্তর, তিনি কারাধাক্ষকে কহিলেন, তুমি সোমদত্তকে যথাস্থানে সাবধানে রাখ। কারাধ্যক্ষ, যে আজঃ মহারাজ। বলিয়া, সোমদত্ত সমভিব্যাহাবে প্রস্থান করিল।

কণপুরের লোকের। কুবলয়পুরেব অধিপতি মহাবল প্রাক্রান্ত বিখ্যাত বীর বিজয়বর্মাব নিকট চিরঞ্জীব ও কিঙ্করকে বিক্রয় করে। তৎপরে কিয়ৎকাল অতীত হইলে, বিজয়বর্মা নিজ ভাতৃপুত্র বিজয়বল্লভের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। তিনি চিরঞ্জীব ও কিঙ্করকে এত ভাল বাসিতেন, যে ক্ষণকালের জন্মেও তাহাদিগকে নয়নের অন্তরাল করিতেন না। সুত্রাং,

জয়ন্তল প্রস্থানকালে তিনি তাহাদিগকে নঙ্গে লইয়া যান ৷ ঐ তুই বালককে দেখিয়া ও তাহাদের প্রাপ্তিরভান্ত শুনিয়া, বিজয়-বল্লভেব অন্তঃকরণে অত্যন্ত দয়া উপস্থিত হয়, এবং দিন দিন তাহাদের প্রতি দাতিশয় স্নেহ্মঞার হইতে থাকে। পিতৃব্যের প্রস্থানসময় সমাগত হইলে, ভাতৃব্য আগ্রহ প্রদর্শন পূর্বক তাহাব নিকট বালক্ষ্বযের প্রাপ্তিবাদন। জানাইয়াছিলেন। তদনুদাবে বিজ্যব্র্মা তদীয় প্রার্থনা পরিপূর্ণ কবিয়া স্বস্থানে প্রতিগমন করেন। অভিপ্রেভলাভে আহ্লাদিত হইযা, বিজয়বল্লভ প্রম যভে চিব্জীবের লালন পালন করিতে লাগিলেন, এবং, সে বিষয়কার্য্যের উপযোগী বয়ন প্রাপ্ত হইলে. তাহাকে এককালে দেনাসংক্রান্ত উন্নত পদে প্রতিষ্ঠিত কবিলেন। চিরঞ্জীব প্রত্যেক যুদ্ধেই বৃদ্ধিমতা, কার্যাদক্ষতা, অকুতোভয়তা প্রভৃতির প্রভৃত পরিচয় দিতে লাগিলেন। একবাব বিজয়বল্লভ একাকী বিপক্ষ-মণ্ডলে এরপে বেষ্টিত হইয়াছিলেন, যে তাহার প্রাণবিনাশের সম্পূর্ণ সম্ভাবনা ঘটিয়াছিল, সে দিবস কেবল চিরঞ্জীবের বুদ্ধি-কৌশলে ও সাহস্থাে তাহার প্রাণককা হয়। বিজয়বলভ, বাব পর নাই, প্রীত ও প্রদান হইয়া, তদবধি তাঁহার প্রতি প্রদ্র-বাংসলা প্রদর্শন করিতে লাগিলেন।

এই ঘটনার কিছু দিন প্রেন্ধ, জয়স্থলবাদী এক শ্রেষ্ঠী, অতুদ ঐথর্য এবং চন্দ্রপ্রভা ও বিলাদিনা নাম্মী হুই পরম স্কন্দরী কন্সা রাথিয়া, পরলোক যাত্রা করেন। মৃত্যুকালে তিনি অধিরাজ বিজয়বল্লভের হস্তে খীয় বিষয়ের ও কন্সাদিত্যের রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সমস্ত ভার প্রাদান করিয়া যান। বিজয়বল্লত শ্রেষ্ঠার জ্যেষ্ঠা কন্তা চন্দ্রপ্রভার সহিত চিরঞ্জীবের বিবাহ
দিলেন। চিরঞ্জীব, এই অসম্ভাবিত পরিণয় সংঘটন ছারা,
এককালে এক স্থরূপা কামিনীর পতি ও অভুল ঐশ্বর্য্যের অধিপতি হইলেন। এই রূপে তিনি, বিজয়বল্লভের স্নেহগুণে ও
অনুগ্রহ বলে, জয়স্থলে গণনীয় ব্যক্তি হইয়া উঠিলেন, এবং
স্বভাবসিদ্ধ দয়া, সৌজন্ত, ন্তায়পরতা ও অমায়িক ব্যবহার ছারা
সর্ব্যাধারণের স্নেহপাত্র ও সম্মানভাজন হইয়া, পরম স্থথে কাল
যাপন করিতে লাগিলেন।

চিরঞ্জীব অতি শৈশবকালে পিতা, মাতা ও জাতার সহিত বিয়োজিত হইয়াছিলেন, তৎপরে আর কখনও তাঁহাদের কোনও দংবাদ পান নাই। সূতরাং, জগতে তাঁহার আপনার কেহ আছে বলিয়া কিছুমাত্র বোধ ছিল না। তিনি শৈশবকালের দকল কথাই ভুলিয়া গিয়াছিলেন; সমুদ্রে ময় হইয়াছিলেন, কোনও রূপে প্রাণরক্ষা হইয়াছে; কেবল এই বিয়য়টির অনতিপরিক্ষুট স্মরণ ছিল। জয়স্থলে তাঁহার আধিপত্যের নীমা ছিল না। যদি তিনি জানিতে পারিতেন, সোমদত্ত তাঁহার জন্মদাতা তাহা হইলে সোমদত্তকে, এক ক্ষণের জন্মেও, রাজদণ্ডে নিগ্রহণ্ডাগ করিতে হইত না।

যে দিবদ দোমদন্ত জয়স্থলে উপস্থিত হন, কনিষ্ঠ চিরঞ্জীবও সেই দিবদ, স্বকীয় পরিচারক কনিষ্ঠ কিঙ্কর সমভিব্যাহারে, তথায় উপনীত হইয়াছিলেন। তিনি, স্বীয় পিতার স্থায়, গ্লুত, বিচারালয়ে নীত ও রাজদণ্ডে নিগৃহীত হইতেন, তাহার সন্দেহ নাই। দৈবযোগে, এক বিদেশীয় বন্ধুর সহিত সাক্ষাৎ হওয়াতে, তিনি কহিলেন, বয়স্তা! তুমি এ দেশে আনিয়াছ কেন। কিছু দিন হইল, জয়স্থলে হেমকুটবাসীদিগের পক্ষে ভয়ানক নিয়ম প্রবর্ত্তিত হইয়াছে। ভূমি হেমকুটবাদী বলিয়া কোনও ক্রমে কাহারও নিকট পরিচয় দিও না। মলয়পুর তোমার জন্মন্থান, এবং দে স্থানে তোমাদের বহুবিস্তৃত বাণিজ্য আছে; কেই তোমায় জিজ্ঞানা করিলে, মলয়পুরবাদী বলিয়া পরিচয় দিবে। অত্রত্য লোকে তোমার প্রকৃত পরিচয় পাইলে, নিঃসন্দেহ তোমার প্রাণদণ্ড হইবেক। হেমকূটবাসী এক ব্লদ্ধ বণিক আজ জয়স্থলে আসিয়াছিলেন। অধিরাজের আদেশক্রমে, সুর্য্যদেবেব অস্তাচলচুড়ায় অধিরোহণ করিবার পূর্ব্বেই, তাঁহার প্রাণদণ্ড হইবেক। অতএব, যত ক্ষণ এখানে থাকিবে, নাবধানে চলিবে। আর আমার নিকট যাহা রাখিতে দিয়াছিলে, লও।

এই বলিয়া, তিনি স্বর্ণমূদ্রার একটি থলী চিরজীবের হস্তে প্রত্যর্পণ করিলেন। তিনি তাহা স্বকীয় পরিচারকের হস্তে দিয়া কহিলেন, কিন্ধর ! তুমি এই স্বর্ণমূদ্রা লইয়া পান্থনিবাসে প্রতি-গমন কর; অতি দাবধানে রাখিবে, কোনও ক্রমে কাহারও হস্তে দিবে না। এখনও আমাদের আহারের সময় হয় নাই, প্রায় এক ঘন্টা বিলম্ব আছে; এই সময় মধ্যে নগর দর্শন করিয়া, আমিও পান্থনিবাসে প্রতিগমন করিতেছি। তুমি যাও, আর দেরী করিও না। কিন্ধর যে আজ্ঞা বলিয়া প্রস্থান করিলে, চিরঞ্জীব সেই বৈদেশিক বন্ধুকে কহিলেন, বয়স্ত !
কিন্ধর আমার চিরসম্চর ও যার পর নাই বিশ্বাসভাজন। উহার
বিশেষ এক গুণ আছে; আমি যখন ছণ্ডাবনায় অভিভূত হই,
তখন ও পরিহাস করিয়া আমার চিত্তের অপেক্ষাকৃত সাচ্ছন্দা,
সম্পাদন করে। এক্ষণে চল, ছুই বন্ধুতে নগর দর্শন করিতে
যাই; তৎপরে উভয়ে পান্থনিবাসে এক সঙ্গে আহার আদি
করিব। তিনি কহিলেন, আজ এক বণিক আহারের নিমন্ত্রণ
করিয়াছেন, অবিলম্বে তদীয় আলয়ে যাইতে হইবেক। তাঁহার
নিকট আমার উপকারের প্রত্যাশা আছে। অতএব আমায়
মাপ কর, এখন আমি তোমার সঙ্গে যাইতে পারিব না; অপরাঙ্গে নিঃসন্দেহ সাক্ষাৎ করিব, এবং শয়নের সময় পর্যন্ত
তোমার নিকটে থাকিব। এই বলিয়া, সে ব্যক্তি বিদায় লইয়া
প্রস্থান করিলে, চিরঞ্জীব একাকী নগর দর্শনে নির্গত হইলেন।

জয়স্থলবাদী চিরঞ্জীব অতি প্রভ্যুমে গৃহ হইতে বহির্গত হইয়াছিলেন; আহারের সময় উপস্থিত হইল, তথাপি প্রতিগমন
করিলেন না। তাঁহার গৃহিণী চক্রপ্রভা, অতিশয় উৎকণ্ঠিত
হইয়া, কিল্করকে আহ্বান করিয়া কহিলেন, দেখ, কিল্কর!
এত বেলা হইল, তথাপি তিনি গৃহে আদিতেছেন না। বোধ
করি, কোনও গুরুতর কার্য্যে আবদ্ধ হইয়াছেন, তাহাতেই
আহারের সময় পর্যন্ত ভুলিয়া গিয়াছেন। তুমি যাও, সহর
তাঁহাকে ডাকিয়া আন; দেখিও, যেন কোনও মতে বিলম্ব না
হয়; তাঁহার জত্যে সকলকার আহার বন্ধ। কিল্কর, যে আছেন

বলিয়া, তৎক্ষণাৎ প্রস্থান করিল, এবং কিয়ৎ ক্ষণ পরেই.
নগরদর্শনে ব্যাপ্ত হেমক্টবাদী চিরঞ্জীবকে দেখিতে পাইয়া,
স্বপ্রভুজ্ঞানে দত্তর গমনে তাঁহার দলিহিত হইতে লাগিল।

हित्रश्रीवयूगन ও किक्दतयूगन अन्यकारन स्वतं नर्वाररण धका-ক্রতি হইয়াছিলেন, এখনও তাহার। অবিকল দেইরূপ ছিলেন, বয়োরদ্ধি বা অবস্থাভেদ নিবন্ধন কোনও অংশে আরুতির কিছুমাত্র বিভিন্নতা ঘটে নাই। এক ব্যক্তিকে দেখিলে অপর ব্যক্তিজ্ঞান একান্ত অপরিহার্য্য। সূতরাং, হেমকূটবাদী চির-জীবকে দেখিয়া, জয়স্থলবাদী কিন্ধরের যেমন খীয় প্রস্তু বলিয়া বোধ জনিয়াছিল, জয়ন্থলবাদী কিন্ধর দরিহিত হইবামাত্র তাহাকে দেখিয়া, হেমকূটবাদী চিরঞ্জীবেরও তেমনই স্থীয় পরি-চারক বলিয়া বোধ জিনিল, সে যে তাহার মহচর কিঞ্কর নয়, তিনি তাহার কিছুমাত্র উপলব্ধি করিতে পারিলেন না। তদবুলারে, তিনি কিঙ্করকে জিজ্ঞাসিলেন, কি হে, তুমি এত সত্তব আসিলে কেন। সে কহিল, এত সত্তর আসিলে, কেমন; বরং এত বিলম্বে আদিলে কেন, বলুন। বেলা প্রায় ছুই প্রাহর হইল, আপনি এ পর্যান্ত গৃহে না যাওয়াতে, কত্রী ঠাকুরাণী অতিশয় উৎকৃষ্ঠিত হইয়াছেন। অনেক ক্ষণ আহার-নামগ্রী প্রস্তুত হইয়া রহিয়াছে এবং ক্রমে শীতল চইয়া বাই-তেছে। আহারদামগ্রী যত শীতল হইতেছে, কর্ত্রী ঠাকুরাণী তত উষ্ণ হইতেছেন। আহারদামগ্রী শীতল হইতেছে, কারণ আপনি গৃহে যান নাই; আপনি গৃহে যান নাই, কারণ আপন- কার কুধা নাই; আপনকার কুধা নাই, কারণ আপনি বিলক্ষণ জলযোগ করিয়াছেন; কিন্তু আপনকার অনুপস্থিতি জন্ত আমরা অনাহারে মারা পড়িতেছি।

এই সমস্ত কথা শুনিয়া, হেমকূটবাসী চিরঞ্জীব ভাবিলেন, পরিহানরদিক কিন্ধর কৌতুক করিতেছে। তথন তিনি কিঞ্চিৎ বিরক্তি প্রকাশ করিয়া কহিলেন, কিঙ্কর ! আমি এখন ভোমার পরিহানরনের অভিলাষী নহি; তোমার হল্তে যে স্বর্ণমূডা দিয়াছি, কাহার নিকট রাখিয়া আসিলে, বল। সে চকিত হইয়া কহিল, সে কি, আপনি স্বর্ণমুদ্রা আমার হল্তে কবে দিলেন; কেবল বুধবার দিন, চর্মকারকে দিবার জন্ম, চারি আনা দিয়াছিলেন, দেই দিনেই তাহাকে দিয়াছি, আমার নিকটে রাখি নাই; চর্ম্মকার কত্রী ঠাকুরাণীর ঘোড়ার সাজ মেরামত করিয়াছিল। শুনিয়া দাতিশ্য় কুপিত হইয়া, চিরঞীব কহিলেন, কিন্ধর ! এ পরিহাসের সময় নয়; যদি ভাল চাও, স্বর্ণমুত্রা কোথায় রাখিলে, বল। আমরা ঘটনাক্রমে এই নিতান্ত অপুরিচিত অবাশ্বব দেশে আসিয়াছি; কি সাহসে, কোন বিবেচনায়, তত স্বর্ণমূদ্রা অপরের হল্তে দিলে। কিন্কর কহিল, মহাশয়! আপুনি আহারে বুনিয়া প্রিহান করিবেন, আমরা আহলাদিত চিত্তে শুনিব। এখন আপনি গৃহে চলুন; কত্রী ঠাকুরাণী সত্ত্র আপনারে লইয়া যাইতে বলিয়া দিয়াছেন; বিলম্ব হইলে, কিংবা আপনারে না লইয়া গেলে, আমার লাগুনার দীমা থাকিবেক না; হয় ত, প্রহার পর্য্যন্ত হইয়া যাইবেক।

চিরজীব নিতান্ত অধৈর্যা হইয়া কহিলেন, কিল্কর ! তুমি বড় নিৰ্বোধ, যত আমায় ভাল লাগিতেছে না, তত্ই ভূমি পরিহাস করিতেছ; বারংবার বারণ করিতেছি, তথাপি কাস্ত হইতেছ না; দেখ, সময়ে সকলই ভাল লাগে; অসময়ে অমৃতও বিস্থাদ ও বিষত্ল্য বোধ হয়। যাহা হউক, আমি তোমার হল্ডে যে সমস্ত স্বর্ণমুদ্রা দিয়াছি, তাহা কোথায় রাখিলে, বল। কিঙ্কর কহিল, না মহাশয়! আপনি আমার হত্তে কখনই স্বর্ণ-মুদ্রা দেন নাই। তথন চিরঞ্জীব কহিলেন, কিল্কর! আঞ্চ তোমার কি হইয়াছে, বলিতে পারি না। পাগলামির চূড়ান্ত হইয়াছে, আর নয়, ক্ষান্ত হও। বল, স্বর্ণমুদ্রা কোথায় কাহার নিকটে রাখিয়া আদিলে। দে কহিল, মহাশয় ! এখন স্বর্ণমুজার কথা রাখুন। আমার হল্তে স্বর্ণমূদ্রা দিয়া থাকেন, পরে বুঝিয়া লইবেন; দে জন্মে আমার তত ভাবনা নাই। কিন্তু, কত্রী ঠাকুরাণী আজ কাল অতিশয় উগ্রচণ্ডা হইয়াছেন, তাঁহার ভয়েই আমি অন্থির হইতেছি। তিনি সম্বর আপনাকে বাদীতে লইয়া যাইতে বলিয়া দিয়াছেন। আপনারে লইয়ানা গেলে, আমার লাঞ্চনার একশেষ হইবেক। অতএব, বিনয় করিয়া বলিতেছি. সত্তর গৃহে চলুন। তিনি ও তাহার ভগিনী নিতান্ত আকুল চিত্তে আপনকার প্রতীক্ষা করিতেছেন।

এই দকল কথা গুনিয়া, কোপে কম্পান্বিতকলেবর হইয়া, চিরঞ্জীব কহিলেন, অরে ছুরাত্মন ! তুমি পুনঃ পুনঃ কর্ত্রী ঠাকুরাণীর নাম করিতেছ; তোমার কর্ত্রী ঠাকুরাণী কে, কিছুই বুঝিতে

পারিতেছি না। কিন্কর কহিল, কেন মহাশয়! আপনি কি জানেন না, আপনকার সহধর্মিণীকে আমরা সকলেই কত্রী ঠাকুরাণী বলিয়া থাকি; তিনি ভিন্ন আর কাহাকে কর্ত্রী ঠাকু-রাণী বলিব। তিনিই আমায় আপনাকে গৃহে লইয়া যাইবার নিমিত্ত পাঠাইয়াছেন। চলুন, আর বিলম্ব করিবেন না; আহারের সময় বহিয়া যাইতেছে। চিরঞ্জীব কহিলেন, নিঃসন্দেহ তোমার বুদ্ধিঅংশ ঘটিয়াছে, নতুবা উন্মাদএস্তের স্থায় কথা কহিতে না। আমি কবে কোন কামিনীর পাণিগ্রহণ করিয়াছি যে, ভুমি বারংবার আমার সহধর্মিণীর উল্লেখ করিতেছ। এখানে সামার বাটী কোথায় যে, স্মামায় বাটীতে লইয়া যাইবার জন্ম এত ব্যস্ত হইতেছ। কিঙ্কর শুনিয়া হাস্তমুথে কহিল, মহাশয়! যেরূপ দেখিতেছি, তাহাতে আপনারই বুদ্দিলংশ ঘটিয়াছে; আপুনিই উন্নাদ্গ্রন্তের স্থায় কথা কহিতেছেন। এ দকল কথা কত্রী ঠাকুরাণীর কর্ণগোচর হইলে, তিনি আপনাকে বিলক্ষণ শিক্ষা দিবেন; তখন, এখানে আপনকার বাটী আছে কি না এবং কখনও কোনও কামিনীর পাণিগ্রহণ করিয়াছেন কি না. অক্লেশে বুঝিতে পারিবেন। যাহা হউক, আপনি হঠাৎ কেমন করিয়া এমন রসিক হইয়া উঠিলেন, বলুন। চিরঞ্জীব, আর সহ ক্রিতে না পারিয়া, এই তোমার পাগলামির ফল ভোগ কর; এই বলিয়া, তাহাকে প্রহার করিতে আরম্ভ করিলেন। কিন্কর হতবুদ্ধি হইয়া কহিল, মহাশয় ! অকারণে প্রহার করেন কেন; আমি কি অপরাধ করিয়াছি। আপনকার ইচ্ছা হয়, বাদীতে যাইবেন, ইচ্ছা না হয়, না যাইবেন; ধাঁহার কথায় লইয়া যাইতে আদিয়াছিলাম, ভাঁহার নিকটেই চলিলাম।

ইহা কহিয়া কিন্কর প্রস্থান করিলে, চিরঞ্জীব মনে মনে এই আন্দোলন করিতে লাগিলেন, বোধ হয়, কোনও ধূর্ত্ত, কৌশল করিয়া, কিন্ধরের নিকট হইতে স্বর্ণমুদ্রাগুলি অপহরণ করিয়াছে, তাহাতেই ভয়ে উহার বুদ্ধিভংশ ঘটিয়াছে; নতুবা পূর্বাপর এত প্রলাপবাক্য উচ্চাচরণ করিবেক কেন; প্রকৃতিস্থ ব্যক্তি কখনও এরপ অসম্বন্ধ কথা কহে না, হয় ত, হতভাগ্য উন্মাদ-গ্রস্ত হইল। নকলে বলে, জয়স্থলে ঐক্সজালিকবিজা বিলক্ষণ প্রচলিত; এখানকার লোকে এরূপ প্রচ্ছন্ন বেশে চলে যে, উহাদিগকে কোনও মতে চিনিতে পারা যায় না; উহারা. ছুর্বিগাহ মায়াজাল বিস্তার করিয়া, বৈদেশিক লোকের ধনে প্রাণে উচ্ছেদ সাধন করে। শুনিতে পাই, এখানকার কামি-নীরা নিতান্ত মায়াবিনী: বৈদেশিক পুরুষদিগকে অনায়ানে মুগ্ধ করিয়া ফেলে; একবার মোহজালে বদ্ধ হইলে, আর নিস্তার নাই। আমি এখানে আসিয়া ভাল করি নাই, শীদ্র পলায়ন করাই বিধেয়। আর আমার নগরদর্শনের আমোদে কাজ নাই; পান্তনিবাদে যাই এবং যাহাতে অবিলম্বে এ স্থান হইতে প্রস্থান করিতে পারি, তাহার উত্যোগ করি। এখানে আর এক মুহূর্ত্তও থাকা উচিত নহে।

চিরঞ্জীব, এই বলিয়া, নগরদর্শনকৌতুকে বিসর্জ্জন দিয়া, আকুল মনে, সন্তর গমনে, পাহুনিবাস অভিমুখে প্রস্থান করিলেন।

দ্বিতীয় পরিচ্ছেদ।

কিন্তরকে পতি অম্বেমণে প্রেরণ করিয়া, চন্দ্রপ্রভা স্বীয় সংগ-महारक मञ्जायण कतिहा किहरू नागितन, विनामिनि ! रमथ. প্রায় চারি দণ্ড হইল, কিঙ্করকে তাঁহার অনুসন্ধানে পাঠাইয়াছি: না এ পর্যান্ত তিনিই আসিলেন, না কিন্করই ফিরিয়া আসিল; ইহার কারণ কি, কিছুই বুঝিতে পারিতেছি না। বিলাসিন কৃছিলেন, আমার বোধ হইতেছে, কোনও স্থানে নিমন্ত্রণ হইয়াছিল, অনুরোধ এড়াইতে না পারিয়া, তথার আহার করিয়াছেন। অতএব, আর তাঁহার প্রতীক্ষায় থাকিবার প্রােজন নাই; চল, আমরা আহার করি। বেলা অতিরিক্ত হইয়াছে, আর বিলম্ব করা উচিত নয়। আর, তোমায় একটি কথা বলি, তাঁহার আদিতে বিলম্ব হইলে, তুমি এত বিষয় ছও কেন এবং কি জন্মেই বা এত আক্ষেপ কর। পুরুষেরা সকল বিষয়ে সম্পূর্ণ স্বতন্ত্রেছ , স্ত্রীজাতিকে তাঁহাদের অনুবর্ত্তিনী হইয়া চলিতে হয়। পুরুষঙ্গাতির রোষ বা অসন্তোষ ভয়ে স্ত্রীজাতিকে যত সঙ্কুচিত ও সাবধান হইয়া সংসারধর্ম করিতে হয়; পুরুষজ্ঞাতিকে যদি সেরূপে চলিতে হইত, তাহা হইলে ন্ত্রীজাতির সৌভাগ্যের সীমা থাকিত না। স্ত্রীজাতি নিতান্ত পরাধীন, সুতরাং তাহাদিগকে অনেক সহু করিয়া কালহরণ করিতে হয়। তাছাদের অভিমান করা র্থা।

শুনিয়া, সাতিশয় রোষবশা হইয়া, চক্রপ্রভা কহিলেন, স্ত্রীজাতি অপেক্ষা পুরুষজাতির স্বাতত্র্য অধিক হইবেক কেন,
আমি তাহা বুঝিতে পারি না। বিবেচনা করিয়া দেখিলে, স্ত্রী
পুরুষ উভয় জাতিরই সমান স্বাতত্ত্ব্য আছে; সে বিষয়ে ইতরবিশেষ হইবার কোনও কারণ নাই। তিনি আপন ইচ্ছামতে
চলিবেন, আমি আপন ইচ্ছামতে চলিতে পারিব না, কেন।
বিলাসিনী কহিলেন, কারণ, তাঁহার ইচ্ছা তোমার ইচ্ছার বন্ধনশ্র্যালাম্বরূপ। চক্রপ্রভা কহিলেন, গো গর্দভ ব্যতিরিক্ত কে ওরূপ
শ্র্যালাম্বরূপ চক্রপ্রভা কহিলেন, গো গর্দভ ব্যতিরিক্ত কে ওরূপ
শ্র্যালাম্বরূপ উদ্ধৃত ভাবে কথা কহিতেছ। স্ত্রীজাতির অসঙ্গশ
স্বাতত্ত্ব্য অবলম্বন পরিণামে নিরতিশয় ব্রেশের কারণ হইয়া
উঠে। জলে, স্থলে, নভোমগুলে, যেখানে দৃষ্টিপাত কর, স্ত্রীজাতির স্বাতত্ত্ব্য দেখিতে পাইবে না; কি জলচর, কি স্থলচর, কি
নভশ্বর, জীবমাত্রেই এই নিয়ম অনুসরণ করিয়া চলিয়া থাকে।

এই সকল কথা শুনিয়া, চন্দ্রপ্রভা কিয়ৎ ক্ষণ মৌনা্বলম্বন করিয়া রহিলেন; অনস্তর, সন্মিত বদনে পরিহাসবচনে কহিলেন, এই পরাধীনতার ভয়েই বুঝি তুমি বিবাহ করিতে চাও না। বিলাসিনীও হাস্পমুখে উত্তর দিলেন, হাঁ, ও এক কারণ বটে; তন্তিয়, বিবাহিত অবস্থায় অস্থবিধ নানা অস্থবিধা আছে। চন্দ্রপ্রভা কহিলেন, আমার বোধ হয়, তুমি, বিবাহিতা হইলে, পুরুষের আধিপত্য ও অত্যাচার অনায়াসে সহু করিতে পারিবে। বিলাসিনী কহিলেন, পুরুষের অভিপ্রায় বুঝিয়া চলা

বিলক্ষণ রূপে অভ্যাস না করিয়া, আমি বিবাহ করিব না। চফ্র-প্রভা শুনিয়া হাস্থমুখে কহিলেন, ভগিনি! যত অভ্যাস কর না কেন, কথনই অবিরক্ত চিত্তে সংসারধর্ম্ম নির্দাহ করিতে পারিবে না। পুরুষের পদে পদে অভ্যাচার; কত সহু করিবে, বল। ভূমি পুরুষের আচরণের বিষয় সবিশেষ জান না, এজন্ম ওরূপ কহিতেছ; যখন ঠেকিবে, তথন শিখিবে; এখন মুখে ওরূপ বলিলে কি হইবে। বিশেষতঃ, পরের বেলায় আমরা উপদেশ দিতে বিলক্ষণ পটু; আপনার বেলায় বুদ্দিজংশ ঘটে; তখন বিবেচনাও থাকে না, সহিষ্ণুতাও থাকে না। ভূমি এখন আমায় ধৈর্য্য অবলম্বন করিতে বলিতেছ; কিন্তু যদি কখনও বিবাহ কর, আমার মত অবস্থায় কত ধৈর্য্য অবলম্বন করিয়া চল, দেখিব।

উভয়ের এইরপ কথোপকথন হইতেছে, এমন সময়ে কিস্কর, বিষয় বদনে তাঁহাদের সম্মুখবর্তী হইল। চফ্রপ্রভা জিজ্ঞাসা করিলেন, কিস্কর! তুমি যে একাকী আদিলে; তোমার প্রভু কোথায়; তাঁহার দেখা পাইয়াছ কি না; কত ক্ষণে গৃহে আদিবেন, বলিলেন। কিস্কর কহিল, মা ঠাকুরাণি! আমার বলিতে শঙ্কা হইতেছে; কিন্তু না বলিলে নয়, এজন্ম বলিতেছি। আমি তাঁহাকে যেরপ দেখিলাম, তাহাতে আমার স্পষ্ট বোধ হইল, তাঁহার বুদ্ধিভংশ ঘটয়াছে; তাঁহাতে উন্মাদের সম্পূর্ণ লক্ষণ লক্ষিত হইতেছে। আমি কহিলাম, কর্ত্রী ঠাকুরাণীর আদেশে, আমি আপনাকে ডাকিতে আদিয়াছি, জরায় গৃহে চলুন, আহারের সময় বহিয়া যাইতেছে। তিনি আমায় দেখিয়া.

বিরক্তি প্রকাশ করিয়া, জিজ্ঞানা করিলেন, আমার স্বর্ণমুজা কোথায় রাখিয়া আদিলে। পরে, আমি যত গৃহে আদিতে বলি, তিনি ততই বিরক্ত হইতে লাগিলেন এবং আমার স্বর্ণমুজা কোথায়, বারংবার কেবল এই কথা বলিতে লাগিলেন। আমি কহিলাম, আপনি এ পর্যান্ত গৃহে না যাওয়াতে, কর্ত্রী ঠাকুয়াণী অভ্যন্ত উৎক্ষিত হইয়াছেন। তিনি সাতিশয় কুপিত হইয়া কহিলেন, ভুই কর্ত্রী ঠাকুরাণী কোথায় পাইলি; আমি তোর কর্ত্রী ঠাকুরাণীকে চিনি না; আমার স্বর্ণমুজা কোথায় রাথিলি, বল্।

এই কথা শুনিয়া, চকিত হইয়া, বিলাসিনী জিজ্ঞাসিলেন, কিন্ধর! এ কথা কে বলিল। কিন্ধর কহিল, কেন, আমার প্রভু বলিলেন; তিনি কহিলেন, আমার বাটী কোথায়, আমার দ্রী কোথায়, আমি কবে কাহাকে বিবাহ করিয়াছি যে কথায় কথায় আমার দ্রীর উল্লেখ করিতেছিস্। অবশেষে, কি কারণে বলিতে পারি না, কোধে অন্ধ হইয়া, আমায় প্রহার করিলেন। এই বলিয়া, সে স্বীয় কর্ণমূলে মুষ্টিপ্রহারের চিন্দু দেখাইতে লাগিল। চন্দ্রপ্রভা কহিলেন, তুমি পুনরায় যাও, এবং যেরূপে পার, তাঁহারে অবিলম্বে গৃহে লইয়া আইস। সে কহিল, আমি পুনরায় যাইব এবং পুনরায় মার খাইয়া গৃহে আসিব। বলিতে কি, আমি আর মার থাইতে পারিব না; আপনি আর কাহাকেও পাঠাইয়া দেন। শুনিয়া, সাতিশয় কুপিত হইয়া, চন্দ্রপ্রভা কহিলেন, যদি ভূমি না যাও, আমি ভোমায় বিলক্ষণ শিক্ষা দিব; যদি ভাল চাও, এখনই চলিয়া যাও। কিন্ধর

কহিল, আপনি প্রহার করিয়া এখান হইতে তাড়াইবেন, তিনি প্রহার করিয়া দেখান হইতে তাড়াইবেন; আমার উভয় সঙ্কট, কোনও দিকেই নিস্তার নাই।

এই বলিয়া সে চলিয়া গেলে পর, চন্দ্রপ্রভা ঈর্য্যাকষায়িত লোচনে সরোষ বচনে কহিতে লাগিলেন, বিলাসিনি! তোমার ভগিনীপতির কথা শুনিলে। এত ক্ষণ আমায় কত বুঝাইতেছিলে, এখন কি বল। শুনিলে ত, তাঁহার বাটী নাই, তাঁহার স্ত্রী নাই, তিনি বিবাহ করেন নাই। আমি কিন্ধরকে পাঠাইয়াছিলাম. অকারণে তাহাকে প্রহার করা আমার উপর অবজ্ঞা প্রদর্শন মাত্র। আমি ইদানীং তাঁহার চক্ষের শূল হইয়াছি। আমরা তাঁহার প্রতীক্ষায় এত বেলা পর্যান্ত অনাহারে রহিয়াছি, তিনি অক্তত্র আমোদ আহ্লাদে কাল কাটাইতেছেন। তুমি যা বল, এখন তাঁর উপর আমার বিলক্ষণ সন্দেহ হয়। আমি তাঁর নিকট কি অপরাধে অপরাধিনী হইয়াছি, বলিতে পারি না। আমি কিছ তত রূপহীন বা গুণহীন নই যে, তিনি আমায় এত ঘূণা করিতে পারেন। অথবা কার দোষ দিব, নকলই আমার অদ্প্রের দোষ।

ভগিনীর ভাব দর্শন করিয়া, বিলাসিনী কহিলেন, দিদি! ঈর্য্যা দ্রীলোকের অতি বিষম শক্র; ঈর্য্যার বশবর্তিনী হইলে, দ্রীজাতিকে যাবজ্জীবন ছঃখভাগিনী হইতে হয়; অতএব এরূপ শক্রকে অন্তঃকরণ হইতে একবারে অপসারিত কর। এই কথা শুনিয়া, যার পর নাই বিরক্ত হইয়া, চক্রপ্রভা কহিলেন, বিলাসিনি! ক্ষমা কর, আর তোমার আমায় বুঝাইতে হইবেক
না; এত অত্যাচার সহু করা আমার কর্ম্ম নয়। আমি তত
নিরভিমান হইতে পারিব না যে, তাঁহার এরপ আচরণ
দেখিয়াও, আমার মনে অসুখ জন্মিবেক না। ভাল, বল দেখি;
যদি আমার প্রতি পূর্বের মত অনুরাগ থাকিত, তিনি কি এত
ক্ষণ গৃহে আসিতেন না; না, অকারণে কিন্তরকে প্রহার
করিয়া বিদায় করিতেন। তুমি ত জান, আজ কত দিন হইল,
আমায় এক ছড়া হার গড়াইয়া দিবেন, বলিয়াছিলেন; সেই
অবধি আর কখনও তাঁহার মুখে হারের কথা শুনিয়াছ। বলিতে
কি, এত হতাদর হইয়া বাঁচা অপেক্ষা মরা ভাল। যেরপ
হইয়াছে, এবং উত্তরোত্র যেরপ হইবেক, তাহাতে আমার অদৃষ্টে
কত কষ্টভোগ আছে, বলিতে পারি না।

হেমকুটের চিরঞ্জীব, আকুল হৃদয়ে পান্থনিবাদে উপস্থিত হইয়া, তথাকার অধ্যক্ষকে কিস্করের কথা জিজ্ঞানা করিলেন, তিনি কহিলেন, প্রায় চারি দণ্ড হইল, সে এখানে আসিয়ছে। এবং আপনি তাহার হস্তে যে স্বর্ণমুজা দিয়াছিলেন, তাহা সিস্কুকে করয়া রাথিয়াছে। পরে, অনেক ক্ষণ প্রতীক্ষা করিয়া, বিলম্ব দেখিয়া, সে এইমাত্র আপনকার অস্বেষণে গেল। এই কথা শুনিয়া, সংশয়ায়ঢ় হইয়া, চিরঞ্জীব মনে মনে কহিতে লাগিলেন, অধ্যক্ষ যেরূপ বলিলেন, তাহাতে আমি স্বর্ণমুজা সহিত কিক্করকে আপণ হইতে বিদায় করিলে পর, তাহার সহিত আমার আর সাক্ষাৎ বা কথোপকথন হওয়া সম্ভব নহে।

কিন্তু সামি তাহার দহিত কথোপকথন করিয়াছি, এবং স্বশেষে প্রহার পর্যান্ত করিয়া তাড়াইয়া দিয়াছি। স্বধাক্ষ বলিতেছেন, নে এইমাত্র পান্থনিবাদ হইতে নির্গত হইয়াছে; এ কিরূপ হইল, কিছুই বুঝিতে পারিতেছি না। মনোমধ্যে এই স্থান্দোলন করিতেছেন, এমন দময়ে হেমকুটের কিঙ্কার তাঁহার দরিহিত হইল।

তাহাকে দেখিতে পাইবামাত্র, চিরঞ্জীব জিজ্ঞানা করিলেন, কেমন কিস্কর! তোমার পরিহানপ্রবৃত্তি নির্ভি পাইয়াছে, অথবা সেইরূপই রহিয়াছে। তুমি মার খাইতে বড় ভাল বাস, অতএব আমার ইচ্ছা, তুমি আর থানিক আমার সঙ্গে পরিহাস কর। কেমন, আজ আমি তোমার হস্তে স্বর্ণমুদ্রা দি নাই, তোমার কর্ত্রী ঠাকুরাণী আমায় লইয়া যাইবার জন্ত পাঠাইয়াছেন, জয়স্থলে আমার বাস। তোমার বুদ্ধিজংশ ঘটিয়াছে; নছুবা, পাগলের মৃত আমার জিজ্ঞানার উত্তর দিতে না। কিন্ধর শুনিয়া চকিত হইয়া কহিল, সে কি মহাশয়! আমি ক্থন আপনকার নিকট ও সকল কথা বলিলাম। চিরজীব কহিলেন, কিছু পূর্কো, বোধ হয় এখনও আধ ঘণ্টা হয় নাই। কিঙ্কর বিস্ময়াবিষ্ট হইয়া কহিল, আপনি স্বর্ণমুক্তার থলী আমার হস্তে দিয়া এখানে পাঠাইলে পর, কই আপনকার নঙ্গে ত আর আমার দেখা হয় নাই। চিরঞ্জীব অত্যন্ত কুপিত হইয়া কহিলেন, তুরাত্মন্! আর আমার লঙ্গে দেখা হয় নাই, বটে; তুমি বারং-বার বলিতে লাগিলে, আপনি আমার হস্তে স্বর্ণমুদ্রা দেন নাই, কত্রী ঠাকুর। বা আপনাকে লইয়া যাইতে পাঠাইয়াছেন, তিনি ও তাঁহার ভগিনী আপনকার অপেক্ষায় আহার করিতে পারিতে-ছেন না। পরিশেষে, দাতিশয় রোমাক্রান্ত হইয়া আমি তোমায় প্রহার করিলাম।

এই সমস্ত কথা শুনিয়া, হতবুদ্ধি হইয়া, কিন্ধর কিয়ৎ ক্ষণ স্তন্ধ হইয়া রহিল; অবশেষে, চিরঞ্জীব কৌতুক করিতেছেন বিবেচনা করিয়া কহিল, মহাশয়! এত দিনের পর, আপনকার যে পরিহাদে প্রান্ত হইয়াছে, ইহাতে আমি অত্যন্ত আহ্লাদিত হইলাম; কিন্তু, এ সময়ে এরূপ পরিহাদ করিতেছেন কেন, তাহার মর্ম্ম বুঝিতে পারিতেছি না; অনুগ্রহ করিয়া তাহার কারণ বলিলে, আমার দন্দেহ দূর হয়। চিরঞ্জীব কহিলেন. আমি পরিহাদ করিতেছি, না তুমি পরিহাদ করিতেছ; আজ তোমার ছুর্মাতি ঘটিয়াছে; তথন যৎপরোনান্তি বিরক্ত করিয়াছ, এখন আবার বলিতেছ, আমি পরিহাদ করিতেছি। এই তোমার ছুর্মাতির ফল ভোগ কর। এই বলিয়া, তিনি তাহাকে কোধভরে বিলক্ষণ প্রহার করিলেন।

এইরপে প্রহার প্রাপ্ত হইরা, কিঙ্কর কহিল, আমি কি অপরাধ করিরাছি যে আপনি আমায় এত প্রহার করিলেন। চিরঞ্জীব কহিলেন, তোমার কোনও অপরাধ নাই; সকল অপরাধ আমার। ভূত্যের সহিত প্রভুর যেরূপ ব্যবহার করা উচিত, তাহা না করিয়া, আমি যে তোমার সঙ্গে সৌহুতভাবে কথা কই, এবং সময়ে সময়ে তোমার পরিহাস শুনিতে ভাল বাদি, তাহাতেই তোমার এত আম্পুর্দ্ধা বাড়িয়াছে। তোমার সময় অসময় বিবেচনা নাই। যদি আমার নিকট পরিহাস করিবার ইচ্ছা থাকে, আমি কখন কি ভাবে থাকি, তাহা জান ও তদনুসারে চলিতে আরম্ভ কর; নতুবা প্রহার দ্বারা তোমার পরিহাসরোগের শান্তি করিব। কিন্ধর কহিল, আপনি প্রভু, প্রহার করিলেন, করুন; আমি দাস, অনায়াসে সহু করিলাম; কিন্তু কি কারণে প্রহার করিলেন, তাহা না বলিলে, কিছুতেই ছাড়িব নাই। চিরঞ্জীব, এই সময়ে, ঘুটি ভদ্র স্ত্রীলোককে তাঁহার দিকে আসিতে দেখিয়া, কহিলেন, অরে নির্দ্বোধ! স্থির হও, এখন আর ও সকল কথা কহিও না; ঘুটি ভদ্রবংশের স্ত্রীলোক, বোধ হয়, আমার নিকটেই আসিতেছেন।

জয়য়্থলের কিঙ্কর সত্বর প্রতিগমন না করাতে, চক্রপ্রশুভা,
নিতান্ত অধৈর্য্য হইয়া, ভগিনীকে সমভিব্যাহারে লইয়া, স্বীয়
পতি চিরঞ্জীবের অম্বেষণে নির্গত হইয়াছিলেন। ইতস্ততঃ অনেক
অনুসন্ধান করিয়া, পরিশেষে পান্থনিবাদে উপস্থিত হইয়া, তিনি
হেমকুটের চিরঞ্জীব ও কিঙ্করকে দেখিতে পাইলেন, এবং তাঁহাদিগকে জয়য়্থলের চিরঞ্জীব ও কিঙ্কর স্থির করিয়া, নিকটবর্তিনী
হইলেন। হেমকুটের চিরঞ্জীব, ইতিপূর্কেই, স্বীয় ভৃত্য কিঙ্করের
উপর অত্যন্ত কোপান্বিত হইয়াছিলেন; এক্ষণে বিলক্ষণ যত্ন
পাইলেন, তথাপি তদীয় উগ্রভাবের একবারে তিরোভাব হইল
না। চক্রপ্রভা, তাঁহার মুখের দিকে দৃষ্টি সঞ্চারণ করিয়া,
অভিমানভরে কহিতে লাগিলেন, নাথ! আমায় দেখিলেই
তোমার ভাবান্তর উপস্থিত হয়; তোমার বদনে রোষ ও

অসম্ভোষ বিলক্ষণ প্রকাশ পাইতেছে। যাহারে দেখিলে সুখোদয় হয়, তাহার নিকটে কিছু এ ভাব অবলম্বন কর না.। আমি এখন আর দে চক্রপ্রভা নই; তোমার পরিণীতা বনিতাও নই। পূর্বে, আমি কথা কহিলে, তোমার কর্ণে অমৃতবর্ষণ হইত; আমি দৃষ্টিপাত করিলে, তোমার নয়ন্যুগল প্রীতিরদে পরিপূর্ণ হইত; আমি স্পূর্শ করিলে, তোমার নর্বা শরীর পুল্কিত হইত; আমি হস্তে করিয়া না দিলে, উপাদেয় আহার-সামগ্রীও তোমার স্থসাদ বোধ হইত না। তখন আমা বই আর জানিতে না। আমি ক্ষণ কাল নয়নের অন্তরাল হইলে, দশ দিক শৃন্ত দেখিতে। এখন সে ব দিন গত হইয়াছে। কি কারণে এই বিদদুশ ভাবান্তর উপস্থিত হইল, বল। আমার নিতান্ত তোমাগত প্রাণ; তুমি বই এ সংসারে আমার আর কে আছে। তুমি এত নিদয় হইলে, আমি কেমন করিয়া ल्यां भारत कतिय। विलामिनीरक किछामा कत, हेमानीर আমি কেমন মনের স্থথে আছি। হুর্ভাবনায় শরীর শীর্ণ হইয়া ষাইতেছে। আমি স্পষ্ট দেখিতেছি, আমার উপর তোমার আর দে অরুরাগ নাই। যাহার ভাগ্য ভাল, এখন দে তোমার অবুরাগভাজন হইয়াছে। আমি দেখিয়া শুনিয়া জীবন্মত হইয়া আছি। দেখ, আর নিদয় হইও না, আমায় মন্মান্তিক যাতনা দিও না। বিবেচনা কর, কেবল আমিই যে যন্ত্রণা ভোগ করিব, এরূপ নহে; এ সকল কথা ব্যক্ত হইলে, ভূমিও ভদ্রনমাজে হেয় হইবে।

চন্দ্রপ্রভার আক্ষেপ ও অনুযোগ শ্রবণ করিয়া, হেস্কুট-বাদী চিরঞ্জীব হতবুদ্ধি হইলেন, এবং কি কারণে অপরিচিত ব্যক্তিকে পতি সম্ভাষণ, ও পতিক্লত অনুচিত আচরণের আরোপণ পূর্ব্বক ভর্মনা, করিতেছে, কিছুই নির্ণয় করিতে না পারিয়া, স্তব্ধ হইয়া রহিলেন। কিয়ৎ ক্ষণ পরে, কিছু বলা আবশ্যক, निजास सोनावलयन कतिया थाका विरिध्य नरह, धेर विरवहना করিয়া, তিনি বিস্ময়াকুল লোচনে মৃছু বচনে কহিলেন, অয়ি বরবর্ণিনি ৷ আমি বৈদেশিক ব্যক্তি, জয়স্থলে আমার বাস নয়; এই সর্কপ্রথম এ স্থানে আসিয়াছি, তাহাও চারি পাঁচ দণ্ডের অধিক নহে। ইহার পূর্বের, আমি আর কথনও তোমায় দেখি নাই। ভুমি আমায় লক্ষ্য করিয়া যে সকল কথা বলিলে, তাহার এক বর্ণও বুঝিতে পারিলাম না। বিলাসিনী ভনিয়া, আশ্চর্য্য জ্ঞান করিয়া, কহিলেন, ও কি হে, তুমি যে আমায় একবারে অবাক করিয়া দিলে; হঠাৎ তোমার মনের ভাব এত বিপরীত হইল কেন। যা হউক ভাই ! ইতিপূর্কে, আর কখনও দিদির উপর তোমার এ ভাব দেখি নাই। দিদির অপরাধ কি, আহারের সময় বহিয়া যায়, এজন্ম কিন্ধরকে ভোমায় ডাকিতে পাঠাইয়াছিলেন।

এই কথা বলিবামাত্র, চিরজীব কহিলেন, কিল্করকে ! কিল্করও চকিত হইয়া কহিল, কি আমাকে ! তখন চল্লপ্রভা কোপা-বিষ্ট হইয়া কহিলেন, হাঁ তোমাকে । তুমি উঁহার নিকট হইতে ফিরিয়া গিয়া বলিলে, তিনি প্রহার করিলেন; বলিলেন,

আমার বাটা নাই, আমার দ্রী নাই। এখন আবার, যেন কিছুই জান না, এইরপ ভান করিতেছ। চিরঞ্জীব শুনিয়া, ঈষৎ কুপিত হইয়া, কিঙ্করকে জিজ্ঞানিলেন, ভুমি কি এই দ্রীলোকের সহিত কথোপকথন করিয়াছিলে। যে কহিল, না মহাশয়! আমি উহার সঙ্গে কখন কথা কহিলাম; কথা কহা দূরে থাকুক, ইহার পূর্ব্বে আমি উহারে কখনও দেখি নাই। চিরঞ্জীব কহিলেন, ছুরাত্মনৃ! ভুমি মিথ্যা বলিতেছ; উনি যে সকল কথা বলিতেছেন, ভুমি আপণে গিয়া আমার নিকট অবিকল ঐ কথাগুলি বলিয়াছিলে। সে কহিল, না মহাশয়! আমি কখনও বলি নাই; জন্মাবছিলে আমি উহার সহিত কথা কই নাই। চিরঞ্জীব কহিলেন, তোমার সঙ্গে যদি দেখা ও কথা না হইবে, উনি কেমন করিয়া আমাদের নাম জানিলেন।

হেমকূটবাদী চিরঞ্জীবের ও কিন্ধরের কথোপকথন শুনিয়া,
চক্রপ্রভা যৎপরোনান্তি ক্ষুক্ত হইলেন, এবং চিরঞ্জীবকে, স্বীয়
পতি জয়স্থলবাদী চিরঞ্জীব জ্ঞানে দস্ভাষণ করিয়া, আক্ষেপ
বচনে কহিতে লাগিলেন, নাথ! যদিই আমার উপর বিরাগজন্মিয়া থাকে, চাকরের দঙ্গে ষড়্যন্ত করিয়া, এরূপে অপমান
করা উচিত নহে। আমি কি অপরাধ করিয়াছি যে এরূপ ছল
করিয়া আমার এত লাঞ্জনা করিতেছ। তুমি কখনই আমায়
পরিত্যাগ করিতে পারিবে না। তুমি যা ভাব না কেন, আমি
তোমা বই আর জানি না; যাবৎ এ দেহে প্রাণ থাকিবেক,
ভাবৎ আমি তোমার বই আর কারও নই। আমি জীবিত

থাকিতে, তুমি কখনও অন্তের হইতে পারিবে না। তুমি দিবাকর, আমি কমলিনী; তুমি শশধর, আমি কুমুদিনী; তুমি জলধর, আমি কোদামিনী। তুমি পরিত্যাগ করিতে চাহিলেও, আমি তোমায় ছাড়িব না। অতএব, আর কেন, গৃহে চল; কেন অনর্থক লোক হাসাইবে, বল।

এই সকল কথা শুনিয়া, চিরঞ্জীব মনে মনে কহিতে লাগি-লেন, এ কি দায় উপস্থিত! কেহ কথনও এমন বিপদে পড়ে না। এ ত পতিজ্ঞানে আমায় সম্ভাষণ করিতেছে। যেরূপ ভাবভঙ্গী দেখিতেছি, তাহাতে বৈদেশিক লোক পাইয়া পরি-হাস করিতেছে, সেরূপও প্রতীতি হইতেছে না। আকার প্রকার দেখিয়া স্পষ্ট বোধ হইতেছে, এ সন্ত্রান্ত লোকের কন্সা, দামাক্সা কামিনী নহে। আমি নিতান্ত অপরিচিত বৈদেশিক ব্যক্তি, আমাকে পতিজ্ঞানে সম্ভাষণ করে কেন। আমি কি নিদ্রিত অবস্থায় স্বপ্ন দেখিতেছি; অথবা, ভূতাবেশ বশতঃ আমার বুদ্দিভংশ ঘটিয়াছে, তাহাতেই এরূপ দেখিতেছি ও শুনি-তেছি। যাহা হউক, কোনও অনিণীত হেতু বশতঃ, আমার দর্শনশক্তির ও শ্রবণশক্তির সম্পূর্ণ বৈলক্ষণ্য ঘটিয়াছে, তাহার কিছুমাত্র সংশয় নাই। এখন কি উপায়ে এ দায় হইতে নিষ্কৃতি পাই।

এই সময়ে বিলাসিনী কিন্ধরকে কহিলেন, তুমি সত্তর বাদীতে গিয়া ভূত্যদিগকে সমস্ত প্রস্তুত করিতে বল, আমরা যাইবামাত্র আহার করিতে বসিব। তথন কিন্ধর, চিরঞ্জীবের দিকে দৃষ্টিপাত

করিয়া, অস্থির লোচনে আকুল বচনে কহিতে লাগিল, মহাশয় ! আপনি দ্বিশেষ না জানিয়া কোথায় আদিয়াছেন। এ বড় সহজ স্থান নহে। এখানকার সকলই মায়া, সকলই ইম্রজ্ঞাল। আমরা সহজে নিষ্কৃতি পাইব, বোধ হয় না। যে রঙ্গ দেখিতেছি, প্রাণ বাঁচাইয়া দেশে যাইব, আমার আর দে আশা নাই। এই মানবরূপিণী ঠাকুরাণীরা যেরূপ মায়াবিনী, তাহাতে ইহাদের হস্ত হইতে সহজে নিস্তার পাইব, মনে করিবেন না। কি অশুভ ক্ষণেই এ দেশে পদার্পণ করিয়াছিলেন। যেরূপ দেখিতেছি, ইঁহাদের মতের অনুবর্তী হইয়া না চলিলে, নিঃসংশয় প্রাণসংশয় ঘটিবেক। অতএব যাহা কর্ত্তব্য হয়, বিবেচনা করুন। কিঙ্করের এই সকল কথা শুনিয়া, অত্যন্ত বিরক্ত হইয়া, বিলাসিনী কহিলেন, অহে কিল্কর! তোমায় পরিহাসের অনেক কৌশল আইনে, তা আমরা বহু দিন অবধি জানি; আর তোমার নে বিষয়ে নৈপুণ্য দেখাইতে হইবেক না; আমরা বড় আপ্যাষিত হইরাছি। এক্ষণে ক্ষান্ত হও; যা বলি, তা শুন। শুনিয়া লাতিশয় শঙ্কিত হইয়া, কিঙ্কর চিরঞীবকে কহিল, মহাশয়! আমার বুদ্ধিলোপ হইরাছে, এখন কি করিবেন, করুন। চিরঞ্জীব কহিলেন, কেবল তোমার নয়, আমিও দেখিয়া শুনিয়া, তোমার মত, হতবুদ্ধি হইয়াছি। তথন চম্দ্রপ্রভা, চিরঞ্জীবের হল্তে ধরিয়া, আর কেন, গৃহে চল; চাকর মনিবে মন্ত্রণা করিয়া, আজ আমার যথেষ্ট লাঞ্ছনা করিলে। সময় অতীত হইয়া গিয়াছে, আর বিলম্বে কাজ নাই। তিনি তাঁহাকে এই বলিয়া বল পূর্বক গহে नहेशा हिनलन । हित्रश्रीत, अश्रकार्छ आकृष्टे लोट्डित श्रांश, নিতান্ত অনায়ত হইয়া, আপত্তি বা অনিচ্ছাপ্রদর্শন করিতে পারিলেন না। কিয়ৎ ক্ষণ পরে, বাটীতে উপস্থিত হইয়া, চন্দ্রপ্রভা কিরুরকে কহিলেন, দার রুদ্ধ করিয়া রাখ, যদি কেহ তোমার প্রভুর অনুসন্ধান করে, বলিবে, আজ তাঁহার সঙ্গে সাক্ষাৎ হইবে না; এবং যে কেন হউক না, কাহাকেও কোনও কারণে বাটীতে প্রবেশ করিতে দিবে না। অনস্তর, চিরঞ্জীবকে কহিলেন, নাথ! আজ আমি তোমায় আর বাড়ীর বাহির হইতে দিব मा; তোমার দক্ষে অনেক কথা আছে। চিরঞ্জীব, দেখিয়া ঋনিয়া হতবুদ্ধি হইয়া, মনে মনে কহিতে লাগিলেন, আজ আমার অদৃষ্টে এ কি ঘটিল। আমি পুথিবীতে আছি, কি স্বর্গে রহিয়াছি; নিদ্রিত আছি, কি জাগরিত রহিয়াছি; প্রকৃতিস্থ আছি, কি উন্মাদগ্রস্ত হইয়াছি; কিছুই বুঝিতে পারিতেছি না। এক্ষণে কি করি; অথবা ইহাদের অভিপ্রায়ের অনুবন্তী হইয়া চলি, ভাগ্যে যাহা আছে, তাহাই ঘটিবেক। তাহাকে বাণীর অভ্যন্তরে যাইতে দেখিয়া, কিঙ্কর কহিল, মহাশয়! আমি কি ছারদেশে বৃদিয়া থাকিব। চিরঞ্জীব কোনও উত্তর দিলেন না। চক্রপ্রভা কহিলেন, দেখিও যেন কেহ বাটীতে প্রবেশ করিতে না পায়। ইহার অন্তথা হইলে, আমি তোমার বংপরোনান্তি শান্তি করিব। এই বলিয়া, চিরঞ্জীবকে লইয়া তিনি অভ্যন্তরে প্রবেশ করিলেন।

তৃতীয় পরিচ্ছেদ।

জয়স্থলবাসী কিন্ধর, চন্দ্রপ্রভার আদেশ অনুসারে, দিতীয় বার স্বীয় প্রভুর অন্বেষণে নির্গত হইয়া, বস্থুপ্রিয় স্বর্ণকারের বিপণিতে তাঁহার দর্শন পাইল; এবং কহিল, মহাশয়! এখনও কি আপন-কার ক্ষুধা বোধ হয় নাই। সত্ত্বর বাটীতে চলুন; কত্রী ঠাকুরাণী আপনকার জন্ম অন্থির হইয়াছেন। আপনি, ইতিপূর্ব্বে দাক্ষাৎ-काल, यु नकल कथा विनयाहिएलन, এवर जकातल जामाय य প্রহার করিয়াছিলেন, আমি নে সমস্ত তাঁহার নিকটে বলিয়াছি। শুনিয়া বিশায়াপন্ন হইয়া, জয়ন্থলবাদী চিরঞ্জীব কহিলেন, আজ কখন তোমার সঙ্গে দেখা হইল, কখন বা তোমায় কি কথা বলিলাম, এবং কখনই বা তোমায় প্রহার করিলাম। সে যাগ হউক, গৃহিণীর নিকট কি কথা বলিয়াছ, বল। দে কহিল, কেন আপনি বলিয়াছিলেন, আমি কোথায় যাইব, আমার বাটী নাই, আমি বিবাহ করি নাই, আমার স্ত্রী নাই। এই সকল কথা আমি তাঁহার নিকটে বলিয়াছি। তৎপরে, তিনি পুনরায় আমায় আপনকার নিকটে পাঠাইলেন: বলিয়া দিলেন, যেরূপে পার, তাঁহাকে সম্বর বার্টাতে লইয়া আইস।

শুনিয়া, সাতিশার কুপিত হইয়া, চির্ঞীব কহিলেন, অরে পাপিষ্ঠ! তুমি কোথার এমন মাতলামি শিথিয়াছ; কতকগুলি কম্পিত কথা শুনাইরা অকারণে তাঁহার মনে কষ্ট দিয়াছ।

তোমার এক্লপ করিবার তাৎপর্য্য কি, বুঝিতে পারিতেছি না। আমার সঙ্গে দেখা নাই, অথচ আমার নাম করিয়া তুমি তাঁহার নিকট এই সকল কথা বলিয়াছ। কিন্ধর কহিল, আমি তাঁহাকে একটিও অলীক কথা শুনাই নাই; আপণে নাক্ষাৎকালে ষাহা বলিয়াছেন, ও যাহা করিয়াছেন, আমি তাহার অতিরিক্ত কিছুই বলি নাই। আপনি যখন যাহাতে সুবিধা দেখেন, তাহাই বলেন, তাহাই করেন। আপনি আমায় যে প্রহার করিয়াছেন, কর্ণমূলে তাহার চিহ্ন রহিয়াছে। এখন কি প্রহার পর্যান্ত অপলাপ করিতে চাহেন। চিরঞ্জীব ক্রোধে অধীর হইয়া কহিলেন. তোমায় আর কি বলিব, তুমি গর্দভ। কিন্তর কহিল, তাহার সন্দেহ কি, গর্দভ না হইলে, এত প্রহার সহু করিতে পারিব কেন। গৰ্দভ, প্রস্তুত হইলে, নিরুপায় হইয়া, পদপ্রহার করে; অতঃ-পর আমিও সেই পথ অবলম্বন করিব; তাহা হইলে, আপনি সতর্ক হইবেন, আর কথায় কথায় আমায় প্রহার করিতে চাহিবেন না।

চিরঞ্জীব, যৎপরোনান্তি বিরক্ত হইয়া, তাহার কথার আর উত্তর না দিয়া, বস্থুপ্রিয় স্থর্ণকারকে বলিলেন, দেখ, আমার গৃহ প্রতিগমনে বিলম্ব হইলে, গৃহিণী অত্যন্ত আক্ষেপ ও বিরক্তি প্রকাশ করেন, এবং নানা সন্দেহ করিয়া, আমার সহিত বিবাদ ও বাদানুবাদ করিয়া থাকেন। অত্যব্র, তুমি সঙ্গে চল; তাঁহার নিকটে বলিবে তাঁহার জন্মে যে হার গড়িতেছ, তাহা এই সময়ে প্রস্তুত হইবার কথা ছিল; প্রস্তুত হইলেই লইয়া যাইব, এই আশায় আমি তোমার বিপণিতে বিনয়াছিলাম; কিন্তু এ বেলা প্রস্তুত হইয়া উঠিল না; নায়ংকালে নিঃদদ্দেহ প্রস্তুত হইবেক এবং কল্য প্রাত্ত ভূমি তাঁহার নিকটে লইয়া যাইবে। তাঁহাকে এই কথা বলিয়া, নিমিহিত রত্মদত্ত শ্রেষ্ঠীকে কহিলেন, আপনিও চলুন, আজ সকলে এক সঙ্গে আহার করেন নাই। রত্মদত্ত ও বস্থুপ্রিয় সন্মত হইলেন; চিরঞ্জীব, উভয়কে সম্ভিব্যাহারে লইয়া, স্বীয় ভবনের অভিমুখে প্রস্থান করিলেন।

কিয়ৎ ক্ষণ পরে, বার্টার সন্নিরুপ্ত হইয়া, চিরঞ্জীব দেখিলেন, দার রুদ্ধ রহিয়াছে; তথন কিঙ্করকে কহিলেন, তুমি অএসর হইয়া, আমাদের পঁছছিবার পুর্মে, দ্বার খুলাইয়া রাখ। কিল্কর, সত্তর গমনে দারদেশে উপস্থিত হইয়া, অপরাপর ভূতাদিণের নাম গ্রহণ পূর্ব্বক দার খুলিয়া দিতে বলিল। চন্দ্রপ্রভার আদেশ অনুসারে হেমকূটবাসী কিঙ্কর ঐ সময়ে ছারবানের কার্য্য সম্পা-দ্ন করিতেছিল, দে কহিল, তুমি কে, কি জন্মে দার খুলিতে বলিতেছ; গৃহস্বামিনী যেরূপ অনুমতি দিয়াছেন, তাহাতে আমি কদাচ দার খুলিব না এবং কাহাকেও বাটীতে প্রবেশ করিতে দিব না। অতএব তুমি এখান হইতে চলিয়া যাও, আর ইচ্ছা হয়, রাস্তায় বদিয়া রোদন কর। এইরূপ উদ্ধৃত ও অবজ্ঞাপূর্ণ বাক্য শুনিয়া, জয়স্থলবাদী কিন্ধর কহিল, ভুই কে, কোথাকার লোক, তোর কেমন আচরণ; প্রভু পথে দাঁড়াইয়া রহিলেন, তুই দার খুলিয়া দিবি না। হেমকুটবাসী কিল্কর কহিল, তোমার প্রভুকে বল, তিনি যেথান হইতে আদিয়াছেন, সেই খানে ফিরিয়া যান। আমি কোনও ক্রমে তাঁহাকে এ বাটাতে প্রবেশ করিতে দিব না।

किइदात कथाय बात चूलिल ना प्रिया, ित्रकीय किहालन, কে ও, বাদীর ভিতরে কথা কও হে, শীঘ্র দার খুলিয়া দাও। পরিহাসপ্রিয় হেমকুটবাসী কিঙ্কর কহিল, আমি কখন দার খুলিয়া দিব, তাহা আমি আপনাকে পরে বলিব; আপনি কি জন্মে ছার খুলিতে বলিতেছেন, তাহা আমায় আগে বলুন। চিরঞ্জীব কহিলেন, আহারের জন্মে; আজ এ পর্য্যন্ত আমার আহার হয় নাই। কিঙ্কর কহিল, এখন এখানে আপনকার আহারের কোনও সুবিধা নাই; ইচ্ছা হয়, পরে কোনও সময়ে আসি-বেন। তথন চিরঞ্জীব কোপান্বিত হইয়া কহিলেন, ভূমি কে হে, যে আমায় আমার বাটাতে প্রবেশ করিতে দিতেছ না। কিঙ্কর কহিল, আমি এই সময়ের জন্ম দাররক্ষার ভার পাই-য়াছি, আমার নাম কিন্ধর। এই কথা শুনিয়া, জরস্থলবাদী কিল্বর কহিল, অরে হুরাত্মন্! তুই আমার নাম ও পদ উভয়ই, ष्मभ इत् कतियां हिम् ; यनि ভान চাহिम्, नीख बात धूनिया (न, প্রভু কত ক্ষণ পথে দাঁড়াইয়া থাকিবেন। হেমকূটবানী কিক্কর তথাপি দার খুলিয়া দিল না। তথন জয়স্থলবানী কিল্কর স্বীয় প্রভুকে কহিল, মহাশয়! আজ ভাল লক্ষণ দেখিতেছি না; সহজে ছার খুলিয়া দেয়, এরূপ বোধ হয় না। ধাকা মারিয়া ষার ভাঙ্গিয়া ফেলুন, আর কত ক্ষণ এমন করিয়া দাড়াইয়া থাকিবেন; বিশেষতঃ, আপনকার নিমন্ত্রিত এই ছুই মহাশ্য়ের অতিশয় কষ্ট হইতেছে।

এই সময়ে চন্দ্রপ্রভা অভ্যন্তর হইতে কহিলেন, কিন্ধর! ওরা সব কে. কি জন্মে দরজায় জমা হইয়া গোলযোগ করি-তেছে। হেমকটবাসী কিন্ধর কহিল, ঠাকুরাণি! গোলযোগের কথা কেন জিজ্ঞানা করেন; আপনাদের এই নগরটি উচ্ছ্যুল লোকে পরিপূর্ণ; এখানে গোলযোগের অপ্রভুল কি। চক্র-প্রভার স্বর শুনিতে পাইয়া, জয়স্থলবাদী চিরঞ্জীব কহিলেন, বলি, গিন্নি। আজকার এ কি কাগু। এই কথা শুনিবামাত্র, চক্ষপ্রভা কোপে শ্বলিত হইয়া কহিলেন, তুই কোথাকার হতভাগা, দর হয়ে যা, দরজার কাছে গোল করিস্না। লক্ষীছাড়ার আত্পদ্ধা দেখ না, রাস্তায় দাঁড়াইয়া আমায় গিল্লি বলিয়া বস্তাষণ ক্রিতেছে। জয়স্থলবাদী কিঙ্কর কহিল, মহাশয় ! বড় লজ্জার কথা, এঁরা তুজন দাঁড়াইয়া রহিলেন, আমরা দরজা খুলাইতে পারিলাম না। যাহাতে শীভ্র খুলিয়া দেয়, তাহার কোনও উপায় করুন। তথন চিরঞ্জীব কহিলেন, কিন্ধর। আমি দেখিয়া শুনিয়া এক বারে হতবুদ্ধি হইয়াছি, আজকার কাণ্ড কিছুই বুঝিতে পারি-তেছি না। তখন কিন্ধর কহিল, তবে আর বিলম্বে কাজ নাই, দরজা ভাঙ্গিয়া ফেলুন। চিরঞ্জীব কহিলেন, অতঃপর সেই পরামর্শই ভাল, দরজা ভাঙ্গা বই আর উপায় দেখিতেছি না। যেখানে পাও, সত্ত্রর ছুই তিন খান কুঠার লইয়া আইন। কিন্ধর যে আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ প্রস্থান করিল।

এই नगरत तज्जनल किरालन, महाभात ! रिथ्रा व्यवलक्षन कक्रन। কোনও ক্রমে দরজা ভাঙ্গা হইবেক না। যাহা দেখিলাম, যাহা শুনিলাম, তাহাতে কোধ সংবরণ করা সহজ নয়। রক্ত মাংসের শরীরে এত সহু হয় না। কিন্তু, সংসারী ব্যক্তিকে অনেক বিবেচনা করিয়া কাজ করিতে হয়। এখন আপনি ক্রোধভরে এক কর্ম করিবেন, কিন্ত কোধশান্তি হইলে, যার পর নাই অনুতাপগ্রন্ত হইবেন। অগ্র পশ্চাৎ না ভাবিয়া কোনও কর্ম্ম করা প্রামশ্সিদ্ধ নয়। যদি, এই দিবা দ্বিপ্রহরের সময়, আপনি দারভঙ্গে প্রার্ত হন, রাজপথবাহী সমস্ত লোক, সমবেত হইয়া, কত কুতর্ক উপস্থিত করিবেক। আপনকার কলঙ্ক রাখিবার স্থান থাকিবেক না। মানবজাতি নিরতিশয় কুৎসাপ্রিয়; লোকের কুৎস। করিবার নিমিত্ত, কত অমূলক গণ্পা কণ্পানা করে, এবং কল্পিত গল্পের আকর্ষণী শক্তি সম্পাদনের নিমিত্ত, উহাতে কত অলঙ্কার যোজনা করিয়া দেয়। যদি কোনও ব্যক্তির প্রশংসা করিবার সহস্র হেতু থাকে, অধিকাংশ লোকে ভুলিয়াও দে দিকে দৃষ্টিপাত করে না; কিন্তু কুৎনা করিবার অগুমাত্র দোপান পাইলে, মনের আমোদে সেই দিকে ধাবমান হয়। আপনি নিতান্ত অমায়িক; মনে ভাবেন, কখনও কাহারও অপকার করেন নাই, সাধ্য অনুসারে নকলের হিতচেষ্টা করিয়া থাকেন; স্নুতরাং কেহ আপনকার বিপক্ষ ও বিদ্বেষী নাই; নকলেই আপনকার আত্মীয় ও হিতৈষী। কিন্তু আপনকার সে সংস্কার সম্পূর্ণ জান্তিমূলক। আপনি প্রাণপণে বাঁহাদের

উপকার করিয়াছেন, এবং যে সকল ব্যক্তিকে আত্মীয় বলিয়া স্থির করিয়া রাখিয়াছেন, তাঁহাদের মধ্যে অধিকাংশই আপন-কার বিষম বিদ্বেষী। ঐ সকল ব্যক্তি আপনকার যার পর নাই কুৎসা করিয়া বেড়ান। কতকগুলি নিরপেক লোক আপনকার যথার্থ গুণগ্রাহী আছেন; তাঁহারা, আপনকার দ্য়া, সৌজক্ত প্রভৃতি দদ্গুণপরম্পর। দর্শনে মুগ্ধ হইয়া, মুক্ত কঠে প্রশংসা করিয়া থাকেন। আপনি অতি সামান্ত ব্যক্তি ছিলেন, এক্ষণে জয়স্থলে বিলক্ষণ মাননীয় ও প্রাশংসনীয় হইয়াছেন। এজন্ত, যে সকল লোক সচরাচর ভদ্র বলিয়া পরিগণিত হইয়া থাকেন. তাঁহাদের মধ্যে অধিকাংশ ব্যক্তিরই অন্তঃকরণ ঈর্যারনে সাতিশয় কলুষিত হইরা আছে। তাঁহারা আপনকার অনুষ্ঠিত কর্ম্মাত্রেরই এক এক অভিসন্ধি বহিষ্কৃত করেন; আপনি কোনও কর্ম্ম ধর্ম-বুদ্ধিতে করিয়া থাকেন, তাহা কোনও মতে প্রতিপন্ন হইতে দেন ্না। আমি অনেক বার অনেক হলে দেখিয়াছি, আপনকার অনুষ্ঠিত কর্ম সমুদয়ের উল্লেখ করিয়া কেহ প্রশংসা করিলে, তাঁহাদের নিতান্ত অনহ হয়; তাঁহারা তৎক্ষণাৎ তত্তৎ কর্মকে অসদভিসন্ধিপ্রয়োজিত বা স্বার্থানুসন্ধানমূলক বলিয়া প্রতিপন্ন করিবার চেষ্টা পান; অবশেষে, যাহা কথনও সম্ভব নয় এরূপ গল্প তুলিয়া, আপনকার নির্মান চরিতে কুৎসিত কলঙ্ক যোজনা করিয়া থাকেন। এমন স্থলে, কুৎসা করিবার এরপ সোপান পাইলে, ঐ সকল মহাত্মাদের আমোদের সীমা থাকিবেক না; তাঁহারা আপনারে একবারে নরকে নিক্ষিপ্ত করিবেন। আর, আমরা আপনকার গৃহিণীকে বিলক্ষণ জানি। তিনি নির্বোধ নহেন। তিনি যে, এ সময়ে দার রুদ্ধ করিয়া, আপনাকে বাটীতে প্রবেশ করিতে দিতেছেন না, অবগ্রুই ইহার বিশিষ্ট হেডু আছে; আপনি এখন তাহা জানেন না; পরে সাক্ষাৎ হইলে, তিনি অবগ্রুই আপনাকে বুঝাইয়া দিবেন। অতএব, আমার কথা শুনুন, আর এখানে দাড়াইয়া গোল করিবার প্রয়োজন নাই; চলুন, এ বেলা আমরা স্থানান্তরে গিয়া আহার করি। অপরাক্ষে একাকী আদিয়া, এই বিদৃশ ঘটনার কারণ অনুসন্ধান ক্রিবেন।

রত্নতের কথা শুনিয়া, চিরঞ্জীব কিয়ৎ ক্ষণ মৌনাবলয়ন করিয়া রহিলেন; অনন্তর কহিলেন, আপনি সংপরামর্শের কথাই বলিয়াছেন; ধৈর্য্য অবলয়ন করিয়া, এখান হইতে চলিয়া যাওয়াই সর্কাংশে শ্রেয়ঃকল্প বোধ হইতেছে। যাহা বলিলেন, আমার স্ত্রী কোনও ক্রমে নির্কোধ নহেন। কিন্তু তাঁহার একটি বিষম দোষ আছে। আমার বাদীতে আদিতে বিলম্ব হইলে, তিনি নিতান্ত অন্থির ও উন্মতপ্রায় হন, এবং মনে নানা কুতর্ক উপন্থিত করিয়া, অকারণে আমার সঙ্গে কলহ করেন। আজ বিশেষতঃ কিন্ধর তাঁহাকে অতিশয় রাগাইয়া দিয়াছে; তাহাত্রই এই অনর্থ উপন্থিত হইয়াছে, বুঝিতে পারিতেছি। অনন্তর, বন্ধপ্রিয়কে কহিলেন, বোধ করি, এত ক্ষণে হার প্রস্তুত হইয়াছে; তুমি অবিলম্বে বাদী প্রতিগমন কর; আমি অপরাজ্ঞার আবাদে থাকিব, হার লইয়া তথায় আমার সহিত

শাক্ষাৎ করিবে; দেখিও, যেন কোনও মতে বিলম্ব না হয়।

ঐ হার আমি তাঁহাকে দিব; তাহা হইলেই, গৃহিণী বিলক্ষণ

শিক্ষা পাইবেন, এবং আর কখনও আমার নঙ্গে এরূপ ব্যবহার

করিবেন না। বস্থুপ্রিয় কহিলেন, যত সত্তর পারি, হার লইয়া

শাক্ষাৎ করিতেছি। এই বলিয়া, তিনি দ্রুত পদে প্রস্থান করিলে,

চিরঞ্জীব ও রত্ত্বান্ত অভিপ্রেত স্থানে গমন করিলেন।

এ দিকে, আহারের সময়, হেমকুটবাসী চিরঞ্জীব প্রায়ই মৌনাবলম্বন করিয়া রহিলেন, চক্রপ্রভা বা বিলালিনীর কোনও কথার উত্তর দিলেন না; এবং কোথায় আনিয়াছি, কি করিতেছি, অবশেষেই বা কি বিপদে পড়িব, এই দুর্ভাবনায় অভিভূত হইয়া, ভাল রূপে আহারও করিতে পারিলেন মা। তাঁহার এই ভাব দেখিয়া, চন্দ্রপ্রভা স্থির করিলেন, তিনি তাঁহার প্রতি একবারেই নির্মান ও অনুরাগশৃন্ত হইয়াছেন। তদ-নুদারে, তিনি শিরে করাঘাত ও রোদন করিতে করিতে, গৃহাস্তরে প্রবেশ পূর্বক, ভূতলশায়িনী হইলেন। চিরঞ্জীব বাতিরিক্ত আর কেহ নেখানে নাই দেখিয়া, বিলাদিনী তাঁহাকে বুঝাইতে আরম্ভ করিলেন। তিনি কহিলেন, দেখ, ভাই। তুমি তাঁহার স্বামী নও, তিনি তোমার স্ত্রী নন, বারংবার যে এই সকল কথা বলিতেছ, ইহার কারণ কি। ভূমি এত বিরক্ত হইতে পার, আমি ত দিদির তেমন কোনও অপরাধ দেখিতেছি না। এই তোমাদের প্রণয়ের সময়, যাহাতে উত্তরোত্তর প্রণয়ের রৃদ্ধি হয়, উভয়েরই প্রাণপণে সেই চেষ্টা করা উচিত। প্রণয়-

ব্দ্ধনের কথা দূরে থাকুক, তুমি একবারে পরিণয়পর্য্যস্ত অপলাপ করিতেছ। যদি কেবল ঐশ্বর্যের অনুরোধে দিদির পাণিগ্রহণ করিয়া থাক, তাহা হইলে, দেই ঐশ্বর্য্যের অনুরোধেই দিদির প্রতি দয়া ও দৌজন্য প্রদর্শন করা উচিত। আজ ভোমার যেরপ ভাব দেখিতেছি, তাহাতে দিদির প্রতি ভোমার যে কিছুমাত্র দয়া বা মমতা আছে, এরূপ বোধ হয় না। তুমি আমার স্ত্রী নও, আমি তোমার পতি নই, আমি তোমার পাণিগ্রহণ করি নাই; বাটার সকল লোকের সমক্ষে, দিদির মুখের উপর, এ সকল কথা বলা অত্যন্ত অন্তায়। স্বামীর মুখে এরপ কথা শুনা অপেক্ষা স্ত্রীলোকের পক্ষে অধিকতর ক্লেশকর আর কিছুই নাই। বলিতে কি, আজ তুমি দিদির দঙ্গে নিতান্ত ইতরের ব্যবহার করিতেছ। যদি মনেও অনুরাগ না থাকে, মৌখিক প্রণয় ও দৌজন্য দেখাইবার হানি কি; তাহা হইলেও দিদির মন অনেক তুপ্ত থাকে। যা হউক, ভাই! আজ তুমি বড় চলাচলি করিলে। স্ত্রীপুরুষে এরূপ চলাচলি করা কেবল লোক হাদান মাত্র। তোমার আজকার আচরণ দেখিলে, তুমি যেন লে লোক নও, বোধ হয়। কি কারণে আজ এত বিরস বদনে রহিয়াছ, কিছুই বুঝিতে পারিতেছি না। মুখ দেখিলে বোধ হয়, তোমার অন্তঃকরণ ছুর্ভাবনায় অভিছত হইয়া আছে। এখন আমার কথা শুন, মরের ভিতরে গিয়া দিদিকে गास्त्रा कता विनाद, देखिशृत्वं यादा किছू विनासि, न শব পরিহাস মাত্র, তোমার মনের ভাব পরীকা ভিন্ন তাহার

আর কোনও অভিসন্ধি নাই। যদি ছুটা মিষ্ট কথা বলিলে ভাঁহার অভিমান দূর হয় ও খেদ নিবারণ হয়, তাহাতে তোমার আপত্তি কি।

বিলাদিনীর বচনবিন্যাদ শ্রবণ করিয়া, হেমকূটবাদী চিরঞ্জীব কহিলেন, অয়ি চারুশীলে! আমি দেখিয়া শুনিয়া এককালে হতজ্ঞান হইয়াছি; আমার বুদ্ধিকূর্ত্তি বা বাঙ্নিপতি হইতেছে না। তোমার কথার কি উত্তর দিব, ভাবিয়া স্থির করিতে পারিতেছি না। তুমি, যে পথে প্রব্নত করিবার নিমিন্ত, এত ক্ষণ আমায় উপদেশ দিলে, আমি নে পথের পথিক নই; প্রাণা-ন্তেও তাহাতে প্রব্নত হইতে পারিব না। তোমরা দেবী কি মানবী, আমি এ পর্য্যন্ত তাহা স্থির করিতে পারি নাই। यদি দেবযোনিসম্ভবা হও, আমায় স্বতন্ত্র বুদ্ধি ও স্বতন্ত্র প্রবৃত্তি দাও; তাহা হইলে, তোমাদের অভিপ্রায়ের অনুবর্ত্তী হইয়া চলিতে পারি; নতুবা, এখন আমার যেরূপ বুদ্ধি ও যেরূপ প্রার্থি আছে, তদনুসারে আমি কোনও ক্রমে পরকীয় মহিলার সংস্রবে যাইতে পারিব না। স্পষ্ট কথায় বলিতেছি, তোমার ভগিনী আমার পত্নী নহেন, আমি কখনও উঁহার পাণিগ্রহণ করি নাই। তিনি অধীরা হইয়া অঞা বিসর্জন করিতেছেন, সত্য বটে; কিন্তু তাঁহার খেদাপনয়নের নিমিত্তে তুমি এত ক্ষণ আমায় যে উপদেশ দিলে, আমি প্রাণান্তেও তদনুযায়ী কার্য্য করিতে পারিব না। আমি বিনয় করিয়া বলিতেছি, তুমি আর আমায় ওরূপ উপদেশ দিও না। যেরূপ শুনিতেছি, তাহাতে তিনি বিবা-

হিতা কামিনী। জানিয়া শুনিয়া কি রূপে অপকর্ম্মে প্রবৃত্ত হই বল। আমি অবিবাহিত পুরুষ। তুমিও অভাপি অবিবাহিতা আছু, বোধ হইতেছে। যদি তোমার অভিপ্রায় থাকে, ব্যক্ত কর; আমি তোমায় সহধর্মিণীভাবে পরিগ্রহ করিতে প্রস্তুত আছি; প্রতিজ্ঞা করিতেছি, পরস্পর যথাবিধি পরিণয়শৃত্বলে আবদ্ধ হুটলে, প্রাণপণে তোমার সম্ভোষ সম্পাদনে যতু করিব, এবং ষাবজ্জীবন তোমার মতের অনুবর্তী হইয়া চলিব। প্রেয়সি ! বলিতে কি, তোমার রূপ লাবণ্য দর্শনে ও বচনমাধরী প্রবণে আমার মন এত মোহিত হইয়াছে, যে তোমার সম্মতি হইলে আমি এই দণ্ডে তোমায় বিবাহ করি। বিলাসিনী শুনিয়া, চকিত হুইয়া, কহিলেন, আমি তোমার প্রেয়নী নই, দিদি তোমার প্রেয়নী, তাঁহারেই এই প্রিয়নস্কাষণ করা উচিত। চিরঞ্জীব কহি-লেন, যাহার প্রতি মনের অনুরাগ জন্মে, দেই প্রেয়দী; তোমার প্রতি আমার মন অনুরক্ত হইয়াছে, অতএব ভূমিই আমার প্রেয়নী; তোমার দিদির দঙ্গে আমার দম্পর্ক কি; তিনি আমার প্রেয়দী নহেন। এই কথা শুনিয়া বিলাদিনী কহিলেন, বলিতে কি, ভাই! তুমি যথাৰ্থই পাগল হয়েছ; নতুবা এমন কথা কেমন করিয়া মুখে আনিলে। ছি ছি! কি লজ্জার কথা; আর যেন কেহ ও কথা শুনে না। দিদি শুনিলে আত্মঘাতিনী হই-বেন। আমি দিদিকে ডাকিয়া দিতেছি; অতঃপর তিনি আপনার মামলা আপনি করুন। তোমার যে ভাব দেখিতেছি, প্রামি আর একাকিনী তোমার নিকটে থাকিব না।

এই বলিয়া, বিলাসিনী সেখান হইতে চলিয়া গেলেন। হেমকুটের চিরঞ্জীব, হতবুদ্ধি হইয়া, একাকী সেই স্থানে বিলয়া
ভাবিতে লাগিলেন।

এই সময়ে, হেমকূটবাসী কিল্কর, উদ্ধর্ঘাসে দৌড়িয়া, চির-ঞ্জীবের নিকটে উপস্থিত হইল, এবং আকুল বচনে কহিতে লাগিল, মহাশ্র! আমি বড় বিপদে পড়িয়াছি; রক্ষা করুন। চির-ঞীব কহিলেন, ব্যাপার কি বল। সে কহিল, এ বাটার কত্রী ঠাকুরাণী যেরূপ, পরিচারিণীগুলিও অবিকল সেই রূপ চরিত্রের লোক; কর্ত্রী ঠাকুরাণী যেমন আপনাকে পতি বলিয়া অধিকার ক্রিতে চাহেন, পাকশালায় যে প্রিচারিণী আছে, দে আমাকে দেইরূপ অধিকার করিতে চাহে। দে আমার নাম জানে. আমার শরীরের কোন স্থানে কি চিহ্ন আছে, সমুদয় জানে। দে কিরূপে এ সমস্ত জানিতে পারিল, ভাবিয়া কিছুই স্থির ক্রিতে পারিতেছি না। সে সহসা আমার নিকটে উপস্থিত इडेल, এবং প্রণয়সম্ভাষণ পূর্দ্মক কহিল, এখানে একাকী বসিয়া কি করিতেছ; পাকশালায় আইস, আমোদ আজ্ঞাদ করিব। দে এই বলিয়া, আমার হল্তে ধরিয়া, টানাটানি করিতে লাগিল। তাহার আকার প্রকার দেখিয়া, আমার মনে এমন ভয় জিমিল যে আমি কোনও ক্রমে তাহার প্রস্তাবে সম্মত হইলাম না। সে যেমন বিশ্রী, তেমনই স্থলকায় ও দীর্ঘাকার। আমি আপনকার নঙ্গে অনেক দেশ বেড়াইয়াছি, কিন্তু কথনও এমন ভয়ানক মূৰ্ছি দে । ব নাই; আমার বোধ হয়, দে রাক্ষনী, মানুষী নয়। আমি বমালয়ে ৰাইতে প্রস্তুত আছি, কিন্তু প্রাণান্তেও পাকশালায় প্রবিষ্ট হইতে পারিব না। অধিক কি বলিব, তাহার আকার প্রকার দেখিয়া, আমার শরীরের শোণিত শুক্ষ হইয়া গিয়াছে। আমি পাকশালায় যাইতে যত অসম্মত হইতে লাগিলাম, সে উত্তরোত্তর তত্তই উৎপীড়ন করিতে লাগিল। অবশেষে, পলাইয়া আপনকার নিকটে আসিয়াছি, যাহাতে আমি তাহার হস্ত হইতে নিস্তার পাই, তাহা করুন।

এই সমস্ত কথা শুনিয়া চিরঞ্জীব কহিলেন, কিঙ্কর ! আমি কি রূপে তোমার নিস্তার করিব, বল; আমার নিস্তার কে করে, ভাহার ঠিকানা নাই। এ দেশের সকলই অদুত কাগু। পাকশালার পরিচারিণী কিরূপে তোমার নাম ও শরীরগত চিহ্ন সকল জানিতে পারিল, কিছুই বুঝিতে পারিতেছি না। ষাহা হউক, সত্তর পলায়ন ব্যতিরেকে নিস্তারের পথ নাই। তুমি এক মুহুর্ভও বিলম্ব করিও না, এখনই চলিয়া বাও এবং অনুসন্ধান করিয়া জান, আজ কোনও জাহাজ এখান হইতে স্থানান্তরে ষাইতেছে কি না। তুমি এই সংবাদ লইয়া আপণে যাইবে, আমিও ইতিমধ্যে তথায় উপস্থিত হইতেছি। অথবা বিলম্বের প্রয়োজন কি, এখন এখানে কেহ নাই; এক সঙ্গেই পলায়ন করা ভাল। এই বলিয়া চিরঞ্জীব, কিল্কর সমভিব্যাহারে সেই ভবন হইতে বহিৰ্গত হইলেন, এবং তাহাকে অৰ্ণৰপোতের অনুসন্ধানে প্রেরণ করিয়া, দ্রুত পদে আপণ অভিমুখে প্রস্থান করিলেন। বস্থপ্রিয় স্বর্ণকার, জয়স্থলবাসী চিরঞ্জীবের আদেশ অনুসারে,

হার আনিতে গিয়াছিলেন। তিনি এই সময়ে হার লইয়া তাঁহার নিকটে যাইতেছিলেন; পথিমধ্যে হেমকুটবাদী চির-জীবকে দেখিতে পাইয়া, জয়য়লবানী চিরজীব বোধ করিয়া কহিলেন, এই যে চিরঞ্জীব বাবুর সহিত পথেই সাক্ষাৎ হইল। তিনি কহিলেন, হাঁ আমার নাম চিরঞীব বটে। বস্থুপ্রিয় কহি-লেন, আপনকার নাম আমি বিলক্ষণ জানি, আপনারে আর নে পরিচয় দিতে হইবেক না; এ নগরে আবালরদ্ধবমিতা সকলেই আপনকার নাম জানে। আমি হার আনিয়াছি, লউন। এই বলিয়া, দেই হার তিনি চিরঞ্জীবের হল্তে নমর্পণ করিলেন। চির্ঞীব জিজ্ঞানা করিলেন, আপনি আমায় এ হার দিতেছেন কেন; আমি হার লইয়া কি করিব। বস্থুপ্রিয় কহিলেন, সে কথা আমায় জিজ্ঞানা করিতেছেন কেন; আপনকার যাহা ইচ্ছা হয়, করিবেন; হার আপনকার আদেশে আপনকার জন্মে প্রস্তুত হইয়াছে। তিনি কহিলেন, কই, আমি ত আপনাকে হার গড়িতে বলি নাই। বসুপ্রিয় কহিলেন, সে কি মহাশয়! এক বার নয়, ছুই বার নয়, অন্ততঃ বিশ বার, আপনি আমায় এই হার গড়িতে বলিয়াছেন। কিঞ্চিৎ কাল পূর্কে এই হারের জন্ম আমার বার্টাতে অন্ততঃ তুই ঘণ্টাকাল বনিয়া ছিলেন এবং আধ ঘন্টা পূর্ব্বে আমায় এই হার লইয়া আপনকার দহিত দাক্ষাৎ করিতে বলিয়াছেন। নে যাহা হউক, এক্ষণে আমি অত্যন্ত ব্যস্ত আছি, পরিহান শুনিবার নময় নাই। আপনি হার লইয়া যান, আমি পরে দাক্ষাৎ করিব এবং হারের মূল্য লইয়া আদিব। তিনি কহিলেন, যদি নিতান্তই আমায় হার লইতে হয়, আপনি উহার মূল্য লউন; হয় ত, অতঃপর আর আপনি আমার দেখা পাইবেন না; সূতরাং এখন না লইলে, পরে আর হারের মূল্য পাওয়ার সম্ভাবনা নাই। বস্থুপ্রিয় কহিলেন, আমার সঙ্গে এত পরিহাস কেন।

এই বলিয়া, তিনি দ্রুত পদে প্রস্থান করিলেন। চিরঞ্জীব হার লইয়া ভাবিতে লাগিলেন, এ আবার এক অভুত কাণ্ড উপস্থিত হইল। এখানকার লোকের ভাব বুঝাই ভার। এ ব্যক্তির সহিত কন্মিন্ কালে আমার দেখা শুনা নাই, অথচ বহু মূল্যের হার আমার হস্তে দিয়া, চলিয়া গেল; মূল্য লইতে বলিলাম, তাহাও লইল না। এ কি ব্যাপার, কিছুই বুঝিতে পারিতেছি না। অথবা, এখানকার সকলই অভুত ব্যাপার। যাহা হউক, এখানে আর এক মূহুর্ভও থাকা বিধেয় নহে। জাহাজ হির হইলেই প্রস্থান করিব। সত্তর আপণে যাই; বোধ করি, কিন্ধর এত ক্ষণে সেখানে আসিয়াছে। এই বলিতে বলিতে, তিনি আপণ অভিমুখে প্রস্থান করিলেন।

চতুর্থ পরিচ্ছেদ।

বস্থুপ্রিয় স্বর্ণকার, এক বিদেশীয় বণিকের নিকট, পাঁচ শভ টাকা ধার লইয়াছিলেন। যে সময়ে পরিশোধ করিবার অঙ্গীকার ছিল, তাহা অতীত হইয়া যায়, তথাপি বণিক বসুপ্রিয়কে উৎপীড়ন করেন নাই। পরে, দুর দেশাস্তরে যাইবার প্রয়োজন হওয়াতে, তিনি টাকার জন্ম পীড়াপীড়ি করিতে আরম্ভ করেন। অবশেষে, অনায়াদে টাকা পাওয়া তুর্ঘট বিবেচনা করিয়া, এক জন রাজপুরুষ দঙ্গে লইয়া, তিনি বস্থপ্রিয়ের আলয়ে উপস্থিত হইলেন; এবং তাঁহাকে কহিলেন, আজ আমি এখান হইতে প্রস্থান করিব, সমুদায় আয়োজন হইয়াছে, জাহাজে আরোহণ कतिलारे रहा ; ता कारांटक गारेव, উरा मक्तांत প्राक्काल জয়স্থল হইতে চলিয়া যাইবে। আমি যে প্রয়োজনে যাইতেছি, তাহাতে সঙ্গে কিছু অধিক টাকা থাকা আবশ্যক। অতএব, षामात श्राभा होका छिल वश्रमहे मिए हरेएक; ना एन, আপনাকে এই রাজপুরুষের হস্তে সমর্পণ করিব। বস্থুপ্রিয় কহিলেন, টাকা দিতে আমার, এক মুহুর্ত্তের জন্মেও, অনিচ্ছা বা আপত্তি নাই। আপনি আমার নিকট যে টাকা পাইবেন, চিরঞ্জীব বাবুর নিকট আমার তদপেক্ষা অধিক টাকা পাওয়ানা আছে। তাঁহাকে এক ছড়া হার গড়িয়া দিয়াছি, তাঁহার সহিত সাক্ষাৎ হইলেই ঐ হারের মূল্য পাইব। অতএব, আপনি অনুগ্রহ করিয়া,

তাঁহার বাটী পর্যান্ত, আমার সঙ্গে চলুন; সেখানে যাইবা মাত্র আপনি টাকা পাইবেন। তিনি অগত্যা সম্মত হইলে, বস্থুপ্রিয় তাঁহাকে ও তাঁহার আনীত রাজপুরুষকে সমভিব্যাহারে করিয়া চিরঞ্জীবের আলয়ে চলিলেন।

জয়স্থলবাদী চিরঞ্জীব অপরাজিতার আবাদে আহার করিয়া-ছিলেন। তাঁহার হস্তে একটি অতি সুন্দর অঙ্গুরীয় ছিল; তিনি তদীয় অঙ্গুলি হইতে ঐ অঙ্গুরীয়টি খুলিয়া লয়েন, বলেন, আমি এটি আর ফিরিয়া দিব না; ইহার পরিবর্ত্তে আপনারে এক ছড়া নূতন হার দিব। হারের বর্ণনা শুনিয়া, অপরাজিত। দেখিলেন, অঙ্গুরীয় অপেক্ষা হারের মূল্য অন্ততঃ দশগুণ অধিক। এজন্য, তিনি এই বিনিময়ে সম্মত হইয়া, জিজ্ঞানা করেন. আমি হার কখন পাইব। চিরঞ্জীব কহিয়াছিলেন, স্বর্ণকারের দহিত অবধারিত কথা আছে, হার লইয়া তিনি অবিলম্বে এখানেই আনিবেন। আপনি চারি পাঁচ দণ্ডের মধ্যে হার পাইবেন। নির্দিষ্ট সময় অতীত হইয়া গেল. তথাপি স্বর্ণকার উপস্থিত হইলেন না। চিরঞ্জীব অতিশয় অপ্রতিভ হইলেন, এবং আমি স্বয়ং স্বর্ণকারের বাদীতে গিয়া হার আনিয়া দিতেছি. এই বলিয়া কিস্করকে সমভিব্যাহারে লইয়া প্রস্থান করিলেন।

কিয়ৎ দূর গমন করিয়া, চিরঞ্জীব কিঙ্করকে কহিলেন, দেখ ! আজ গৃহিণী যে আমায় বার্টাতে প্রবেশ করিতে দেন নাই, তাহার পুরস্কারম্বরূপ, হারের পরিবর্ত্তে, তাঁহাকে একগাছা মোটা দুড়ী দিব ; তিনি ও তাঁহার মন্ত্রিণীরা ঐরূপ হার পাইবারই উপযুক্ত পাত্র। তুমি ঐ রূপ দড়ী সংগ্রহ করিয়া রাখিবে, এবং আমি বাটীতে হাইবা মাত্র আমার হস্তে দিবে; দেখিও, যেন विनम्न इस ना। এই विनस्ता, तुष्कुकरस्त निभिन्न अविषि होका দিয়া, তিনি তাহাকে বিদায় করিতেছেন, এমন সময়ে স্বর্ণকার, বণিক ও রাজপুরুষ তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন। যথাকালে হার না পাওয়াতে, চিরঞ্জীব স্বর্ণকারের উপর অত্যন্ত বিরক্ত হইয়া ছিলেন, এক্ষণে তাঁহাকে দেখিতে পাইয়া. ভর্মনা করিয়া কহিতে লাগিলেন, তোমার বাক্যনিষ্ঠা দর্শনে আজ আমি বড় সম্ভুষ্ট হইয়াছি; তোমায় বারংবার বলিয়া দিলাম, এই সময় মধ্যে আমার নিকটে হার লইয়া যাইবে; না ভূমি গেলে, না হার পাঠাইলে, কিছুই করিলে না; এজস্ত আজ আমি বড় অপ্রস্তুত হইয়াছি; তোমার কথায় যে বিশ্বাস করে, তাহার ভদ্রস্থতা নাই। তুমি অতি অন্তায় করিয়াছ। এ পর্য্যস্ত তুমি না যাওয়াতে, আমি হারের জন্ম তোমার বাটী যাইতেছিলাম।

বস্থপ্রিয়, হেমক্টবাসী চিরঞ্জীবকে জয়স্থলবাসী চিরঞ্জীব জ্ঞান করিয়া, কিঞ্চিৎ কাল পূর্বেল তাঁহার হস্তে হার দিয়াছিলেন। স্থতরাং, প্রকৃত ব্যক্তিকে হার দিয়াছেন বলিয়া, তাঁহার সংস্কার ছিল। এজন্ম, তিনি কহিলেন, মহাশয়! এখন পরিহাস রাখুন; আপনকার হারের হিসাব প্রস্তুত করিয়া আনিয়াছি, দৃষ্টি করুন। এই বলিয়া, সেই হিসাবের কর্দ্দ তাঁহার হস্তে দিয়া, বস্থপ্রিয় কহিলেন, আপনকার নিকট আমার পাওয়ানা পাঁচ শত পঞ্চাশ টাকা। আমি এই বণিকের পাঁচ শত টাকা ধারি। ইনি অন্তই এখান হইতে প্রস্থান করিতেছেন। এত ক্ষণ কোন কালে জাহাজে চড়িতেন, কেবল এই টাকার জ্বন্তে যাইতে পারিতেছেন না। অতএব, আপনি হারের হিসাবে আমায় আপাততঃ পাঁচ শত টাকা দিউন।

তখন চিরঞ্জীব কহিলেন, আমার লঙ্গে কি টাকা আছে যে এখনই দিব। বিশেষতঃ, আমার কতকগুলি বরাত আছে, তাহা শেষ না করিয়াও বাটা যাইতে পারিব না। অতএব. ভূমি এই মহাশয়কে দঙ্গে করিয়া আমার বাটীতে যাও; আমার স্ত্রীর হন্তে হার দিয়া, আমার নাম করিয়া বলিলে, তিনি তৎ-क्रमा९ होका मिरवन; आत, त्वाध कति, आमिछ, अ नमस्य বাদীতে উপস্থিত হইতেছি। বসুপ্রিয় কহিলেন, হার আপন-কার নিকটে থাকুক, আপনিই ভাঁহাকে দিবেন। চিরঞ্জীব কহি-লেন, না, সে কথা ভাল নয়; হয় ত, আমি যথাসময়ে পঁছ-ছিতে পারিব না; অতএব, আপনিই হার লইয়া যান। তথন বমুপ্রিয় কহিলেন, হার কি আপনকার সঙ্গে আছে। চিরঞ্জীব চ্কিত হইয়া কহিলেন, ও কেমন কথা! তুমি কি আমায় হার দিয়াছ, যে হার আমার দক্ষে আছে কি না, জিজ্ঞানা করি-তেছ। বস্থপ্রির কহিলেন, মহাশয়! এ পরিহাসের সময় নয়, ইঁহার প্রস্থানের সময় বহিয়া যাইতেছে; আর বিলম্ব করা চলে না। অতএব, আমার হস্তে হার দেন। চিরঞ্জীব কহিলেন, ভূমি যে হারের বিষয়ে আমার নিকট অঙ্গীকার রক্ষা করিতে পার নাই, সেই দোষ ঢাকিবার জ্বস্তে বুঝি এই ছল করিতেছ। আমি কোথায় সে জন্মে তোমায় ভর্মনা করিব, মনে করি-য়াছি; না হইয়া ভূমি, কলহপ্রিয়া কামিনীব স্থায়, অগ্রেই তর্জ্জন গর্জ্জন আরম্ভ করিলে।

এই সময়ে, বণিক বস্থপ্রিয়কে কহিলেন, সময় অতীত হইয়া ষাইতেছে, আর আমি কোনও মতে বিলম্ব করিতে পারি না। তৃথন বস্থপ্রিয় চিরঞ্জীবকে কহিলেন, মহাশয়! শুনিলেন ত, উনি আর বিলম্ব করিতে পারেন না। চিরঞ্জীব কহিলেন, হার লইয়া আমার দ্রীর নিকটে গেলেই টাকা পাইবে। শুনিয়া, সাতিশয় বিরক্ত হইয়া, বস্থপ্রেয় কহিলেন, মহাশয়! আপনি কেমন কথা বলিতেছেন; কিঞ্চিৎ পূর্দ্ধে আমি আপনকার হস্তে হার দিয়াছি; আমার নিকটে আর কেমন করিয়া হার থাকিবেক। হয়, হার পাঠাইয়া দেন, নয় পত্র লিখিয়া দেন। এই কথা শুনিয়া, কিঞ্চিৎ কূপিত হইয়া, চিরঞ্জীব কহিলেন, তোমার কৌতৃক আর ভাল লাগিতেছে না; হার কেমন হইয়াছে, দেখাও।

উভয়ের এইরূপ বিবাদ দর্শনে ও বাদানুবাদ শ্রবণে, যার পর নাই বিরক্ত হইয়া, বণিক চিরঞ্জীবকে বলিলেন, আপনাদের বাক্চাতুরী আর আমার দছ হইতেছে না; আপনি টাকা দিবেন কি না, স্পষ্ট বলুন; যদি না দেন, আমি ইঁহাকে রাজপুরুষের হস্তে দমর্পণ করি। চিরঞ্জীব কহিলেন, আপনকার দঙ্গে আমার দম্পর্ক কি, যে আপনি এত রুঢ় ভাবে আমার দহিত আলাপ করিতেছেন। তখন বস্থপ্রিয় কহিলেন, আপনি হারের হিনাবে আমার টাকা ধারেন, সেই সম্পর্কে উনি এরপ আলাপ করিতেছেন। দে যাহা হউক, টাকা এই দণ্ডে দিবেন কি না, বলুন। চিরঞ্জীব কহিলেন, আমি যত,ক্ষণ হার না পাইতেছি, তোমায় এক কপর্দকও দিব না। বস্থুপ্রিয় কহিলেন, কেন, আমি আধ ঘণ্টা পূর্বের আপনকার হন্তে হার দিয়াছি। চিরঞ্জীব কহিলেন, তুমি কখনই আমায় হার দাও নাই। এরপ মিথ্যা অভিযোগ করা বড় অন্যায়। উহাতে আমার যথেষ্ঠ অনিষ্ঠ করা হইতেছে। বস্থুপ্রিয় কহিলেন, হার পাওয়া অপলাপ করিয়া, আপনি আমার অধিকতর অনিষ্ঠ করিতেছেন; চির কালের জন্ম আমার সম্ভ্রম যাইতেছে।

নত্ত্বর টাকা পাইবার কোনও নস্ভাবনা নাই, দেখিয়া, বণিক রাজপুরুষকে কহিলেন, আপনি ইহাকে অবরুদ্ধ করুন। রাজপুরুষ বস্থুপ্রিয়কে অবরুদ্ধ করিলে, তিনি চিরঞ্জীবকে কহিলেন, দেখুন, আপনকার দোষে চির কালের জন্তে আমার মান সম্রম যাইতেছে; আপনি টাকা দিয়া আমায় মুক্ত করুন; নতুবা আমিও আপনাকে এই দণ্ডে অবরুদ্ধ করাইব। শুনিয়া, নাতিশয় কুপিত হইয়া, চিরঞ্জীব কহিলেন, অরে নির্দ্ধোধ! আমি হার না পাইয়া টাকা দিব, কেন। তোমার সাহন হয়, আমায় অবরুদ্ধ করাও। তথন বস্থুপ্রিয় রাজপুরুষের হস্তে অবরোধনের খরচা দিয়া কহিলেন, দেখুন, ইনি আমার নিকট হইতে এক ছড়া বছমূল্য হার লইয়া মূল্য দিতেছেন না, অত-এব, আপনি ইহাকে অবরুদ্ধ করুন। সহোদরও যদি আমার

দঙ্গে এরূপ ব্যবহার করে, আমি তাহাকেও ক্ষমা করিডে পারি না। স্বর্ণকারের অভিপ্রায় বুঝিয়া, রাজপুরুষ চিরঞ্জীবকে অবরুদ্ধ করিলেন। চিরঞ্জীব কৃছিলেন, আমি যে পর্যান্ত টাকা জমা করিতে, বা জামীন দিতে, না পারিতেছি, তাবৎ আপন-কার অবরোধে থাকিব। এই বলিয়া, তিনি বস্থপ্রিয়কে ক্হিলেন, অবে ছুরাত্মন্! ভুমি যে অকারণে আমার অবমাননা করিলে, ভোমায় তাহার সম্পূর্ণ ফল ভোগ করিতে হইবেক; বোধ করি, এই দুর্রন্ততা অপরাধে তোমার সর্বন্ধান্ত হইবেক। বমুপ্রিয় কহিলেন, ভাল দেখা যাইবেক। জয়ন্থল নিতান্ত অরাজক স্থান নহে। যথন উভয়ে বিচারালয়ে উপস্থিত হইব: আপনকার সমস্ত গুণ এরূপে প্রকাশ করিব, যে আপনি আর লোকালয়ে মুখ দেখাইতে পারিবেন না। আপনি অধিরাজ বাহাছুরের প্রিয় পাত্র বলিয়া, এরূপ গর্বিত কথা কহিতেছেন। কিন্তু, তিনি যেরূপ স্থায়পরায়ণ, তাহাতে কথনই অস্থায় বিচার কবিবেন না।

হেমকূটবালী চিরঞ্জীব স্থীয় সহচর কিকরকে জাহাজের অনুসকানে পাঠাইয়াছিলেন। সমুদর ছির করিয়া, যার পর নাই
আজ্ঞাদিত চিতে, সে স্থীয় প্রভুকে এই সংবাদ দিতে যাইতেছিল, পথিমধ্যে জয়ন্থলবালী চিরঞ্জীবকে দেখিতে পাইয়া, স্থপ্রভু জ্ঞানে ভাঁহার সম্মুখবর্তী হইয়া কহিতে লাগিল, মহাশয়ঞ্
আর আমাদের ভাবনা নাই, মলয়পুরের এক জাহাজ পাওয়া
গিয়াছে; ভাহাতে আমাদের যাওয়ার সমুদ্র বন্দোবাজ করিয়া

আসিয়াছি। ঐ জাহাজ অবিলম্বে প্রস্থান করিবেক; অতএব. পান্থনিবানে চলুন, দ্রব্য সামগ্রী সমুদ্য় লইয়া, এ পাপিষ্ঠ স্থান इटें एक हिना यांटे। छनिया हित्रकीय करिएनन, व्यात निर्स्ताथ ! অরে পাগল! মলরপুরের জাহাজের কথা কি বলিতেছ। সে কহিল, কেন মহাশয়! আপনি কিঞ্চিৎ পূর্কে আমায় জাহাজের অনুসন্ধানে পাঠাইয়াছিলেন। চিরঞ্জীব কহিলেন, আমি তোমায় জাহাজের কথা বলি নাই, দড়ি কিনিতে পাঠাইয়াছিলাম। দে কহিল, না মহাশয়! আপনি দড়ি কিনিবার কথা কখন विलित, काराक पिथिए পार्शरेश हिलान। उथन हित्र श्रीव বৎপরোনান্তি বিরক্ত হইয়া কহিলেন, অরে পাপিষ্ঠ ! এখন আমি তোমার দঙ্গে এ বিষয়ের বিচার ও মীমাংদা করিতে পারি না: যখন সচ্ছন্দ চিত্তে থাকিব, তখন করিব, এবং যাহাতে উত্তরকালে আমার কথা মন দিয়া শুন, তাহাও ভাল করিয়া শিখাইয়া দিব। এখন সত্তর তুমি বাটা যাও, এই চাবিটি চক্রপ্রভার হল্ডে দিয়া বল, পাঁচ শত টাকার জন্ম আমি পথে অবরুদ্ধ হইয়াছি; আমার বাক্সের ভিতরে যে স্বর্ণমূজার থলী আছে, তাহা তোমা দ্বারা অবিলম্বে পাঠাইয়া দেন, তাহা इटेल जामि ज्वाताध हरेल मुक हरेत। जात मांडाहे ना, শীত্র চলিয়া যাও। এই বলিয়া, কিল্করকে বিদায় করিয়া, তিনি রাজপুরুষকে কহিলেন, অহে রাজপুরুষ! যত ক্ষণ টাকা না আনিতেছে, আমায় কারাগারে লইয়া চল। অনন্তর, তাঁহারা তিন জনে কারাগার অভিমুখে প্রস্থান করিলেন। কিন্তর মনে মনে কহিতে লাগিল, আমায় চফ্রপ্রভার নিকটে যাইতে বলিলন; স্বতরাং, আজ আমরা যে বাদীতে আহার করিয়াছিলাম, আমায় তথায় যাইতে হইবেক। পাকশালার পরিচারিণীর ভয়ে, দে বাদীতে প্রবেশ করিতে আমার সাহস
হইতেছে না। কিন্তু প্রভু যে অবস্থায় যে জন্তে আমায় পাঠাইতে্ছেন, না গেলে কোনও মতে চলিতেছে না। এই বলিতে
বলিতে, দে দেই বাদীর উদ্দেশে প্রস্থান করিল।

এ দিকে, বিলাসিনী, হেমকূটবাসী চিরঞ্জীবের সমক্ষ হইতে প্লাইয়া, চন্দ্রপ্রভার নিকটে উপস্থিত হইলেন, এবং চিরঞ্জীবের সহিত যেরূপ কথোপকথন হইয়াছিল, সবিশেষ সমস্ত শুনাই-লেন। চন্দ্রপ্রভা গুনিয়া কিয়ৎ ক্ষণ মৌনাবলম্বন করিয়া রহি-লেন; অনন্তর জিজ্ঞাসিলেন, বিলাসিনি! তিনি যে তোমার উপর অনুরাগ প্রকাশ, এবং পরিশেষে পরিণয় প্রস্থাব ও প্রলোভন বাক্য প্রয়োগ করিয়াছিলেন. তাহা কি তোমার বাস্তবিক বলিয়া বোধ হইল; আমার অনুভব হয়, তিনি পরিহাস করিয়াছেন। বিলাসিনী কহিলেন, না দিদি! পরিহাস নয়; আমার উপর তাঁহার যে বিলক্ষণ অনুরাগ জন্মিয়াছে. দে বিষয়ে আমার অণুমাত্র সংশয় নাই; অন্তঃকরণে প্রগাঢ় অনুরাগ নঞ্চার না হইলে, পুরুষদিগের নেরূপ ভাবভঙ্গী ও **त्रिक्त** कथा व्यानी इस ना। आभात मत्न पृष् विशास ना হইলে. কখনই তোমার নিকট এই কথার উল্লেখ করিতাম না। শুনিয়া, দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া, চক্রপ্রভা জিজ্ঞাসা

করিলেন, ভাল, তিনি কি কি কথা বলিলেন। বিলাদিনী কহিলেন, তিনি বলিলেন, তোমার দহিত তাঁহার কোনও দম্পর্ক নাই, তিনি তোমার পাণিগ্রহণ করেন নাই, তোমার উপর তাঁহার কিছুমাত্র অনুরাগ নাই, তিনি বৈদেশিক ব্যক্তি, ক্ষয়স্থলে তাঁহার বাদ নয়; পরে আমার উপর স্পষ্ট বাক্যে অনুরাগ প্রকাশ ও স্পষ্টতর বাক্যে পরিণয় প্রস্তাব করিলেন; অবশেষে, তাঁহার ভাবভঙ্গী দেখিয়া, ভয় পাইয়া, আমি পলাইয়া আদিলাম।

সমুদয় প্রবণ করিয়া, চক্রপ্রভা কহিলেন, বিলাসিনি!
তোমার মুখে যাহা শুনিলাম, তাহাতে এ জন্মে আর তাঁহার
সঙ্গে আলাপ করিতে হয় না। তিনি যে এমন নীচ প্রকৃতির
লোক, তাহা আমি এক বারও মনে করি নাই। কিন্তু আমার
মন কেমন, বলিতে পারি না। দেখ, তিনি কেমন মমতাশূস
হইয়াছেন, এবং কেমন নৃশংস ব্যবহার করিতেছেন; আমি
কিন্তু তাঁহার প্রতি সেরপ মমতাশূস হইতে বা সেরপ নৃশংস
ব্যবহার করিতে পারিতেছি না; এখনও আমার অনুরাগ
অধুমাত্র বিচলিত হইতেছে না। এই বলিয়া, চক্রপ্রভা খেদ
করিতে আরম্ভ করিলেন, বিলাসিনী প্রবোধবাক্যে সান্ত্রনা
করিতে লাগিলেন।

এই সমরে হেমকুটের কিঙ্কর তাঁহাদের নিকটবর্তী হইল।
তাহাকে দেখিয়া, জয়স্থলের কিঙ্কর বোধ করিয়া, বিলাসিনী
জিজ্ঞাসা করিলেন, কিঙ্কর ! তুমি হাঁপাইতেছ কেন। সে কহিল,

উৰ্দ্বখানে দৌড়িয়া আদিয়াছি, তাহাতেই হাঁপাইতেছি। বিলা-সিনী কহিলেন, তোমার প্রভু কোথায়, তিনি ভাল পাছেন ত। তোমার ভাব দেখিয়া ভয় হইতেছে; কেমন. কোনও অনিষ্টঘটনা হয় নাই ত। নে কহিল, তিনি রাজপুরুষের হল্তে সমর্পিত হইয়াছেন; নে ভাঁহারে অবরুদ্ধ করিয়া কারাগারে লইয়া যাইতেছে। শুনিয়া, ষৎপরোনান্তি ব্যাকুল হইয়া, চক্রপ্রভা কহিলেন, কিঙ্কর ! কাহার অভিযোগে তিনি অবরুদ্ধ হইলেন। নে কহিল, আমি তাহার কিছুই জানি না; আমায় এক কর্ম্মে পাঠাইয়াছিলেন; কর্ম্ম শেষ করিয়া তাঁহার দলিহিত হইবামাত্র, তিনি আমার হস্তে এই চাবিটি দিয়া আপনকার নিকটে আসিতে কহিলেন; বলিয়া দিলেন, তাঁহার বাক্সের মধ্যে একটি স্বর্ণমুজার থলী আছে, আপনি চাবি খুলিয়া তাহা বাহির করিয়া আমার হল্ডে দেন; ঐ টাকা দিলে, তিনি অবরোধ হইতে নিষ্কৃতি পাইবেন। শুনিবামাত্র, বিলাদিনী, চিরঞ্চীবের বাক্স হইতে স্বর্ণ-মুদ্রার থলী আনিয়া, কিঙ্কানের হস্তে সমর্পণ করিলেন এবং কহিলেন, অবিলম্বে ভোমার প্রভুকে বাটীতে লইয়া আদিবে। সে স্বর্ণমুদ্রা লইয়া দ্রুত পদে প্রস্থান করিল; তাঁহারা ছুই ভগিনীতে, দুর্ভাবনায় অভিভূত হইয়া, বিষম অসুখে কাল্যাপন করিতে লাগিলেন।

হেমকুটের চিরঞ্জীব, কিঙ্করকে জাহাজের অনুসন্ধানে প্রেরণ করিয়া বহু ক্ষণ পর্যান্ত, উৎস্কুক চিত্তে, তাহার প্রত্যাগমন প্রতীক্ষা করিলেন; এবং সমধিক বিলম্ব দর্শনে নিতান্ত ব্যাকুল হইয়া ভাবিতে লাগিলেন, কিঙ্করকে সত্বর সংবাদ আনিতে বলিয়া-ছিলাম, সে এখনও আদিল না, কেন। যে জন্মে পাঠাইয়াছি হয় ত তাহারই কোনও স্থিরতা করিতে পারে নাই, নয় ত পথিমধ্যে কোনও উৎপাতে পড়িয়াছে; নতুবা, যে বিষয়ের জন্ম গিয়াছে তাহাতে উপেক্ষা করিয়া, বিষয়ান্তরে আসক্ত হইবেক, এরূপ বোধ হয় না; কারণ, জয়স্থল হইতে পলাইনার নিমিত্ত দে আমা অপেক্ষাও ব্যপ্ত হইয়াছে। অতএব, পুনরায় কোনও উপদ্রব ঘটিয়াছে, সন্দেহ নাই। এ নগরের যে রঙ্গ দেখিতেছি, তাহাতে উপদ্রবঘটনার অপ্রতুল নাই। রাজপথে নির্গত হইলে, নকল লোকেই আমার নাম এহণ পূর্বাক সম্বোধন ও সংবর্দ্ধনা করে; অনেকেই চিরপরিচিত স্কুছদের স্থায় প্রিয় সম্ভাষণ করে; কেহ কেহ এরপ ভাব প্রকাশ করে, যেন আমি নিজ অর্থ দারা তাহাদের অনেক আনুকূল্য করিয়াছি, অথবা আমার সংায়তায় তাহারা বিপদ হইতে উদ্ধার লাভ করিয়াছে; কেহ কেহ আমায় টাকা দিতে উত্তত হয়; কেহ কেহ আহারের নিমন্ত্রণ করে; কেহ কেহ পরিবারের কুশল জিজ্ঞানা করে; কেহ কেহ কহে, আপনি যে দ্রব্যের জন্ম আদেশ করিয়াছিলেন তাহা সংগৃহীত হইয়াছে, আমার দোকানে গিয়া দেখিবেন, না বাটীতে পাঠাইয়া দিব; পান্থনিবাদে আদিবার নময়, এক দরজী, পীড়াপীড়ি করিয়া, দোকানে লইয়া গেল এবং আপনকার চাপকানের জন্ম এই গরদের থান আনিয়াছি বলিয়া, আমার গায়ের মাপ লইয়া ছাড়িয়া দিল; আবার, এক স্বর্ণকার, আমার হস্তে বহু মূল্যের হার দিয়া, মূল্য না লইয়া চলিয়া গেল। কেহই আমায় বৈদেশিক বিবেচনা করে না। আমি যেন জয়য়হলের এক জন গণনীয় ব্যক্তি। আরু মধ্যাহ্ন কালে ছই স্ত্রীলোক যে কাগু করিল, তাহা অদৃষ্টচর ও অশ্রুতপূর্ব্ব। এ স্থানে মাদৃশ বৈদেশিক ব্যক্তির কোনও ক্রমে ভদ্রস্থতা নাই। এখানকার ব্যাপার বুঝিয়া উঠা ভার। যদি আজ সদ্ধ্যার মধ্যে প্রস্থান করিতে পারি, তাহা হইলেই মঙ্গল। কিন্তু, কিঙ্কর কি জন্ম এত বিলম্ব করিতেছে। যাহা হউক, আর তাহার প্রতীক্ষায় থাকিলে চলে না; অস্বেষণ করিতে হইল।

এই বলিয়া, পান্থনিবাদ হইতে নির্গত হইয়া, চিরঞ্জীব রাজপথে অবতীর্ণ হইয়াছেন, এমন দময়ে, কিরুর দত্তর গমনে তাঁহার দিয়িছিত হইল, এবং কহিল, যে স্বর্ণমুদ্রা আনিবার জক্ত আমায় পাঠাইয়াছিলেন, তাহা এই। ইহা কহিয়া, দে স্বর্ণমুদ্রার থলী তাঁহার হস্তে দিল; এবং জিজ্ঞাদা করিল, আপনি কি রূপে সেই ভীয়ণমূর্ত্তি রাজপুরুষের হস্ত হইতে নিস্তার পাইলেন; দে যে বড় টাকা না পাইয়া ছাড়িয়া দিল। তিনি স্বর্ণমুদ্রা দর্শনে ও কিরুরের কথা প্রবণে বিন্ময়াপয় হইয়া কহিলেন, কিরুর এ স্বর্ণমুদ্রা কোথায় পাইলে এবং কি জন্মেই বা আমার হস্তে দিলে, বল; আমি ত তোমায় স্বর্ণমুদ্রা আনিবার জন্ম পাঠাই নাই। কিরুর কহিল, দে কি মহাশয়! রাজপুরুষ আপনারে কারাগারে লইয়া যাইতেছিল, এমন দময়ে আপনি, আমায় দেখিতে পাইয়া, আমার হস্তে একটি চাবি দিয়া কহিলেন, বাজের

মধ্যে পাঁচ শত টাকার স্বর্ণমুদ্রা আছে; চন্দ্রপ্রভার হস্তে এই চাবি দিলে, তিনি তাহা বহিষ্ণুত করিয়া তোমার হক্তে **मिर्टिन**; जुमि ऋण माज विलुख ना कतिया जामात निकटि আনিবে। তদুরুলারে, আমি এই স্বর্ণমুদ্রা আনিয়াছি। বোধ হয়, আপনকার স্মরণ আছে, আমরা মধ্যাহ্ন কালে যে স্ত্রী-লোকের বাটীতে আহার করিয়াছিলাম, ভাঁহার নাম চক্রপ্রভা। তিনি ও তাঁহার ভগিনী, অবরোধের কথা শুনিয়া, অত্যন্ত উদ্বিগ্ন হইয়াছেন, এবং দত্বর আপনারে লইয়। যাইতে বলিয়া-ছেন। এক্ষণে আপনকার যেরূপ অভিকৃচি। আমি কিন্তু প্রাণা-স্তেও আর দে বাটাতে প্রবেশ করিব না। আপনি বিপদে পড়িয়াছিলেন, কেবল এই অনুরোধে স্বর্ণমূদ্রা আনিতে গিয়া-ছিলাম। সে যাহা হউক, আপনি যে এই অবান্ধব দেশে সহজে রাজপুরুষের হস্ত হইতে নিক্ষৃতি পাইয়াছেন, ইহাতে আমি বড় আজ্ঞাদিত হইয়াছি। তদপেক্ষা অধিক আজ্ঞাদের বিষয় এই যে, এই এক উপলক্ষে পাঁচ শত টাকার স্থর্মুদ্রা অনায়াদে হস্তগত হইল।

এই সমস্ত কথা শুনিয়া, পরিহাসরিদক কিঙ্কর কৌতুক করি-তেছে ইহা ভাবিয়া, চিরঞ্জীব কহিলেন, অরে নরাধম ! আমি তোমায় যে জন্যে পাঠাইয়াছিলাম, তাহার কোনও কথা না বিলয়া, কেবল পাগলামি করিতেছ। এখান হইতে অবিলমে পলায়ন করাই শ্রেয়ঃ, এই পরামর্শ স্থির করিয়া, তোমায় জাহাজের অন্বেষণে পাঠাইয়াছিলাম। অতএব বল, আজ কোনও

জাহাজ জয়স্থল হইতে প্রস্থান করিবেক কি না, এবং তাহাতে আমাদের যাওয়া ঘটিবেক কি না। কিঙ্কর কহিল, সে কি মহা-শয়। আমি যে এক ঘণ্টা পূর্বের্ আপনাকে সে বিষয়ের সংবাদ দিয়াছি। তথন অবরোধের হঙ্গামে পডিয়াছিলেন; নে জস্তেই হউক, অস্তু কোনও কারণেই হউক, আপনি সে কথায় মনো-যোগ করিলেন না, বরং আমার উপর বিরক্ত হইয়া উঠিলেন। নতুবা, এত ঋণ আমরা দ্রব্যসামগ্রী লইয়া জাহাজে উঠিতে পারিতাম। কিঙ্করের কথা শুনিয়া. চিরঞ্জীব মনে মনে কহিতে লাগিলেন, হতভাগ্য বুদ্ধিভাষ্ট হইয়াছে, তাহাতেই পাগলের মৃত এত অসম্বদ্ধ কথা বলিতেছে; অধবা উহারই বা অপ-রাধ কি, আমিও ত স্থানমাহাত্মো অবিকল এরপ হইয়াছি। উভয়েরই ভুল্যরূপ বুদ্ধিভংশ ঘটিয়াছে, তাহার আর কোনও সন্দেহ নাই। তিনি মনে মনে এই সমস্ত আন্দোলন করিতে-ছেন, এমন সময়ে কিঙ্কর, একটি স্ত্রীলোককে আদিতে দেখিয়া, চকিত হইয়া, আকুল বচনে কহিল, মহাশয়। সাবধান হউন, ঐ দেখুন, আবার কে এক ঠাকুরাণী আসিতেছেন। উনি যাহাতে জাহারের লোভ দেখাইয়া, অথবা অন্ত কোনও ছলে বা কৌশলে जुलाहेश आमानिगरक नहेशा याहेरा ना शारतम, जांश करिन-বেন। পূর্ব্ব বাবে যেমন, পতিসম্ভাষণ করিয়া, হাত ধরিয়া, এক ঠাকুরাণী আপন বাটীতে লইয়া গেলেন, আপনি, একটিও कथा ना कश्या, छात्रत मज ठलिया शिलन, ध वात सन সেরপ না হয়।

জয়স্থলবানী চিরঞ্জীব, স্বীয় ভবনে প্রবেশ করিতে না পাইয়া, মধ্যাহ্নকালে অপরাজিতা নাম্মী যে কামিনীর বাটীতে আহার করিয়াছিলেন, তাঁহার অঙ্গুলি,হইতে একটি মনোহর অঙ্গুরীয় উন্মোচন করিয়া লয়েন, এবং দেই অঙ্গুরীয়ের বিনিময়ে, ভাঁহাকে বস্থুপ্রিয়নির্মিত মহামূল্য হার দিবার অঙ্গীকার করেন। হার যথাকালে উপস্থিত না হওয়াতে লজ্জিত হইয়া, তিনি স্থাং স্বর্ণকারের বিপণি হইতে হার আনয়ন করিতে যান। অপরা-জিতা, তাঁহার সমধিক বিলম্ব দর্শনে, তদীয় অম্বেষণে নির্গত হইয়া, কিয়ৎ ক্ষণ পরে হেমকূটবাসী চিরঞ্জীবকে দেখিতে পাই-লেন, এবং জয়স্থলবাদী চিরঞ্জীববোধে তাঁহার দলিহিত হইয়া কহিলেন, মহাশয়! আমায় যে হার দিবার অঙ্গীকার করিয়াছেন. আপনকার গলায় এ কি সেই হার। এ বেলা আমার বাটীতে আহার ক্রিতে হইবেক; আমি আপনাকে লইয়া যাইতে আনিয়াছি। এ আবার কোথাকার আপদ উপস্থিত হইল এই ভাবিয়া, চিরঞ্জীব রোষক্ষায়িত লোচনে সাতিশয় পরুষ বচনে কহিলেন, অরে মায়াবিনি! ভূমি দূর হও; তোমায় দতর্ক করিয়া দিতেছি, আমায় কোনও প্রকার প্রলোভন প্রদর্শন করিও না। কিঙ্কর, অত্যন্ত ব্যাকুল হইয়া, স্বীয় প্রভুকে সম্বোধন করিয়া কহিল, মহাশয়! সাবধান হইবেন, যেন এ রাক্ষসীর মায়ায় ভুলিয়া, উহার বাটীতে আহার করিতে না বান।

উভয়ের ভাব দর্শনে ও বাক্য শ্রবণে, অপরাজিতা, বিস্মিত না হইয়া, সন্মিত বদনে কহিলেন, মহাশয়! আপনি যেমন পরিহানপ্রিয়, আপনকার ভৃত্যটি আবার তদপেক্ষা অধিক। সে

যাহা হউক, এক্ষণে আমার বাটীতে যাইবেন কি না বলুন;

আমি আহারের সমৃদয় আয়োজন করিয়াছি। এই কথা শুনিয়া,

কিন্ধর কহিল, মহাশয়! আমি পুনরায় সাবধান করিতেছি,

আপনি কদাচ এই পিশাচীর মায়ায় ভুলিবেন না। তখন

চিরুঞ্জীব ক্রোধে অন্ধ হইয়া কহিলেন, অরে পাশীয়িদ! ভূমি

এই দণ্ডে এখান হইতে চলিয়া যাও। তোমার নঙ্গে আমার

কিনের সম্পর্ক যে ভূমি আমায় আহার করিতে ডাকিতেছ।

যেরপ দেখিতেছি, তাহাতে এখানকার স্ত্রীলোক মাত্রেই

ডাকিনী। স্পষ্ট কথায় বলিতেছি, যদি ভাল চাও, অবিলম্বে

আমার সম্মুথ হইতে চলিয়া যাও।

জরস্থলবাসী চিরঞ্জীবের সহিত এই স্ত্রীলোকের বিলক্ষণ সৌহত ছিল, তিনি যে তাঁহার প্রতি এবংবিধ অযুক্ত আচরণ করিবেন, ইহা স্বপ্নের অগোচর। চিরঞ্জীববাবুর নিকট এরপে অপমানিত হইলাম, এই ভাবিয়া, তিনি সাতিশয় রোষ ও অনস্থোষ প্রদর্শন পূর্বাক কহিলেন, এত কাল আপনাকে ছদ্র বলিয়া বোধ ছিল; কিন্তু আপনি যেমন ভদ্র, আজ তাহার সম্পূর্ণ পরিচয় পাইলাম। সে যাহা হউক, মধ্যাক্রে, আহারের সময়, আমার অঙ্গুলি হইতে যে অঙ্গুরীয় শ্ব্লিয়া লইয়াছেন, হয় তাহা ফিরিয়া দেন, নয় উহার বিনিময়ে যে হার দিবার অঙ্গীকার করিয়াছেন, তাহা দেন; ছয়ের এক পাইলেই আমি চলিয়া যাই; তৎপরে আর এ জন্মে আপনকার সহিত আলাপ করিব

না, এবং প্রাণান্ত ও সর্ক্ষান্ত হইলেও কোনও সংজ্ব রাখিব না। এই সকল কথা শুনিয়া কিন্ধর কহিল, অন্ত অন্ত ডাইন, ছাড়িবার সময়, কাঁটা, কুলো, শিল, নোড়া বা ছেঁড়া জুতা পাইলেই সন্তুষ্ট হইয়া বায়, এ দিব্যাঙ্গনা ডাইনটির অধিক লোভ দেখিতেছি; ইনি হয় হার, নয় আঙ্গটি, ছুয়ের একটি না পাইলে বাইবেন না। মহাশয়! সাবধান, কিছুই দিবেন না, দিলেই অনর্থপাত হইবেক। অপরাজিতা, কিন্ধরের কথার উত্তর না দিয়া, চিরঞ্জীবকে সম্বোধন করিয়া কহিলেন, মহাশয়! হয় হার, নয় আঙ্গটি দেন। বোধ করি, আমায় ঠকান আপনকার অভি-প্রেত নহে। চিরঞ্জীব উত্তরোত্তর অধিকতর কোপাবিষ্ট হইয়া কহিলেন, অরে ডাকিনি! দূর হও। এই বলিয়া, কিন্ধরকে

এইরপে তিরস্কৃত ও অপমানিত হইরা, অপরাজিতা কিয়ৎ ক্ষণ স্তক হইরা রহিলেন; অনন্তর মনে মনে কহিতে লাগিলেন, চিরঞ্জীববারু নিঃদন্দেহ উন্মাদগ্রস্ত হইরাছেন, নতুবা উঁহার আচরণ এরূপ বিদদ্শ হইবেক, কেন। চিরকাল আমরা উঁহাকে স্থশীল, স্থবোধ, দয়ালু ও অমায়িক লোক বলিয়া জানি; কেহ কখনও কোনও কারণে উঁহারে ক্রোধের বশীভূত হইতে দেখি নাই; আজ তাহার সম্পূর্ণ বিপরীত দেখিতেছি। উন্মাদ ব্যক্তিরেকে এরূপ লোকের এরূপ ভাবান্তর কোনও ক্রমে সন্তবেন। ইনি, বিনিময়ে হার দিবার অঙ্গীকার করিয়া, অঙ্গুরীয় লইয়াছেম; এখন, জামায় কিছুই দিতে চাহিতেছেন না। ইনি,

দহক অবস্থায়, এরপ করিবার লোক নহেন। মধ্যাহ্নকালে, আমার আলয়ে আহার করিবার সময় বলিয়াছিলেন, চক্রপ্রভা আজ উঁহাকে বাটাতে প্রবেশ, করিতে দেন নাই। তখন এ কথার ভাব বুঝিতে পারি নাই। এখন স্পষ্ট বোধ হইতেছে, উনি উন্মাদগ্রস্ত হইয়াছেন বলিয়াই, তিনি দার রুদ্ধ করিয়া রাখিয়াছিলেন। এখন আমি কি করি; অথবা উঁহার স্ত্রীর নিকটে গিয়া বলি, আপনকার স্বামী, উন্মাদগ্রস্ত হইয়া, মধ্যাহ্নকালে আমার বাটাতে প্রবেশ করিয়াছিলেন, এবং বল পূর্বাক আমার অঙ্গুরীয় লইয়া পলায়ন করিয়াছেনে। ইহা শুনিলে, তিনি অবশ্রুই আমার অঙ্গুরীয় প্রতিপ্রাপ্তির কোনও উপায় করিবেন। আমি অকারণে এক শত টাকা মূল্যের বস্ত হারাইতে পারি না। এই ছির করিয়া, তিনি চিরঞ্জীবের আলয় অভিমুখে প্রস্থান করিলেন।

জয়স্থলবাদী চিরঞ্জীব মনে করিয়াছিলেন, কিঙ্কর দত্বর স্বর্ণমুদ্রা আনয়ন করিবেক। কিন্তু বহু ক্ষণ পর্যান্ত দে না আদাতে,
তিনি অবরোধকারী রাজপুরুষকে কহিলেন, তুমি অকারণে
আমায় কপ্ত দিতেছ; যে টাকার জন্ত আমি অবরুদ্ধ হইয়াছি,
বাদী বাইবামাত্র তাহা দিতে পারি। অতএব, তুমি আমার দক্ষে
চল। আর, আমি যে কারাগার হইতে বহির্গত হইলে, পথে
ভোমার হাত ছাড়াইয়া পলাইব, দে আশহা করিও না। আমি
নিতান্ত দামান্ত লোকও নই, এবং তোমার অথবা অন্ত কোনও
রাজপুরুষের নিতান্ত অপরিচিতও নই। কিন্তুর টাকা না লইয়া

আসিবার ছই কারণ বোধ হইতেছে; প্রথম এই যে, আমি জয়ন্থলৈ কোনও কারণে অবরুদ্ধ হইব, আমার দ্রী সহজে তাহা বিশ্বাস করিবেন না; সূতরাং কিন্ধরের কথা শুনিয়া উপহাস করিয়াছেন। দ্বিতীয় এই যে, কি কারণে বলিতে পারি না, ভিনি আজ সম্পূর্ণ বিকলচিত হইয়া আছেন; হয় ত, তজ্জাস্ত কিন্ধরের কথিত বিষয়ে মনোযোগ দেন নাই। রাজপুরুষ সম্মৃত হইলেন। চিরঞ্জীর, তাঁহাকে সম্ভিব্যাহারে লইয়া, স্বীয় ভবন অভিমুখে প্রস্থান করিলেন।

কিয়ৎ দূর গমন করিয়া, কিঞ্চিৎ অন্তরে কিঙ্করকে দেখিতে পাইয়া, চিরঞ্জীব রাজপুরুষকে ক্ষহিলেন, ঐ আমার লোক আনিতেছে। ও টাকা সংগ্রহ করিয়া আদিয়াছে, তাহার সন্দেহ নাই। অতএব, আর ভোমায় আমার বাটী পর্যান্ত যাইতে इरेरबक ना। जल्ला करावत मरधारे किकत मसूयवर्जी इरेरल, তিনি জিজ্ঞাসা করিলেন, কেমন, কিল্কর! যে জন্তে পাঠাইয়া-ছিলাম, তাহা সংগ্রহ হইয়াছে কি না। সে কহিল, হাঁ মহাশয়! তাহা সংগ্রহ না করিয়া, আমি আপনকার নিকটে আদি নাই। এই বলিয়া, সে ক্রীত রচ্ছু তাঁহাকে দেখাইল। চিরঞ্জীব কহিলেন, বলি, টাকা কোথায়। সে কহিল, আর টাকা আমি কোথায় পাইব; আমার নিকটে যাহা ছিল, তাহা দিয়া এই দড়ী কিনিয়া আনিয়াছি। তিনি কহিলেন, এক গাছা দড়ী কিনিতে কি পাঁচ শত টাকা লাগিল। এখন পাগলামি ছাড়; বল, আমি ৰে জন্তে ভাড়াভাড়ি বাড়িতে পাঠাইলাম, ভাহার কি হইল। দে কহিল, আপনি আমায় দড়ী কিনিয়া বাড়ি ষাইতে বিলিয়াছিলেন; দড়ী কিনিয়াছি, এবং তাড়াতাড়ি বাড়ি যাইতেছি। চিরঞ্জীব, সাতিশয় কুপিত হইয়া, কিন্ধরকে প্রহার করিতে লাগিলেন। তাহা দেখিয়া সমভিব্যাহারী রাজপুরুষ চিরঞ্জীবকে কহিলেন, মহাশয়! এত অধৈর্য্য হইবেন না; সহিষ্ণুতা যে কত বৃড় গুণ, তাহা কি আপনি জানেন না। এই কথা শুনিয়া কিন্ধর কহিল, উহারে সহিষ্ণু হইবার উপদেশ দিবার প্রয়োজন কি। যে কষ্ট ভোগ করে, তাহারই সহিষ্ণুতা গুণ থাকা আবশ্যক; আমি প্রহারের কষ্ট ভোগ করিতেছি; আমায় বরং আপনি ঐ উপদেশ দেন। তখন রাজপুরুষ রোষ প্রদর্শন করিয়া কহিলেন, অরে পাপিষ্ঠ! যদি ভাল চাও, মুখ বন্ধ কর। কিন্ধর কহিল, আমায় মুখ বন্ধ করিতে বলা অপেক্ষা, উহাকে হাত বন্ধ করিতে বলিলে ভাল হয়।

এই সকল কথা শুনিয়া, যার পর নাই ক্রোধান্থিত হইয়া, চিরঞ্জীব কহিলেন, অরে অচেতন নরাধম! আর আমায় বিরক্ত করিও না। সে কহিল, আমি অচেতন হইলে, আমার পক্ষে ভাল হইত। যদি অচেতন হইতাম, আপনি প্রহার করিলে, কপ্ত অমুভব করিতাম না। তিনি কহিলেন, তুমি অস্থ সকল বিষয়ে অচেতন, কেবল প্রহার সহন বিষয়ে নহ; সে বিষয়ে তোমায় ও গর্দভে বিভেদ নাই। সে কহিল, আমি যে গর্দভ, তার সন্দেহ কি; গর্দভ না হইলে, আমার কান লম্বা হইবেক কেন। এই বলিয়া, রাজপুরুষকে সম্ভাষণ করিয়া, কিক্কর কহিল, মহাশ্র ! জ্মাবিধি

প্রাণপণে ইহার পরিচর্য্যা করিতেছি, কিন্তু কখনও প্রহার ভির অস্থ্য পুরস্কার পাই নাই। শীত বোধ হইলে, প্রহার করিয়া গরম করিয়া দেন; গরম বোধ হইলে, প্রহার করিয়া শীতল করিয়া দেন, নিজাবেশ হইলে, প্রহার করিয়া সঙ্গাগর করিয়া দেন; বিদিয়া থাকিলে, প্রহার করিয়া উঠাইয়া দেন; কোনও কাজে পাঠাইতে হইলে, প্রহার করিয়া বাটী হইতে বাহির করিয়া দেন; কার্য্য সমাধা করিয়া বাটীতে আসিলে, প্রহার করিয়া দেন; কার্য্য সমাধা করিয়া বাটীতে আসিলে, প্রহার করিয়া আমার সংবর্জনা করেন; কথায় কথায় কান ধরিয়া টানেন, তাহাতেই আমার কান এত লম্বা হইয়াছে। বলিতে কি, মহাশয়! কেহ কথনও এমন গুণের মনিব ও এমন স্থাথের চাকরি পায় নাই; আমি ইহার আশ্রয়ে পরম স্থাথে কাল কাটাইতেছি।

এই সময়ে চিরঞ্জীব দেখিতে পাইলেন, ভাঁহার সহধর্মিণী কতকগুলি লোক সঙ্গে লইয়া আসিতেছেন। তথন তিনি কিন্ধরকে কহিলেন, অরে বানর! আর তোমার পাগলামি করিতে হইবেক না। এখন এখান হইতে চলিয়া যাও; আমার গৃহিণী আসিতেছেন। কিন্ধর, তাঁহাকে দেখিতে পাইয়া, উচ্চৈঃ স্বরে কহিতে লাগিল, মা ঠাকুরানি! শীঘ্র আসুন; বাবু আজ্পাপনাকে বিলক্ষণ পুরস্কার দিবেন; হারের পরিবর্ত্তে এক রমণীয় উপহার পাইবেন। এই বলিয়া, হস্তস্থিত রজ্জু উল্লোলিত করিয়া, সে তাঁহাকে দেখাইতে লাগিল। চিরঞ্জীব, ক্রোধে অন্ধ্রহয়া, তাহাকে প্রহার করিতে লাগিলেন।

অপরাজিতার মুখে চিরঞ্জীবের উন্মাদের সংবাদ পাইয়া,

যৎপরোনান্তি ব্যাকুল হইয়া, চন্দ্রপ্রভা বিভাধর নামক এক ব্যক্তিকে ডাকাইয়া আনেন। বিভাধর ঐ পাড়ার গুরুমহাশয় ছিল; কিন্তু অবসরকালে পাড়ায় পাড়ায় চিকিৎসা করিয়া বেড়াইত। অনেকে বিশ্বাস করিত, ভূতে পাইলে, কিংবা ডাইনে খাইলে, সে অনায়ানে প্রতিকার করিতে পারে; এজন্ম, সে নেই পল্লীর স্ত্রীলোকের ও ইতর লোকের নিকট বড় মাস্ত ও আদরণীয় ছিল। বিখ্যাত বিজ্ঞ বৈগ্য চিকিৎসা করিলেও. বিজ্ঞাধর না দেখিলে. তাহাদের মনের সন্তোষ হইত না। ফলতঃ, ঐ সকল লোকের নিকট বিজাধরের প্রতিপত্তির সীমা ছিল না। নে উপস্থিত হইলে, চন্দ্রপ্রভা, স্বামীর পীড়ার রতান্ত কহিয়া, তাহার হস্তে ধরিয়া বলেন, তুমি সত্ত্বর তাঁহাকে সুস্থ ও প্রকৃতিস্থ করিরা দাও, তোমায় বিলক্ষণ পুরস্কার দিব। দে কহে, আপনি কোনও ভাবনা করিবেন না। আমি অনেক বিছা জানি; আমার পিতা মাতা, না বুঝিয়া, আমায় বিভাধর নাম দেন নাই। দে যাহা হউক, অবিলম্বে তাঁহাকে বাটাতে আনা স্মাবশ্যক। চলুন, আমি দঙ্গে যাইতেছি। কিন্তু, উন্মন্ত ব্যক্তিকে আনা সহজ ব্যাপার নহে; অতএব লোক সঙ্গে লইতে হইবেক। চক্রপ্রভা, পাঁচ সাত জন লোক সংগ্রহ করিয়া, বিভাধর, বিলাদিনী ও অপরাজিতাকে দঙ্গে লইরা, চিরঞ্জীবের অন্বেষণে নিৰ্গত হইয়াছিলেন।

যে সময়ে চিরঞ্জীব, ক্রোধে অধীর হইয়া, কিল্করকে প্রহার ও তিরস্কার ক্রিতেছিলেন, ঠিক সেই সময়ে চন্দ্রপ্রভা তাঁহার দমীপবর্ত্তিনী হইলেন। অপরাজিতা তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন, দেখ, তোমার স্বামী উন্মাদগ্রস্ত হইয়াছেন কি না। চক্রপ্রভা কহিলেন, উঁহার ব্যব্হার ও আকার প্রকার দেখিয়া, আমার আর সন্দেহ বোধ হইতেছে না। এই বলিয়া, তিনি বিভাধরকে কহিলেন, দেখ, তুমি অনেক মন্ত্র, অনেক ঔষধ, এবং চিকিৎসার অনেক কৌশল জান; এক্ষণে সত্তর উহারে প্রকৃতিন্থ কর; ভূমি যে পুরস্কার চাহিবে, আমি তাহাই দিয়া তোমায় সম্ভষ্ট করিব। বিলাসিনী সাতিশয় হুঃখিত ও বিষয় হইয়া কহিলেন, হায়! কোথা হইতে এমন দর্বনাশিয়া রোগ আদিয়া জুটিল; উঁহার দে আকার নাই, দে মুখঞী নাই; কখনও উঁহার এমন বিকট মূর্ত্তি দেখি নাই; উঁহার দিকে তাকা-ইতেও ভয় হইতেছে। বিভাধর চিরঞ্জীবকে কহিল, বাবু ! তোমার হাতটা দাও, নাড়ীর গতি কিরূপ, দেখিব। চিরঞ্জীব যৎপরোনান্তি কুপিত হইয়া কহিলেন, এই আমার হাত, তুমি কানটি বাড়াইয়া দাও। তথন বিভাধর স্থির করিল, চিরঞ্জীবের শরীরে ভূতাবেশ বশতঃ প্রকৃতির বৈলক্ষণ্য ঘটিয়াছে। তদ-নুসারে সে, ক্তিপর মন্ত্র পাঠ করিয়া, তাঁহার দেহণত ভূতকে সম্বোধিয়া কহিতে লাগিল, অরে ছুরাত্মনু পিশাচ! আমি তোরে আদেশ করিতেছি, অবিলম্বে উঁহার কলেবর হইতে নির্গত হইয়। স্বস্থানে প্রস্থান কর। চিরঞ্জীব শুনিয়া নিরতিশয় কোধভরে कहिलान, जात निर्दाध ! जात পां शिष्ठ ! जात जर्थ शिंगा ह ! চুপ কর, আমি পাগল হই নাই। গুনিয়া, ষার পর নাই ছুঃখিত হইয়া, চক্ষপ্রভা বাষ্পাকুল লোচনে অতি দীন বচনে কহিলেন, পূর্বেত তুমি এরপ ছিলে না; আমার নিতান্ত পোড়া কপাল বলিয়া, আজ অকন্মাৎ এই বিষ্ম রোগ কোথা হইতে তোমার শরীরে প্রবেশ করিয়াছে। চন্দ্রপ্রভার বাক্য প্রবণে, চির-জীবের কোপানল প্রন্থালিত হইয়া উঠিল। তিনি তাঁহাকে যথো-চিত ভর্বনা করিয়া কহিতে লাগিলেন, অরে পাপীয়নি! এই নরাধম, বুঝি, আজ কাল তোর অন্তরঙ্গ হইয়াছে। এই ছুরা-ত্মার দঙ্গে আহার বিহারের আমোদে মত হইয়াই, বুঝি, দার রুদ্ধ করিয়া রাখিয়াছিলি, এবং আমায় বাদীতে প্রবেশ করিতে দিস নাই। শুনিয়া, চক্রপ্রভা চকিত হইয়া কহিলেন, ও কেমন কথা বলিতেছ; তোমার আসিতে কিছু বিলম্ব হইয়াছিল বটে; তার পরে ত সকলে এক সঙ্গে আহার করিয়াছি। তুমি আহা-রের পর বরাবর বাটীতে ছিলে; কিঞ্চিৎ কাল পূর্ব্বে. কাহাকেও কিছু না বলিয়া, চলিয়া আদিয়াছ। এখন কি কারণে আমায় ভর্মনা করিতেছ ও এরপ কুৎ্মিত কথা বলিতেছ, বুঝিতে পারিতেছি না।

এই কথা শুনিয়া, চিরঞ্জীব স্বীয় অনুচরকে জিজ্ঞানা করি-লেন, কি হে, কিঙ্কর ! আজ আমি কি মধ্যাহ্নকালে বাদীতে আহার করিয়াছি। সে কহিল, না মহাশয় ! আজ আপনি বাদীতে আহার করেন নাই। চিরঞ্জীব জিজ্ঞানিলেন, আমি আজ যখন আহার করিতে যাই, বাদীর দার ক্লদ্ধ ছিল কি না, এবং আমাকে বাদীতে প্রবেশ করিতে দিয়াছিল কি না। সে কহিল, আজ্ঞা, হাঁ, বাটার দ্বার রুদ্ধ করা ছিল, এবং আপনাকে প্রবেশ করিতে দেয় নাই। চিরঞ্জীব জিজ্ঞানিলেন, আছ্মা, উনি নিজে অভ্যন্তর হইতে স্থামাকে গালাগালি দিয়াছেন কিনা। নে কহিল, আজ্ঞা হাঁ, উনি অত্যন্ত কটুবাক্য বিলিয়াছিলেন। চিরঞ্জীব জিজ্ঞানিলেন, তৎপরে আমি, অবমানিত বোধ করিয়া, ক্রোধভরে দেখান হইতে চলিয়া ঘাই কি না। দে কহিল, আজ্ঞা, হাঁ, তার পর আপনি ক্রোধভরে দেখান হইতে চলিয়া যান।

এই প্রশ্নোত্রপরস্পরা শ্রবণ করিয়া, চন্দ্রপ্রভা আক্ষেপ্রচনে কিঙ্করকে কহিলেন, তুমি বিলক্ষণ প্রভুতক্ত; প্রভুর বথার্থ হিত-চেষ্টা করিতেছ। যাহাতে উঁহার মনের শান্তি হয়, সে চেষ্টা না করিয়া, কেবল রাগর্দ্ধি করিয়া দিতেছ। বিভাধর কহিল, আপনি উহারে অস্থায় তিরস্কার করিতেছেন; ও অবিবেচনার কর্ম করিতেছে না। ও ব্যক্তি উঁহার রীতি ও প্রকৃতি বিলক্ষণ জানে। এরপ অবস্থায় চিত্তের অনুবর্ত্তন করিলে, যেরূপ উপ-কার দর্শে, অন্য কোনও উপায়ে নেরূপ হয় না। চিরঞ্জীব চন্দ্র-প্রভার দিকে দৃষ্টিপাত করিয়া কহিলেন, তুই স্বর্ণকারের সহিত যোগ দিয়া আমায় কয়েদ করাইয়াছিন; নতুবা স্বর্ণমুদ্রা পাঠা-ইলি না কেন। শুনিয়া, বিস্ময়াপন্ন হইয়া, চন্দ্রপ্রভা কহিলেন, নে কি নাথ! এমন কথা বলিও না; কিঙ্কর আসিয়া অব-রোধের উল্লেখ করিবামাত্র, আমি উহা দারা স্বর্ণমুদ্রা পাঠাইয়া দিয়াছি। কিন্ধর চকিত হইয়া কহিল, আমা দারা পাঠাইয়া-

ছেন ? আপনকার বাহা ইচ্ছা হইতেছে, তাহাই বলিতেছেন। এই বলিয়া সে চিরঞ্জীবকে কহিল, না মহাশয়! আমার হস্তে এক পয়সাও দেন নাই; আপনি উঁহার কথায় বিশ্বাস করিবনে না। তখন চিরঞ্জীব জিজ্ঞাসা করিলেন, তুমি কি স্বর্ণমূদ্রা আনিবার জন্ম উঁহার নিকটে বাও নাই? চক্রপ্রভা কহিলেন, ও আমার নিকটে গিয়াছিল, বিলাসিনী তদ্দতে উহার হস্তে স্বর্ণমূদ্রার থলী দিয়াছে। বিলাসিনীও কহিলেন, আমি স্বয়ং উহার হস্তে স্বর্ণমূদ্রার থলী দিয়াছি। তখন কিল্কর কহিল, পরমেশ্বর জানেন ও যে দড়ী বিক্রয় করে, সে জানে, আপনি দড়ী কেনা বই আজ আমায় আর কোনও কর্ম্মে পাঠান নাই।

এই সমস্ত কথোপকথন শ্রবণ করিয়া, বিভাধর চন্দ্রপ্রভাকে কহিল, দেখুন, প্রভু ও ভৃত্য উভয়েই ভূতাবিষ্ট হইয়াছেন, আমি উভয়ের চেহারা দেখিয়া স্পষ্ট বুঝিতে পারিতেছি। বন্ধন করিয়া অন্ধকারগৃহে রুদ্ধ করিয়া না রাখিলে, প্রতিকার হইবেক না। চন্দ্রপ্রভা সম্মতি প্রদান করিলেন। শুনিয়া কোপে কম্পনান হইয়া, চিরঞ্জীব কহিলেন, অরে মায়াবিনি! অরে তুম্চারিণি! তুই এত দিন আমায় এমন মুন্ধ করিয়া রাখিয়াছিলি, যে তোরে নিতান্ত পতিপ্রাণা কামিনী দ্বির করিয়া রাখিয়াছিলাম; এখন দেখিতেছি, তুই ভয়কর কালভুজ্জী; অসৎ অভিপ্রায় সাধনের নিমিত্ত, এই সকল তুরাচারদিগের সহিত মন্ত্রণা করিয়া, আমার প্রাণবধের চেষ্টা দেখিতেছিস, এবং উন্মাদ প্রচার করিয়া, বন্ধন পূর্ব্বক অন্ধকারময় গৃহে রাখিবি, এই

মনস্থ করিয়া আলিয়াছিল। আমি তোর গুরভিলন্ধির লমুচিত প্রতিফল দিতেছি। এই বলিয়া তিনি, কোপছালিত লোচনে, উদ্ধৃত গমনে চক্রপ্রভার দিকে ধাবমান হইলেন। চক্রপ্রভা নিতান্ত ব্যাকুল হইয়া সন্নিহিত লোকদিগকে কহিলেন, তোমরা দাড়াইয়া তামালা দেখিতেছ, তোমাদের কি আচরণ, বুৰিতে পারিতেছি না; শীভ্র উঁহারে বন্ধন কর, আমার নিক্টে আলিতে দিও না। তখন চিরঞ্জীব কহিলেন, যেরূপ দেখিতেছি, ভুই নিতান্তই আমার প্রাণবধের সক্ষপ্প করিয়া আলিয়াছিল।

অনস্তর, চন্দ্রপ্রভার আদেশ অনুসারে, সমভিব্যাহারী লোকেরা বন্ধন করিতে উত্তত হইলে, চিরঞ্জীব নিতান্ত নিরু-পায় ভাবিয়া, রাজপুরুষকে কহিলেন, দেখ, আমি এক্ষণে তোমার অবরোধে আছি ; এ অবস্থায় আমায় কিরূপে ছাড়িয়া দিবে; ছাড়িয়া দিলে ভুমি সম্পূর্ণ অপরাধী হইবে। তখন রাজপুরুষ চন্দ্রপ্রভাকে কহিলেন, আপনি উঁহারে আমার নিকট হইতে লইয়া যাইতে পারিবেন না, উনি অবরোধে আছেন। এই কথা শুনিয়া, চন্দ্রপ্রভা কহিলেন, অহে রাজপুরুষ! তুমি সমস্তই স্বচক্ষে দেখিতেছ ও স্বকর্ণে শুনিতেছ, তথাপি কোন বিবেচনায় উঁহারে ছাড়িয়া দিতে চাহিতেছ না। উঁহার এই অবস্থা দেখিয়া, বোধ করি, তোমার আমোদ হইতেছে। রাজপুরুষ কহিলেন, আপনি অস্থায় অনুযোগ করিভেছেন; উঁহাকে ছাড়িয়া দিলে. আমি পাঁচ শত টাকার দায়ে পড়িব। চক্ষপ্রভা কহিলেন, ভূমি আমায় উহারে লইয়া বাইতে দাও; আমি ধর্মপ্রমাণ অঙ্গীকার করিতেছি, উঁহার ঋণ পরিশোধ না করিয়া, তোমার নিকট হইতে যাইব না। তুমি আমায় উঁহার উত্তমর্ণের নিকটে লইয়া চল। কি জন্তে ঋণ হইল, তাঁহার মুখে শুনিয়া, টাকা দিব। তদনস্তর, তিনি বিভাধরকে কহিলেন, তুমি উঁহারে সাবধানে বাটাতে লইয়া যাও, আমি এই রাজুপুরুষের সঙ্গে চলিলাম। বিলাসিনি! তুমি আমার সঙ্গে এস। বিভাধর! তোমরা বিলম্ব করিও না, চলিয়া যাও; সাবধান, যেন কোনও রূপে বন্ধন খুলিয়া পলাইতে না পারেম। অমস্কর, বিভাধর দূঢ়বদ্ধ চিরঞ্জীব ও কিক্করকে লইয়া প্রস্থান করিল।

বিভাধর প্রভৃতি দৃষ্টিপথের বহিভূত হইলে, চক্রপ্রপ্রার রাজপুরুষকে জিজ্ঞানা করিলেন, উনি কোন ব্যক্তির অভিযোগে অবরুদ্ধ হইয়াছেন, বল। তিনি কহিলেন, বস্থুপ্রিয় স্বর্ণকারের র আপনি কি তাঁহাকে জানেন। চক্রপ্রভা কহিলেন, হাঁ, আমি তাঁহাকে জানি; তিনি কি জন্মে কত টাকা পাইবেন, জান। রাজপুরুষ কহিলেন, স্বর্ণকার এক ছড়া হার গড়িয়া দিয়াছেন, তাহার মূল্য পান নাই। চক্রপ্রভা কহিলেন, আমার জন্মে হার গড়িতে দিয়াছেন, শুনিয়াছিলাম; কিন্তু এ পর্যান্ত হার দেখি নাই। অপরাজিতা কহিলেন, আজু আমার বাটাতে আহার করিতে গিয়া, উনি আমার অঙ্গুলি হইতে অঙ্গুরীয় লইয়া পলায়ন করিলে পর, কিঞ্চিৎ কাল বিলম্বে পথে আমার সঙ্গে দেখা হইয়াছিল; তখন উহার গলায় এক ছড়া নুভনগড়া

হার দেখিয়াছি। চক্ষপ্রভা কহিলেন, যাহা বলিতেছ, অসম্ভব
নয়, কিন্তু আমি কখনও সে হার দেখি নাই। যাহা হউক,
আহে রাজপুরুষ! সন্তর আমায় স্বর্ণকারের নিকটে লইয়া চল;
ভাঁহার নিকট সবিশেষ না শুনিলে, প্রাকৃত কথা জানিতে
পারিতেছি না।

হেমকুটবাদী চিরঞ্জীব, ভর্বনা ও ভয় প্রদর্শন দারা অপরা-জিতাকে দূর করিয়া দিয়া, কিঙ্কর সমভিব্যাহারে যে রাজপথে গমন করিতেছিলেন, চক্ষপ্রভা প্রভৃতিও দেই পথ দিয়া বাইতে-ছিলেন। বিলাসিনী, দূর হইতে দেখিতে পাইয়া, **অত্য**স্ত व्याकून इरेशा, वस्त्रश्राचारक किरानन, मिमि! कि नर्सना म! कि मर्सनांग। थे प्रयं, जिनि ও किवत উভয়েই वक्कन धूनिया প্রাইয়া আদিয়াছেন। এখন কি উপায় হয়। চক্রপ্রভা দেখিয়া, যৎপরোনান্তি ব্যাকুল হইয়া, রাজপথবাহী লোকদিগকে ও নমভিব্যাহারী রাজপুরুষকে কহিতে লাগিলেন, যেরূপে পার, তোমরা উঁহারে বন্ধন করিয়া আমার নিকটে দাও। এই উপলক্ষে বিলক্ষণ গোলযোগ উপস্থিত হইল। চিরঞ্জীব দেবিলেন, বে মায়াবিনী মধ্যাহ্কালে ধরিয়া বাটীতে লইয়া গিয়াছিল, সে এক্ষণে এক রাজপুরুষ সঙ্গে করিয়া আদিতেছে। ইহাতেই তিনি ও তাঁহার সহচর কিঙ্কর বিলক্ষণ ভয় পাইয়াছিলেন; পরে, তাঁহারা, বন্ধন করিয়া লইয়া যাইবার পরামর্শ করিতেছেন জানিতে পারিয়া, তরবারি নিষ্কাশন পূর্ব্বক, প্রহার অভিপ্রায়ে তাঁহাদের দিকে ধাবমান হইলেন। তদ্দর্শনে সাতিশয় শঙ্কিত হইয়া, চক্রপ্রভা ও তাঁহার ভগিনীকে সম্ভাষণ করিয়া, রাজপুরুষ কহিলেন, একে উঁহাদের উন্মাদ অবস্থা, তাহাতে আবার হস্তে তরবারি; এ সময়ে বন্ধনের চেষ্টা পাইলে, অনেকের প্রাণহানি সম্ভাবনা। আমি এ পরামর্শে নাই, তোমাদের যেরূপ অভিরুচি হয় কর; আমি চলিলাম, আর এখানে থাকিব না; আমার বোধে, তোমাদেরও পলায়ন করা ভাল। এই বলিয়া রাজপুরুষ চলিয়া গেলে, চক্রপ্রভা ও বিলাসিনী অধিক লোক সংগ্রহের নিমিত্ত, প্রয়াণ করিলেন।

দকলকে আকুল ভাবে পলায়ন করিতে দেখিয়া, চিরঞ্জীব স্বীয় সহচরকে সম্বোধন করিয়া কহিলেন, কিন্ধর! এখানকার ডাকিনীরা তরবারি দেখিলে ভয় পায়। ভাগ্যে আমাদের সঙ্গে তরবারি ছিল; নতুবা পুনরায় আমাদিগকে ধরিয়া লইয়া যাইত, এবং অবশেষে কি করিত, বলিতে পারি না। কিস্কর কহিল. মহাশ্র ! যিনি মধ্যাহ্নকালে আপনকার দ্রী হইবার নিমিত্ত ব্যস্ত হইয়াছিলেন, দেখিলাম, তিনিই সর্বাপেক্ষায় অধিক ভয় পাইয়া-ছেন, এবং সর্ব্বাত্তে পলায়ন করিয়াছেন। তরবারি ডাইন ছাডাইবার এমন মন্ত্র, তাহা আমি এত দিন জানিতাম না। চিরঞ্জীব কহিলেন, দেখ, কিঙ্কর! যত শীদ্র জাহাজে উঠিতে পারি, ততই মঙ্গল ; এখানকার যেরূপ কাণ্ড, তাহাতে কখন কি উপস্থিত হয়, বলা যায় না। অতএব চল, পান্থনিবানে পিয়া, দ্রব্যসামগ্রী লইয়া, সন্ধ্যার মধ্যেই জাহাজে উঠিব। কিন্তর কহিল, আপনি এত ব্যস্ত হইতেছেন কেন; আজকার রাত্রি ত্রখানে থাকুন। উচারা ক্থনই আমাদের অনিষ্ঠ করিবেক না। আমরা প্রথমে উহাদিগকে যত ভয়ক্কর ভাবিয়াছিলাম, উহার। দেরূপ নহে। দেখুন, কেমন মিষ্ট কথা কয়; বাদীতে লইয়। গিয়া, কেমন উত্তম আহার দেয়; কখনও দেখা শুনা নাই, তথাপি পতিসম্ভাষণ করিয়া প্রণয় করিতে চায়; আবার, প্রয়োজন জানাইলে, অকাতরে স্বর্ণমুদ্রা প্রদান করে। ইহাতেও বদি আমরা উহাদিগকে অভদ্র বলি, লোকে আমাদিগকে কৃতন্ন বলিবে। আমি ত আপনকার সঙ্গে অনেক দেশ বেড়াইয়াছি. কোথাও এরপ দৌজন্ম ও এরপ বদান্মতা দেখি নাই। বলিতে কি, মহাশয়। আমি, উহাদের ব্যবহার দেখিয়া, এত মোহিত ভইয়াছি যে, যদি পাকশালার হস্তিনী আমার ন্ত্রী হইতে না চাহিত, তাহা হইলে আমি. নিঃমন্দেহ, আহ্লাদিত চিত্তে এই বাজ্যে বাদ- করিতাম। চিরঞ্জীব শুনিয়া ঈষৎ হাস্থ্য করিয়া কহিলেন, অরে নির্দোধ! অধিক আর কি বলিব, যদি এই বাজ্যের অধিরাজপদ পাই, তথাপি আমি কোনও ক্রমে এখানে রাত্রিবাদ করিব না। চল, আর বিলম্বে কাজ নাই; সন্ধ্যার মধ্যেই অর্ণবিপোতে আরোহণ করিতে হইবেক। এই বলিয়া. উভয়ে পাহুনিবাদ অভিমুখে প্রস্থান করিলেন।

পঞ্চম পরিচেছদ।

রাজপুরুষ, জয়স্থলবাসী চিরঞ্জীবকে লইয়া, তদীয় আলয় অভি-মুখে প্রয়াণ করিলে পর, উত্তমর্ণ বণিক অধমর্ণ স্বর্ণকারকে বলিলেন, তোমায় টাকা দিয়া পাইতে এত কষ্ট হইবেক, তাহা আমি এক বারও মনে করি নাই। হয় ত, এই টাকার গোলে আজ আমার যাওয়া হইল না; যাওয়া না হইলে, বিলক্ষণ ক্ষতিগ্রস্ত হইব। এখন বোধ হইতেছে, সে সময়ে তোমার উপকার করিয়া ভাল করি নাই। স্বর্ণকার সাতিশয় কুপিত হইয়া, কহিলেন, মহাশয়! আর আমার লজ্জা দিবেন না, আমি আপনকার আবশ্যক সময়ে টাকা দিতে না পারিয়া মরিয়া রহিয়াছি। চিরঞ্জীববাবু যে আমার সঙ্গে এরূপ ব্যবহার করিবেন, ইহা স্বপ্নেব অগোচর। উনি যে হার লইয়া পাই নাই বলিবেন. অথবা টাকা দিতে আপত্তি করিবেন, এক মুহুর্ত্তের জন্মেও মনে হয় নাই। আপনি এ নন্দেহ করিবেন না যে আমি উঁহাকে হার দি নাই, কেবল আপনকার নঙ্গে ছল করিতেছি। আমি ধর্ম-প্রমাণ বলিতেছি, চারি দণ্ড পূর্বের আমি নিজে উঁহার হস্তে হার দিয়াছি। উনি দে সময়ে মূল্য দিতে চাহিয়াছিলেন; আমার কুবুদ্ধি, আমি বলিলাম, এখন কার্য্যান্তরে যাইতেছি, পরে সাক্ষাৎ করিব ও মূল্য লইব। উনি কিন্তু সে সময়ে বলিয়াছিলেন, এখন না লও, পরে আর পাইবার সম্ভাবনা থাকিবেক না। তৎকালে কি অভিপ্রায়ে উনি এ কথা বলিয়াছিলেন, জানি না; কিন্তু কার্য্যগতিকে উঁহার কথাই ঠিক হইতেছে।

স্বৰ্ণকারের এই সকল কথা শুনিয়া বণিক জিজ্ঞাসা করিলেন, বলি, চিরঞ্জীববাবু লোক কেমন। বসুপ্রিয় কহিলেন, উনি জয়স্থলে সর্ব্ব বিষয়ে অদ্বিতীয় ব্যক্তি। আবালরদ্ধবনিতা সকলেই উঁহাকে জানে এবং দকলেই উঁহাকে ভাল বাদে। উনি দকল নমাজে नमान जामत्रीय ও नर्काश्वकारत श्रामनीय राजि । जैश्रवी उ আধিপত্য বিষয়ে এ রাজ্যে উহার তুল্য লোক নাই। কথনও কোনও বিষয়ে উঁহার কথা অক্তথা হয় না। পরোপকারার্থে অকাতরে অর্থব্যয় করিয়া থাকেন। উনি যে আজ আমার নঙ্গে এরূপ ব্যবহার করিলেন, শুনিলে কেহ বিশ্বাস করিবেক না। এই সকল কথা শুনিয়া বণিক কহিলেন, আমরা আর এখানে অনর্থক বনিয়া থাকি কেন; চল, তাঁহার বাদীতে যাই; তাহা হুইলে শীদ্র টাকা পাইব এবং হয় ত আজই যাইতে পারিব। অনস্তুর বস্থপ্রিয় ও বণিক উভয়ে চিরঞ্চীবের ভবন অভিমুখে গমন করিলেন।

এই সময়ে, হেমক্টবাদী চিরঞ্জীব, কিন্ধর দমভিব্যাহারে, পান্থনিবাদে প্রতিগমন করিতেছিলেন। বণিক দূর হইতে দেখিতে পাইয়া বস্থপ্রিয়কে কহিলেন, আমার বোধ হয়, চিরঞ্জীব-বাবু আদিতেছেন। বস্থপ্রিয় কহিলেন, হাঁ তিনিই বটে; আর, আমার নির্দ্মিত হারও উঁহার গলায় রহিয়াছে, দেখিতেছি; অথচ, দেখুন, আপনকার দমক্ষে উনি স্পষ্ঠ বাক্যে বারংবার হার পাই নাই বলিলেন, এবং আমার নঙ্গে কত বিবাদ ও বাদানুবাদ করিলেন। এই বলিয়া, ভাঁহার নিকটে গিয়া, বস্থপ্রিয় কহিলেন, চিরঞ্জীববাবু! আমি আজ আপনকার আচরণ দেখিয়া হতবুদ্দি হইয়াছি। আপনি কেবল আমায় কষ্ট দিতেছেন ও অপদস্থ করিতেছেন এরূপ নহে, আপনকারও বিলক্ষণ অপবশ হইতেছে। এখন, হার পরিয়া রাজপথে স্পষ্ট বেড়াইতেছেন; কিন্তু, তখন, অনায়ানে শপথ পূর্ব্ধক হারপ্রাপ্তি অপলাপ করিলেন। আপনকার এরূপ ব্যবহারে এই এক ভদ্দ লোকের কত কার্য্যক্ষতি হইল, বলিবার নয়। উনি স্থানান্তরে ঘাইবার সমুদয় ছির করিয়াছিলেন; এত ক্ষণ কোন কালে চলিয়া যাইতেন; কেবল আমাদের বিবাদের জত্যে যাইতে পারিলেন না। তখন অনায়ানে অপলাপ করিয়াছেন, এখনও কি অপলাপ করিবেন।

বস্থপ্রিয়ের এই কথা শুনিয়া চিরঞ্জীব কহিলেন, আমি তোমার নিকট হইতে এই হার পাইরাছি বটে, কিন্তু এক বারও তাহা অস্বীকার করি নাই, তুমি সহস। আমার উপর এরূপ দোষারোপ করিতেছ কেন। তথন বণিক কহিলেন, ইা. আপনি অস্বীকার করিয়াছেন, এবং, হার পাই নাই বলিয়া, বারংবার শপথ পর্যন্ত করিয়াছেন। চিরঞ্জীব কহিলেন, আমি শপথ ও অস্বীকার করিয়াছি, তাহা কে শুনিয়াছে। বণিক কহিলেন, আমি নিজে স্বকর্ণে শুনিয়াছি। ইহা অত্যন্ত আক্ষেপর বিষয়, যে তোমার মত নরাধমেরা ভদ্রনমাজে প্রবেশ

করিতে পায়। শুনিয়া, কোপে কম্পিতকলেবর হইয়া, চিরজীব কহিলেন, তুই বেটা বড় পাজি ও বড় ছোট লোক, অকারণে আমায় কটু বলিতেছিস। আমি ভদ্র কি অভদ্র, তাহা এখনই তোরে শিখাইতেছি। মর বেটা পাজি, যত বড় মুখ, তত বড় কথা। এই বলিয়া, তিনি তরবারি নিকাশিত করিলেন, এবং বিশিক্ত তরবারি নিকাশিত করিয়া, দুন্দ্ববৃদ্ধে উদ্যত হইলেন।

এই সময়ে চক্রপ্রভা, কতকগুলি লোক নঙ্গে করিয়া, নহুন। নেই স্থানে উপস্থিত হইলেন এবং বণিকের নহিত হেমকুটবানী চিরঞ্জীবের ঘল্ডবুদ্ধের উপক্রম দেখিয়া, স্বীয় পতি জয়স্থলবাদী চিরঞ্জীব তাদৃশ যুদ্ধে প্রার্ভ হইতেছেন, এই বোধে, দাতিশায় কাতরতা প্রদর্শন পূর্বক, বণিককে সম্বোধন করিয়া কহিলেন, দোহাই ধর্মের, উঁহারে প্রহার করিবেন না, উনি উল্লাদগ্রন্থ হইয়াছেন। এ অবস্থায়, কোনও কারণে উঁহার উপর রাগ করা উচিত নয়। কুতাঞ্জলিপুটে বলিতেছি, দয়া করিয়া ক্ষান্ত इडेन। এই विनिया, তिनि नक्षित लाकिनिशक किश्लन, তোমরা, কৌশল করিয়া, উঁহার হাত হইতে তরবারি ছাড়াইয়া লও, এবং প্রভু ও ভৃত্য উভয়কে বন্ধন করিয়া আমার আলয়ে লইয়া চল। চক্রপ্রভাকে সংসা সমাগত দেখিয়া ও তদীয় আদেশবাক্য শ্রবণ করিয়া, কিঙ্কর চিরঞ্জীবকে কহিল, মহা-শর! আবার সেই মায়াবিনী ঠাকুরাণী আনিয়াছেন; আর এখানে দাড়াইবেন না, পলায়ন করুন; নতুবা নিস্তার নাই। এই বলিয়া, সে চারি দিকে দৃষ্টি সঞ্চারণ করিয়া কহিল, মহাশয়! আসুন, এই দেবালয়ে প্রবেশ করি; তাহা হইলে, আমাদের উপর কেহ আর অত্যাচার করিতে পারিবেক না। তৎক্ষণাৎ উভয়ে দৌড়িয়া পার্শ্ববর্ত্তী দেবালয়ে প্রবিষ্ঠ হইলেন। চক্রপ্রভা, বিলানিনী ও তাঁহাদের সমভিব্যাহারের লোক সকল দেবালয়ের দারদেশে উপনীত হইল। এই গোলযোগ উপস্থিত দেখিয়া. রাজপথবাহী লোক সকলও তথায় সমবেত হইতে লাগিল।

ঐ দেবালয়ের কার্য্য পর্যাবেক্ষণের সমস্ত ভার এক ব্রীয়সী তপস্বিনীর হস্তে স্তম্ভ ছিল। ইনি যার পর নাই সুশীলা ও নিরতিশয় দয়াশীল। ছিলেন এবং স্তুচারুরূপে দেবালয়ের কার্য্য সম্পাদন করিতেন; এজন্ত, জয়স্থলবাসী যাবতীয় লোকের বিলক্ষণ ভক্তিভাজন ও সাতিশয় শ্রদ্ধাস্পদ ছিলেন। অভ্যন্তর হইতে অকস্মাৎ বিষম গোলযোগ শ্রবণ করিয়া, কারণ জানিবার নিমিত, তিনি দেবালয় হইতে বহিৰ্গত হইলেন এবং সমবেত লোকদিগকে জিজ্ঞানা করিলেন, কি জন্ম তোমরা এখানে গোলযোগ করিতেছ। চক্রপ্রভা কহিলেন, আমার উন্মাদগ্রস্ত স্বামী পলাইয়া দেবালয়ে প্রবেশ করিয়াছেন, স্বাপনি অনুগ্রহ করিয়া আমাকে ও আমার লোকদিগকে ভিতরে যাইতে দেন. আমরা তাঁহারে বন্ধন করিয়া বাটী লইয়া যাইব। তপশ্বিনী জিজ্ঞাসা করিলেন, কত দিন তিনি এই ঘুদান্ত রোগে আকান্ত হইয়াছেন। চক্ষপ্রভা কহিলেন, পাঁচ সাত দিন হইতে তাঁগাকে নর্মদাই বিরক্ত, অন্তমনস্ক ও হুর্ভাবন।য় অভিভূত দেখিতাম, কিন্তু, আজ আড়াই প্রহরের সময় অবধি, এক বারে বাছজ্ঞান- শূন্তপ্রায় হইয়াছেন। এই বলিয়া, তিনি সঙ্গের লোকদিগকে কহিলেন, তোমরা ভিতরে গিয়া, তাঁহাকে ও কিঙ্করকে বন্ধন করিয়া, সাবধানে লইয়া আইস। তপস্বিনী কহিলেন, বৎসে! তোমার একটি লোকও দেবালয়ে প্রবেশ করিতে পারিবেক না। তখন চন্দ্রপ্রভা কহিলেন, তবে আপনকার লোকদিগকে আদেশ কুরুন, তাহারাই বন্ধন করিয়া তাহাকে আমার নিকটে আনিয়া দিউক। তপস্বিনী কহিলেন, তাহাও হইবেক না; তিনি যথন এই দেবালয়ে আশ্রয় লইয়াছেন, তখন, যত ক্ষণ বা যত দিন ইচ্ছা হয়, তিনি সচ্ছন্দে এখানে থাকিবেন; সে সময়ে তোমার বা অন্য কোনও ব্যক্তির তাঁহার উপর কোনও অধিকার থাকিবেক না। আমি উঁহার চিকিৎসার ও শুক্রষার সমস্ত ভার লইতেছি। উনি সুস্থ ও প্রাকৃতিস্থ হইলে স্থাপন আলয়ে যাইবেন। এ অবস্থায়, আমি কোনও ক্রমে উহাকে তোমার হত্তে সমর্পণ করিতে পারিব না।

এই সকল কথা শুনিয়া, কিঞ্চিৎ বিরক্ত হইয়া, চক্রপ্রভা কহিলেন, আপনি অন্থায় আজ্ঞা করিতেছেন; আমি যেমন প্রাণপণে উঁহার চিকিৎসা করাইব ও পরিচর্যা করিব, অন্থের সেরূপ করা সম্ভব নহে। আপনি উঁহাকে আমার হস্তে সমর্পণ করুন। তথন তপস্থিনী কহিলেন, বৎসে! এত উতলা হইতেছ কেন, ধৈর্য্য অবলম্বন কর। আমি অনেক প্রকার মত্র, ঔষধ ও চিকিৎসা জানি, এবং এ পর্যন্ত শত শত লোকের শারীরিক ও মানসিক রোগের শান্তি করিয়াছি। যেরূপ শুনিতেছি, আমি,

অপ্প কালের মধ্যেই, তোমার স্বামীকে প্রকৃতিস্থ করিতে পারিব; তখন তিনি স্বেচ্ছাক্রমে আপন ভবনে প্রতিগমন করিবেন। আমাদের তপস্থা ও ধর্মচর্য্যার যেরূপ নিয়ম এবং দেবালয়ের কার্যানির্ব্বাহ সম্বন্ধে যেরূপ নিয়মাবলী প্রচলিত আছে. তদুরুসারে, যথন তোমার স্বামী এখানে আশ্রয় গ্রহণ করিয়াছেন, ভাঁহার অনিছায় বল পূর্বক উঁহাকে দেবালয় হইতে বহিষ্কৃত করিতে পারি না। অতএব, বংদে! প্রস্থান কর; যাবং উনি আরোগ্য লাভ না করিতেছেন, আমার নিকটেই থাকুন; উহার চিকিৎসা বা শুশ্রাষা বিষয়ে কোনও অংশে ক্রটি হইবেক না. সে বিষয়ে তুমি নিশ্চিন্ত থাকিবে। চন্দ্রপ্রভা কহিলেন, উঁহাকে ছাড়িয়া, আমি কখনও এখান হইতে যাইব না। আমার অনিচ্ছায় ও অসমতিতে, আমার স্বামীকে এখানে রুদ্ধ করিয়া রাখা কোনও মতে আপনকার উচিত হইতেছে না। আপনি, সকল ্বিষয়ের স্বিশেষ অনুধাবন না ক্রিয়াই, আমায় এখান হইতে চলিয়া যাইতে বলিতেছেন। শুনিয়া, কিঞ্চিৎ বিরক্ত হইয়া, তপদ্বিনী কহিলেন, বংগে! তুমি এ বিষয়ে অনর্থক আগ্রহ প্রকাশ করিতেছ; তোমার সঙ্গে র্থা বাদারুবাদ করিব না। আমি এক কথায় বলিতেছি, তোমার স্বামী সুস্থ না হইলে, তুমি ক্থনও তাঁহাকে এখান হইতে লইয়া যাইতে পারিবে না; এখন আপন আলয়ে প্রতিগমন কর।

এই বলিয়া, তপস্বিনী দেবালয়ে প্রবেশ করিলেন। তদীয় আদেশ অনুসারে, দেবালয়ের দার রুদ্ধ হইল; সুতরাং, আর কাহারও তথায় প্রবেশ করিবার পথ রহিল না। চন্দ্রপ্রভার এইরূপ অবমাননা দর্শনে, বিলাদিনী অতিশয় রুপ্ত ও অসন্তুপ্ত হইলেন, এবং তাঁহাকে সম্ভাষণ করিয়া কহিলেন. দিদি ! আর এখানে দাঁড়াইয়া ভাবিলে ও রুথা কালহরণ করিলে, কি কল হইবে বল; চল, আমরা অধিরাজ বাহাছরের নিকটে গিয়া, এই অহস্কারিণী তপস্বিনীর অন্তায় আচরণ বিষয়ে অভিযোগ করি. তিনি অবশ্যই বিচার করিবেন। চন্দ্রপ্রভা কহিলেন, বিলাদিনি। তুমি বিলক্ষণ বুদ্ধির রুঞ্। বলিয়াছ; চল, তাহার নিকটেই যাই। তিনি যত ক্ষণ না, স্বয়ং এখানে আনিয়া, আনার স্বামীকে বল পূর্ব্বক দেবালয় হইতে বহিদ্ধত করিয়া, আমার হস্তে দিতে সম্মত হন, তাবৎ আমি কোনও ক্রমে তাঁহাকে ছাড়িব ন।; তাঁহার চরণে পড়িয়া থাকিব এবং অবিশ্রামে অশ্রু বিসর্জন করিব। এই কথা শুনিয়া বণিক কহিলেন, আপনারা কিঞ্চিৎ অপেক্ষা করিলে, এই খানেই অধিরাজের সহিত সাক্ষাৎ হই-বেক। আমি অবধারিত জানি, সন্ধ্যার অব্যবহিত পুর্বের, তিনি এই পথ দিয়া বধ্যভূমিতে যাইবেন। বেলা অবসান হইয়াছে; <u> সায়ংকাল আগতপ্রায় ;</u> তাহার আসিবার আর বড় বিলম্ব নাই। বস্থপ্রিয় জিজাসিলেন, তিনি কি জন্মে এ সময়ে বধ্য-ভূমিতে যাইবেন। বণিক কহিলেন, আপনি কি শুনেন নাই, হেমকুটের এক রুদ্ধ বণিক জয়স্থলের অধিকারে প্রবেশ করিয়া-ছিলেন, এই অপরাধে তাঁহার প্রাণদণ্ডের আদেশ হইয়াছে; তাঁহার শিরশ্ছেদনকালে অধিরাজ বাহাত্ব স্বয়ং বধ্যভূমিতে উপস্থিত থাকিবেন। বিলানিনী চন্দ্রপ্রভাকে কহিলেন, অধি-রাজ বাহাত্বর দেবালয়ের সম্মুখে উপস্থিত হইলেই, তুমি তাঁহার চরণে ধরিয়া বিচার প্রার্থনা কলিবে, কোনও মতে ভীত বা সন্ধৃচিত হইবেনা।

কিয়ৎ ক্ষণ পরেই, অধিরাজ বিজয়বল্লভ, রাজপুরুষগণ ও ব্ধ্যবেশধারী সোমদত্ত প্রভৃতি সমভিব্যাহারে, দেবালয়ের সম্মুখে উপস্থিত হইলেন। দেখিবামাত্র, চক্রপ্রভা, তাঁহার সম্মুখবর্তিনী হুইয়া, অঞ্জলি বন্ধ পূর্দ্ধক, বিনীত বচনে কহিলেন, মহারাজ ! এই দেবালয়ের কত্রী তপশ্বিনী আমাব উপর যার পব নাই অত্যাচার করিয়াছেন, আপনাবে সত্তগ্রহ করিয়া বিচার করিতে হইবেক। শুনিয়া বিজয়বলভ কৃহিলেন, তিনি অতি সৃশীলা পশ্মশীল। প্রবীণা নারী, কোনও ক্রমে অক্তায় আচরণ কবিবার লোক নহেন ; ভূমি কি কারণে ভাঁহাব নামে অত্যাচারের অভি-যোগ করিতেছ, বুঝিতে পারিলাম না। চক্রপ্রভা কহিলেন. মহাবাজ ! আমি মিথ্যা অভিযোগ করিতেছি না; কিঞ্চিৎ মনোযোগ দিয়া আমাৰ নিবেদন শুনিতে ছইবেক। আপনি যে ব্যক্তিব সহিত আমার বিবাহ দিয়াছেন, তিনি ও তাঁহার প্রিচাবক কিঙ্কুর উভয়ে উন্নাদ্রোগে আক্রান্ত ইইরাছেন, এবং রাজপথে ও লোকের বাটীতে অনেক প্রকার অত্যাচাব করি-তেছেন, এই সংবাদ পাইয়া, এক বার অনেক যত্নে বন্ধন পূর্বক তাঁহাকে ও কিঙ্করকে বাটীতে পাঠাইয়া দিয়া, কোনও কার্য্য-বশতঃ বসুপ্রিয় স্বর্ণকারের আলয়ে যাইতেছিলাম; ইতিমধ্যে দেখিতে পাইলাম, তিনি ও কিন্ধর বাটী হইতে পলাইয়া আসিয়া-ছেন : আমি, পুনরায় তাঁহাদিগকে বাটীতে লইয়া যাইবার চেষ্টা পাইলাম। উভয়েই এক বারে বাহজ্ঞানশূন্য; আমাদিগকে দেখিবামাত্র, উভয়েই তরবারি হত্তে আক্রমণ করিতে উজত হইলেন। তৎকালে আমার সঙ্গে অধিক লোক ছিল না: এজন্য, আমি তৎক্ষণাৎ বাটী গিয়া, লোক সংগ্রহ পূর্বাক, তাঁহাকে ও কিঙ্করকে লইয়া ষাইতে আনিয়াছিলাম। এ বার আমা-দিগকে দেখিয়া, ভার পাইয়া, উভয়ে এই দেবালয়ে প্রবেশ করি-য়াছেন। আমরাও তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ প্রবিষ্ট হইতে-ছিলাম; এমন সময়ে. এখানকার কত্রী তপস্থিনী, দার রুদ্ধ করিয়া, আমাদিগকে প্রবেশ করিতে দিলেন না। অনেক বিনয় কবিয়া বলিলাম; কিন্তু তিনি কোনও ক্রমে আমায় উঁহাকে লইয়া যাইতে দিবেন না। আমি, উঁহাকে এ অবস্থায় এখানে বাখিয়া, কেমন করিয়া বাটীতে নিশ্চিন্ত থাকিব। মহারাজ। যাহাতে আমি অবিলম্বে উঁহাকে বাটীতে লইয়া যাইতে পারি. অনুগ্রহ পূর্ব্বক তাহার উপায় করিয়া দেন, নতুবা আমি আপ-নাকে যাইতে দিব না।

এই বলিয়া চক্রপ্রভা অধিরাজের চরণে নিপতিত হইয়া বহিলেন, এবং অবিশ্রান্ত অশু বিমোচন করিতে লাগিলেন। তদ্দর্শনে অধিরাজের অন্তঃকরণে দয়ার উদ্রেক হইল। তিনি পার্শ্ববর্তী রাজপুরুষকে কহিলেন, তুমি দেবালয়ের কর্ত্রীকে আমার নমস্কার জানাইয়া, একবার ক্ষণকালের জন্ত, আমার সহিত সাক্ষাৎ করিতে বল; অনন্তর, চক্রপ্রভার হস্তে ধরিয়া, ভূতল হইতে উঠাইলেন; কহিলেন, বংসে! শোক সংবরণ কর, এ বিষয়ের মীমাংসা না, করিয়া আমি এখান হইতে যাইতেছি না।

এই নমরে, এক ভৃত্য আদিয়া, অতি আকুল বচনে চক্র-প্রভাকে কহিতে লাগিল, মা ঠাকুরাণি! যদি প্রাণ বাঁচাইতে চান, অবিলম্নে কোনও স্থানে লুকাইয়া থাকুন। কর্তা মহাশয় ও কিঙ্কর উভয়ে বন্ধন ছেদন করিয়াছেন এবং দান দানীদিগকে প্রছার করিয়া, বিভাধর মহাশয়কে দৃঢ় রূপে বন্ধন পূর্মক ভাঁহার দাড়ীতে আগুন লাগাইয়া দিয়াছেন; পরে, আগুন নিবাইবার জন্ত, মরল। জল আনিয়া তাঁহার মুখে ঢালিয়া দিতেছেন। বিভাধর মহাশয়ের উপর প্রভুর যেরূপ রাগ দেখি-লাম, তাহাতে, হয় ত, তাহার প্রাণবধ করিবেন। এক্ষণে, যাহা কর্ত্তব্য হয় করুন, এবং আপনি দাবধান হউন। শুনিয়া চন্দ্রপ্রভা কহিলেন, অরে নির্বোধ ! ভুই মিথ্যা বলিতেছিন ; তোর প্রভু ও কিস্কর উভয়ে কিছু পূর্কে এই দেবালয়ে প্রবেশ করিয়াছেন। ভূত্য কহিল, মা ঠাকুরাণি ! আমি মিথ্যা বলিতেছি না। তিনি বন্ধন ছেদন পূর্ব্বক দৌরাত্ম্য আরম্ভ করিলে, আমি, উর্দ্বাসে দৌড়িয়া, আপনকার নিকটে আদিয়াছি। এই কথা বলিতে বলিতে, চিরঞ্চীবের তর্জ্জন গর্জন শুনিতে পাইয়া, নে কহিল, মা ঠাকুরাণি ! আমি তাঁহার চীৎকার শুনিতে পাইতেছি ; বোধ হয় এখানেই আদিতেছেন, আপনি দাবধান হউন। তিনি বারংবার বলিয়াছেন, আপনাকে পাইলে, নাক কান কাটিয়া হতন্ত্রী করিয়া দিবেন। দত্তর পলায়ন করুন, কদাচ এখানে থাকিবেন না। চক্রপ্রভা, ভয়ে অভিভূত হইয়া, ইতন্ততঃ দৃষ্টি দক্ষারণ করিতে লাগিলেন। তদ্দর্শনে অধিরাজ বাহাছর কহিলেন. বংদে ! ভয় নাই, আমার নিকটে আদিয়া দাঁড়াও। এই বলিয়া তিনি রক্ষকদিগকে বলিলেন, কাহাকেও নিকটে আদিতে দিও না।

চিরঞ্জীবকে দূর হইতে দেখিতে পাইয়া, চব্রুপ্রভা অধিরাজ বাহাতুরকে সম্বোধন করিয়া কহিলেন, মহারাজ ! কি আশ্চর্য্য দেখুন। প্রথমতঃ, আমি উঁহারে, দৃঢ় বন্ধন করাইয়া, বাদীতে পাঠাই; কিঞ্চিৎ পরেই, উঁহারে রাজপথে দেখিতে পাই, তত অলপ নময়ের মধ্যে, বন্ধন ছেদন পূর্বক রাজপথে উপস্থিত হওয়া কোনও মতে সম্ভব নহে। তৎপরে, পলাইয়া এইমাত্র দেবালয়ে প্রবেশ করিয়াছেন। দেবালয়ে প্রবেশনির্গমের এক বই পথ নাই; বিশেষতঃ, আমরা নকলে ছারদেশে নমবেত আছি; ইতিমধ্যে, কেমন করিয়া, দেবালয় হইতে বহিগত হইলেন, কিছুই বুঝিতে পারিতেছি না। বলিতে কি, মহারাজ ! উঁহার আজকার কাজ সকল মনুষ্যের বুদ্ধি ও_বিবেচনার অতীত। এই সময়ে, জয়স্থলবাদী চিরঞ্জীব, উন্মত্তের স্থায়, বিশৃষ্খল বেশে অধিরাজের সম্মুখদেশে উপস্থিত হইলেন, এবং কহিতে লাগিলেন, দোহাই মহারাজের! দোহাই মহারাজের! আজ আমার উপর ঘোরতর অত্যাচার হইয়াছে; আমি জন্মাবছেদে কখনও এরপ অপদস্থ ও অপমানিত হই নাই, এবং কখনও এরপ লাঞ্চনা ও এরপ যাতনা ভোগ করি নাই। আমার স্ত্রী চন্দ্রপ্রভা, নিতান্ত সাধুশীলার স্থায়, আপনকার নিকটে দাড়াইয়া আছেন; কিন্তু আমি ইংলার তুল্য ছুশ্চারিণী নারী আর দেখি নাই। কতকগুলি ইতরের সংসর্গে কাল্যাপন আরম্ভ করিয়াছেন; এবং তাহাদের কুমন্ত্রণায় আজ যে যন্ত্রণা দিয়াছেন এবং যে ছুরবন্থা করিয়াছেন, তাহা বর্ণন করিবার নয়। আপনারে নিরপেক্ষ হইয়া বিচার করিতে হইবেক; নতুৰা আমি আত্মঘাতী হইব।

চিরঞ্জীবের অভিযোগ শুনিয়া, অধিরাজ কহিলেন, তোমার উপর কি অত্যাচার হইয়াছে বল; যদি বাস্তবিক হয়, অবশ্য প্রতিকার করিব। চিরঞ্জীব কহিলেন, মহারাজ। আজ মধ্যাহ্নকালে, আহারের সময়, দার রুদ্ধ করিয়া, আমায় বাটীতে প্রবেশ করিতে দেন নাই, এবং দেই সময়ে কতকগুলি ইতর লোক লইয়া আমোদ আহ্লোদ করিয়াছেন। শুনিয়া অধিরাজ কহিলেন, এ কথা যদি যথার্থ হয়, তাহা হইলে দ্রীলোকের পক্ষে ইহা অপেক্ষা গুরুতর অপরাধ আর কিছুই হইতে পারে না। চন্দ্রপ্রভা! এ বিষয়ে তোমার কিছু বলিবার আছে। চন্দ্র-প্রভা কহিলেন, মহারাজ ! উনি অমূলক কথা বলিতেছেন; আজ মধ্যাস্ক্কালে উনি, আমি ও বিলাদিনী তিন জনে একত্র আহার করিয়াছি; এ কথা যদি অস্তথা হয়, আমার ষেন নরকেও স্থান না হয়। বিলাসিনী কছিলেন, হাঁ মহারাজ ! আমরা তিন জনে এক সঙ্গে আহার করিয়াছি; দিদি আপনকার নিকট একটিও অলীক কথা বলেন নাই। উভয়ের কথা শুনিয়া, বস্থুপ্রিয় স্বর্ণকার বলিলেন, মহারাজ ! আমি ইঁহাদের তুল্য মিধ্যাবাদিনী কামিনী ভূমগুলে দেখি নাই; উভয়েই সম্পূর্ণ মিধ্যা বলিতেছেন। চিরঞ্জীববাবু আজ উন্মাদগ্রস্তই হউন, আর বাই হউন, উনি যে অভিযোগ করিতেছেন, তাহা সম্পূর্ণ সত্য। আপনি এই ছুই ছুরাচারিণীর বাক্যে বিশ্বাস করিবেন না।

অনন্তর, চিরজীব নিজ চুরবন্থার রভান্ত আতোপান্ত বর্ণন করিতে আরম্ভ করিলেন। মহারাজ! আমি মত্ত বা উন্মত কিছুই হই নাই। কিন্তু আজু আমার উপর যেরূপ অত্যাচার হইয়াছে, যাহার উপর সেরূপ হইবেক, সেই উন্মন্ত হইবেক। প্রথমতঃ, আহারের সময়, দার রুদ্ধ করিয়া, আমায় বাটীতে প্রবেশ করিতে দেন নাই; তৎকালে বস্থুপ্রিয় স্বর্ণকার ও রত্নদন্ত বণিক আমার নঙ্গে ছিলেন। আমি ক্রোধভরে দারভঙ্গে উগ্যত হইয়া-ছিলাম; রত্নদত্ত অনেক বুঝাইয়া আমায় নিবারণ করিলেন। পরে মামি, বস্থপ্রিয়কে দত্ত্বর আমার নিকট হার লইয়া যাইতে ৰিলয়া, রত্নদত্ত সমভিব্যাহারে অপরাজিতার বাটীতে আহার করিলাম। বস্থপ্রিয়ের আদিতে অনেক বিলম্ব হওয়াতে, আমি উঁহার অন্বেষণে নির্গত হইলাম। পথিমধ্যে উঁহার সহিত সাক্ষাৎ इरेग। তৎকালে ঐ বণিকটি উঁহার সঙ্গে ছিলেন। বস্থপ্রিয় কহিলেন, কিঞ্চিৎ পূর্বে আমি তোমায় হার দিয়াছি, টাকা দাও। किन्छ, জগদীশ্বর সাক্ষী, আমি এ পর্যান্ত হার দেখি নাই। উনি তৎক্ষণাৎ রাজপুরুষ দারা আমায় অবরুদ্ধ করাইলেন। পরে

নিরুপায় হইয়া, আমার পরিচারক কিঙ্করকে দেখিতে পাইয়া, টাকা আনিবার জন্ম বাদীতে পাঠাইলাম। সে যে গেল, সেই গেল, আর ফিরিয়া আদিল না। আমি অনেক বিনয়ে সম্মত করিয়া, রাজপুরুষকে লক্ষে লইয়া বাটী যাইতেছিলাম; এমন নময়ে, আমার দ্রী ও ভাঁহার ভগিনীর সহিত সাক্ষাৎ হইল। দেখিলাম, উঁহাদের সঙ্গে কতকগুলি ইতর লোক রহিয়াছে; আরু, আমাদের পল্লীতে বিভাধর নামে একটা হতভাগা গুরু-মহাশয় আছে, তাহাকেও দঙ্গে আনিয়াছেন। দে লোকের নিকট চিকিৎসক বলিয়াও পরিচয় দিয়া থাকে। তাহার মত হুশ্চরিত্র নরাধম ভূমগুলে নাই। সেই হুরাত্মা আজ কাল আমার স্ত্রীর প্রিয়পাত্র ও বিশ্বাসভাজন ইইয়াছে। দে আমায় দেখিয়া বলিল, আমি উন্মাদগ্রস্ত হইয়াছি। অনস্তর, তাহার উপদেশ অনুসারে, আমাকে ও কিঙ্করকে বন্ধন করিয়া বাণিতে লইয়া গেল, এবং এক দুর্গন্ধপূর্ণ অন্ধকারময় গৃহে বন্ধন অবস্থায় রাখিয়া मिल। आमता. अत्मक करहे मन्ड बाता तब्कु **ए**इमन शूर्मक, পলাইয়া আপনকার সমীপে সমুদয় নিবেদন করিতে যাইতে-ছিলাম; ভাগ্যক্রমে এই স্থানে আপনকার সাক্ষাৎ পাইলাম। আপনি সাক্ষাৎ ধর্মের অবতার, এ রাজ্যে ন্থায় অন্থায় বিচারের একমাত্র কর্ত্তা। আমার প্রার্থনা এই, যথার্থ বিচার করিয়া. অপরাধীর সমুচিত দণ্ড বিধান করেন। আমি আপনকার সমক্ষে य नकल कथा विल्लाम, यिन देशांत अकिंदि मिथा। दश्र. जापनि আমার প্রাণদণ্ড করিবেন।

এই ব্রেম্বা, চিরঞ্জীব বিরত হইবামাত্র, বস্থুপ্রিয় কহিলেন. মহারাজ ! উনি আহারের সময় বাটাতে প্রবেশ করিতে পান নাই, এবং বাদীতে আহার করেন নাই, আমি এ বিষয়ে সাক্ষ্য দিতে প্রস্তুত আছি; তৎকালে আমি উঁহার সঙ্গে ছিলাম। श्राधिताक किकामा कतिरागन, जूमि खेँशात शत निया कि ना, বল। বস্থুপ্রিয় কহিলেন, হাঁ মহারাজ! আমি স্বয়ং উঁহার হস্তে शत मिहाहि। উनि किश्वि शृद्ध यथन পनारेहा मियानदा প্রবেশ করেন, উহার গলায় ঐ হার ছিল, ইঁহারা সকলে স্বচক্ষে पिशास्त्र। वर्गिक कहिलान, महाताक ! यथन उँहात महन প্রথম দেখা হয়, তথন একবারে হারপ্রাপ্তি অস্বীকার করিয়া-ছিলেন; কিন্তু দিতীয় বার সাক্ষাৎকারকালে, হার পাইয়াছি বলিয়া স্পষ্ট বাক্যে স্বীকার করিয়াছেন। আমি উঁহার স্বীকার ও অস্বীকার উভয়ই স্বকর্ণে শুনিয়াছি। তৎপরে কথায় কথায় বিবাদ উপস্থিত হওয়াতে, উভয়েই তরবারি লইয়া দ্বন্ধুদ্ধে উন্থত इदेशां हिलाम ; अमन नमरा, छेनि পलादेशा प्रवालरा अदिश করেন. এক্ষণে দেবালয় হইতে বহির্গত হইয়া, আপনকার সমক্ষে উপস্থিত হইয়াছেন। চিরঞ্জীব কহিলেন, মহারাজ! এ জন্মে আমি এ দেবালয়ে প্রবেশ করি নাই; বণিকের সহিত ঘন্দ্রযুদ্ধে প্রবৃত্ত হই নাই; বস্থুপ্রিয় কখনই আমার হন্তে হার দেন নাই। উঁহারা আমার নামে এ তিনটি মিথ্যা অভিযোগ উপস্থিত করিতেছেন।

এই নমস্ত অভিযোগ ও প্রত্যভিযোগ প্রবণ করিয়া, অধিরাঙ্গ

কহিলেন, এরপ ছুরুছ বিষয় কখনও আমার সমুখে উপস্থিত হয় নাই। আমার বোধ হয়, তোমাদের সকলেরই দৃষ্টিক্ষয় ও বুদ্ধি-বিপর্যায় ঘটিয়াছে। তোমরা সকলেই বলিতেছ, চিরঞ্জীব এইমাত্র प्रवानरत थादन कतियार ; यि प्रवानरत थादन कति छ. এখনও দেবালয়েই থাকিত। তোমরা কহিতেছ, চিরঞ্জীব উন্মন্ত হইয়াছে; যদি উন্মন্ত হইত, তাহা হইলে এরূপ বুদ্ধি ও বিবেচনা সহকারে এত ক্ষণ আমার সমক্ষে অভিযোগ ও প্রত্যভিযোগ করিতে পারিত না। তোমরা ছুই ভগিনীতে বলিতেছ, চিরঞ্জীব বাটীতে আহার করিয়াছে; কিন্তু বস্থুপ্রিয় তৎকালে তাহার নঙ্গে ছিল, দে বলিতেছে, চিরঞ্জীব বাটীতে আহার করে নাই। এই বলিয়া, তিনি কিঙ্করকে জিজ্ঞানিলেন, কি রে, তুই কি জানিস, বল। নে কহিল, মহারাজ ! কর্ত্তা আজ মধ্যাহ্নকালে অপরা-জিতার বাটীতে আহার করিয়াছেন। অপরাজিতা কহিলেন, হা মহারাজ ! আজ চিরঞ্জীববাবু আমার বাটীতে আহার করিয়া-ছিলেন ; ঐ সময়ে আমার অঙ্গুলি হইতে একটি অঙ্গুরীয় খুলিরা লইয়াছেন। চিরঞ্জীব কহিলেন, সাঁ মহারাজ ! আমি এই অঙ্গুরীয়টি উঁহার অঙ্গুলি হইতে খুলিয়া লইয়াছি, যথার্থ বটে। অধিরাজ অপরাজিতাকে জিজাসিলেন, কেমন, তুমি কি চিরঞ্জীবকে দেবা-লয়ে প্রবেশ করিতে দেখিয়াছ। অপরাক্ষিতা কহিলেন, আজ্ঞা হাঁ, মহারাজ ! আমি স্বচক্ষে দেখিয়াছি, দে বিষয়ে আমার কিছুমাত্র সন্দেহ নাই।

এইরূপ পরস্পর বিরুদ্ধ উক্তি প্রত্যুক্তি প্রবণ করিয়া, হতবুদ্ধি

হইয়া, প্রধিরাজ কহিলেন, আমি এমন অন্তুত কাণ্ড কথনও দেখি
নাই ও শুনি নাই। আমার স্পৃষ্ট বোধ হইতেছে, তোমরা
সকলেই উন্মাদগ্রস্ত হইয়াছ। অনস্তর, তিনি এক রাজপুরুষকে
কহিলেন, আমার নাম করিয়া, তুমি দেবালয়ের কর্ত্রীকে অবিলয়ে
এখানে আসিতে বল; দেখা যাউক, তিনিই বা কিরূপ বলেন।
রাজপুরুষ, যে আজ্ঞা মহারাজ! বলিয়া, দেবালয়ে প্রবেশ
করিলেন।

চিরজীর অধিরাজের দম্মুখবতী হইবামাত্র, দোমদন্ত তাঁহাকে নয়নগোচর করিয়া মনে মনে কহিতে লাগিলেন, যদি শোকে ও হুরবস্থায় পড়িয়া, আমার নিতান্তই বুদ্ধির ভংশ ও দর্শনশক্তির ব্যতিক্রম না ঘটিয়া থাকে, তাহা হইলে, এ ব্যক্তি আমার পুত্র চিরজীব ও অপর ব্যক্তি তাহার পরিচারক কিঙ্কর, তাহার কোনও সন্দেহ নাই। তিনি, চিরঞ্জীবকে পুত্র বলিয়া সম্ভাষণ করিবার নিমিত্ত নিতান্ত অন্থিরচিত্ত হইয়াছিলেন, কেবল অভিযোগ ও প্রত্যভিযোগের গোলযোগে অবকাশ পান নাই, এক্ষণে অধিরাজকে দম্বোধন করিয়া কহিলেন, মহারাজ! যদি অনুমতি হয়, কিছু নিবেদন করিতে ইচ্ছা করি। অধিরাজ কহিলেন, যাহা ইচ্ছা হয়, সচ্ছন্দে বল, কোনও বিষয়ে কিছুমাত নকোচ করিও না। নোমদত্ত কহিলেন, মহারাজ ! এত ক্ষণের পর, এই জনতার মধ্যে, আমি একটি আত্মীয় দেখিতে পাইয়াছি; বোধ করি, তিনি টাকা দিয়া আমার প্রাণরক্ষা করিতে পারেন। অধিরাজ কহিলেন, সোমদত্ত! যদি কোনও রূপে তোমার

প্রাণরক্ষা হয়. আমি কি পর্য্যন্ত আহ্লাদিত হই, বলিতে পারি না। তুমি তোমার আত্মীয়কে জিজ্ঞানা কর, তিনি তোমায় প্রাণরক্ষার্থে, এই মুহুর্ত্তে পাঁচ সহজ টাকা দিতে প্রস্তুত আছেন কি না। তখন দোমদত্ত চির্জীবকে জিজ্ঞাসা করিলেন, কেমন গো, বাবা! তোমার নাম চিরঞ্জীব ও তোমার পরিচারকের নাম কিঙ্কর বটে। বধ্যবেশধারী অপরিচিত বৈদেশিক ব্যক্তি অকস্মাৎ এরপ প্রশ্ন করিলেন, কেন, ইহার মর্ম্ম বুঝিতে না পারিয়া, চিরঞ্জীব একদৃষ্টিতে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন। তথন নোমদত্ত কহিলেন, তুমি নিতান্ত অপরিচিতের স্থায় আমায় নিরীক্ষণ করিতেছ কেন; তুমি ত আমায় বিলক্ষণ জান। চিরঞ্জীব কহিলেন, না মহাশয়! আমি আপনারে চিনিতে পারিতেছি না, এবং ইহার পূর্বে কখনও আপনাকে দেখিয়াছি, এরপ মনে হইতেছে না। সোমদত্ত কহিলেন, তোমার সঙ্গে শেষ দেখার পর, শোকে ও ছুর্ভাবনায় আমার আফুতির এত পরিবর্ত্ত হইয়াছে যে আমায় চিনিতে পারা সম্ভব নহে; কিন্তু তুমি কি আমার স্বর চিনিতে পারিতেছ না। চিরঞ্জীব কহিলেন, না মহাশয়! আমি আর কখনও আপনকার স্বর শুনি নাই। তখন নোমদত্ত কিল্করকে জিজাদিলেন, কেমন কিল্কর! তুমিও কি আমায় চিনিতে পারিতেছ না। কিন্ধর কহিল, যদি আমার কথায় বিশ্বাস করেন, তবে বলি, আমি আপনারে চিনিতে পারিতেছি না। অনস্তর, দোমদন্ত চিরঞ্জীবকে কহিলেন, আমার নিশ্চিত বোধ হইতেছে, তুমি আমায় চিনিতে পারিয়াছ।

চিরঞীব কহিলেন, আমারও নিশ্চিত বোধ হইতেছে, আমি আপনারে চিনিতে পারিতেছি না; চিনিলে অম্বীকার করিবার কোনও প্রয়োজন ছিল না। আর, যখন আমি বারংবার বলি-তেছি, আমি আপনারে চিনিতে পারিতেছি না, তখন আমার ক্থায় অবিশ্বাদ করিবারও কোনও কারণ দেখিতেছি না।

চিরজীবের কথা শুনিয়া, সোমদন্ত বিষয় ও বিস্ময়াপন্ন হইরা, কহিতে লাগিলেন, তুর্ভাগ্যক্রমে, এই সাত বংসরে আমার স্বরের ও আক্ততির এত বৈলক্ষণ্য ঘটিয়াছে যে একমাত্র পুত্র চিরঞ্জীবও আজ আমায় চিনিতে পারিল না। যদিও আমি জরায় জীর্ণ ও শোকে শীর্ণ হইয়াছি, এবং আমার বুদ্ধিশক্তি, দর্শনশক্তি ও শ্রবণশক্তির প্রায় লোপাপত্তি হইয়াছে; তথাপি, তোমার স্বর শুনিয়া ও আকৃতি দেখিয়া, আমার স্পষ্ট প্রতীতি জন্মিতেছে, তুমি আমার পুত্র; এ বিষয়ে আমার অণুমাত্র সংশয় হইতেছে ना । शुनिया, किबिंद वित्रक्ति ध्यकाम कतिया, वित्रक्षीव किश्लन, মহাশ্য়! আপনি সাত বংসরের কথা কি বলিতেছেন, জ্ঞান হওয়া অবধি, আমি আমার পিতাকে দেখি নাই। সোমদন্ত কহিলেন, বংস! যা বল না কেন, সাত বংসর মাত্র তুমি হেমকূট হইতে প্রস্থান করিয়াছ। এই অপ্প নমরে এককালে নমস্ত বিশ্বত হইয়াছ, ইহাতে আমি আশ্চর্য্য জ্ঞান করিতেছি। অথবা, আমার অবস্থার বৈগুণ্য দর্শনে, এত লোকের সাক্ষাতে, আমায় পিতা বলিয়া অদীকার করিতে তোমার লচ্চাবোধ হইতেছে। চিরঞ্জীব কহিলেন, মহাশয় ! আমি জন্মাবচ্ছেদে কখনও হেমকুট নগরে ষাই নাই; অধিরাজ বাহাতুর নিজে এবং নগরের যে দকল লোক আমায় জানেন, দকলেই এ বিষয়ে দাক্ষ্য-দিবেন; আমি আপনকার দক্ষে প্রবঞ্চনা. করিতেছি না। তখন অধিরাজ কহিলেন, সোমদত্ত: চিরঞ্জীব বিংশতি বৎসর আমার নিকটে রহিয়াছে; এই বিংশতি বৎসরের মধ্যে, ও যে কখনও হেমকুট নগরে যায় নাই, আমি তাহার দাক্ষী। আমি স্পান্ত বুঝিতেছি, শোকে, ও তুর্ভাবনায়, ও প্রাণদগুভয়ের তোমার বুদ্দিভ্রংশ ঘটয়াছে, তাহাতেই তুমি এই সমস্ত অসম্বদ্ধ কথা বলিতেছ। সোমদত নিতান্ত নিরুপায় ভাবিয়া নিরস্ত হইলেন, এবং দীর্ঘ নিশ্বাদ পরিত্যাগ পূর্ব্বক অধাবদনে মৌনাবলম্বন করিয়া রহিলেন।

এই সময়ে, দেবালয়ের কর্ত্রী, হেমকূটবাদী চিরঞ্জীব ও কিঙ্করকে সমভিব্যাহারে করিয়া, অধিরাজের সম্মুখবর্ত্তীনী হই-লেন, এবং বহুমান পুরঃসর সম্ভাষণ করিয়া কহিলেন, মহারাজ! এই দুই বৈদেশিক ব্যক্তির উপর যথেপ্ট অত্যাচার হইয়াছে, আপনাকে তাহার বিচার করিতে হইবেক। ভাগ্যক্রমে, ইঁহারা দেবালয়ে প্রবেশ করিয়াছিলেন; নতুবা, ইঁহাদের প্রাণহানি পর্যান্ত ঘটিতে পারিত।

এক কালে ছুই চিরঞ্জীব ও ছুই কিঙ্কর অবলোকনমাত্র,
সমবেত ব্যক্তিবর্গ বিন্ময়দাগরে মগ্ন হইয়া অবিচলিত নয়নে
নিরীক্ষণ করিতে লাগিলেন। চন্দ্রপ্রভা, ছুই স্বামী উপস্থিত
দেখিয়া, হতবুদ্ধি হইয়া রহিলেন। হেমকূটবাসী চিরঞ্জীব সোমদন্তকে দেখিবামাত্র চিনিতে পারিলেন, এবং তদীয় ছরবস্থা

দর্শনে সজল নয়নে জিজাসিলেন, পিতঃ! আমি সাত বংসর মাত্র আপনকার নহিত বিয়োজিত হইয়াছি; এই স্বন্প সময়ের মধ্যে, আপনকার আক্রতির এত বৈলক্ষণ্য ঘটিয়াছে দে সহসা চিনিতে পারা যায় না। দে যাহা হউক, আপন-কার শরীরে বধ্যবেশ লক্ষিত হইতেছে কেন। হেমকূটবাসী কিন্ধরও তাঁহাকে চিনিতে পারিয়া, ভূতলে দণ্ডবৎ পতিত হইয়া প্রণাম করিল এবং অশ্রুপূর্ণ নয়নে জিজ্ঞাদিল, মহাশয়! क जाननात वक्कन कतिया ताथिया छ, वनून। पनवान एयत কত্রীও, কিয়ৎ ক্ষণ অনিমিষ নয়নে নিরীক্ষণ করিয়া, সোম-দত্তকে চিনিতে পারিয়াছিলেন; এক্ষণে কিঙ্করেব কথা শুনিয়া, বাষ্পাকুল লোচনে শোকাকুল বচনে কহিলেন যে বন্ধন করুক, আমি উঁহার বন্ধন মোচন করিতেছি। অনন্তর, তিনি সোম-দত্তকে জিজ্ঞানিলেন, কেমন মহাশয়! আপনকার স্মরণ হয়. আপনি লাবণ্যময়ী নাম্মী এক মহিলার পাণি গ্রহণ করিয়া-ছিলেন; ঐ তুর্ভগার গর্ভে সর্ব্বাংশে একাক্রতি তুই বমজ কুমার জন্মগ্রহণ করে। আমি সেই হতভাগা লাবণ্যময়ী, অজাপি জীবিত রহিয়াছি। এ জন্মে আর যে আপনকার দর্শন পাইব, এক মুহুর্ত্তের জন্মেও, আমার দে আশা ছিল না। यদি পূর্ব্ব রতান্ত স্মরণ থাকে--

এই বলিতে বলিতে, লাবণ্যময়ীর কণ্ঠরোধ হইল। চক্ষের জলে বক্ষঃস্থল ভানিয়া যাইতে লাগিল।

নহসা চিরঞ্জীবের মুখদর্শন ও তদীয় অমৃত্সয় সম্ভাষণবাক্য

শ্রবণ করিয়া, সোমদত্তের হৃদয়কন্দর অনির্বাচনীয় আনন্দর্সলিলে উচ্চলিত হইয়াছিল; এক্ষণে আবার লাবণ্যময়ীর উদ্দেশ পাইয়া, যেন তিনি অমৃতসাগরে অবগাহন করিলেন এবং বাষ্পাকুল লোচনে গদাদ বচনে কহিলেন, প্রিয়ে! আমি যেরূপ হতভাগ্য. তাহাতে পুনরায় তোমার ও চিরঞ্জীবের মুখ নিরীক্ষণ করিব, কোনও রূপে সম্ভব নহে। তোমাদিগকে প্রত্যক্ষ করিতেছি বটে, কিন্তু তুমি যে বাস্তবিক লাবণ্যময়ী, আর ও যে বাস্তবিক চিরঞ্জীব, এখনও আমার সে বিশ্বাস হইতেছে না। বলিতে কি. আমি এই সমস্ত স্বপ্নদর্শনবং বোধ করিতেছি। যাহা হউক. যদি তুমি যথার্থই লাবণ্যময়ী হও, আমায় বল; যে পুত্রটির সহিত এক গুণরক্ষে বদ্ধ হইয়া সমুদ্রে ভাসিয়াছিলে, সে কোথায় গেল. সে কি অত্যাপি জীবিত আছে। এই কথা শ্রবণমাত্র লাবণ্যময়ীর নয়নযুগল হইতে প্রবল বেগে বাষ্পবারি বিগলিত হইতে লাগিল। কিয়ৎ ক্ষণ পর্য্যন্ত তাঁহার বাক্যনিঃসরণ হইল না। পরে, কিঞ্চিৎ অংশে শোকাবেগ সংবরণ করিয়া, তিনি নিরতিশয় করুণ স্বরে কহিলেন, নাথ! তোমার কথা শুনিয়া, আমার চিরপ্রস্থ শোকসাগর উথলিয়া উঠিল। তোমার জিজ্ঞাসার উত্তর দিতে আমার ऋদয় বিদীর্ণ হইতেছে। আমরা তীরে উত্তীর্ণ হইলে পর, कर्नभूत्तत लात्कता वित्रश्रीय ७ किक्दतक मरेशा भनाशन कतिन। আমি তোমার ও তনয়দিগের শোকে, একান্ত বিকলচিত হইয়া, অহোরাত্র হাহাকার করিয়া, পথে পথে কাঁদিয়া বেড়াইতে লাগিলাম। কিয়ৎ কাল অতীত হইলে, কিঞ্চিৎ অংশে শোক সংবরণ করিয়া, তোমাদের অম্বেষণে নির্গত হইলাম। কত কপ্তে কত দেশ প্র্যাটন করিলাম, কিন্তু কোনও স্থানে কোনও সন্ধান পাইলাম না। পরিশেষে, তোমাদের পুনর্দর্শন বিষয়ে সম্পূর্ণ নিরাশাস হইয়া, স্থির করিলাম, আমার প্রাণ ধারণের প্রয়োজন নাই। এত ক্লেশে অসার দেহভার বহন করা বিড়ম্বনামাত; অতএব, আত্মণতিনী হই, তাহা হইলে, এক কালে সকল ক্লেশের অবসান হয়। পরে, আত্মঘাতিনী হওয়া সর্ক্রথা অনুচিত বিবেচনা করিয়া, জীবনের অবশিষ্ট ভাগ তপস্থা ও দেবকার্য্যে নিযোজিত করাই সংপ্রামর্শ বলিয়া অবধারিত করিলাম। অবশেষে, জয়স্থলে আদিয়া, এই দেবালয়ে প্রবিষ্ঠ হইয়া. তপস্থিনীভাবে কালহরণ করিতেছি। জ্যেষ্ঠ চিরঞ্জীব ও তাহার সহচব কিন্ধর অভাপি জীবিত আছে কি না, আর যদিই জীবিত থাকে. কোথায় আছে, কিছুই বলিতে পারি না। অনন্তর, লাবণাম্য়ী ও বোমদত্ত উভয়ে নিষ্পান নয়নে পরস্পার মুখ নিরীক্ষণ ও প্রভূত বাষ্পবারি বিসর্জন করিতে লাগিলেন।

তুই চিরঞ্জীব ও তুই কিন্ধর সমবেত দেখিয়া, অধিরাজ বাহাতুরও, কিছুই নির্ণয় করিতে না পারিয়া, সন্দিহান চিত্তে কত কল্পনা করিতেছিলেন, এক্ষণে লাবণ্যয়য়ী ও সোমদত্তের আলাপ প্রবণে, সর্বাংশে ছিয়সংশয় হইয়া, সহাস্থা বদনে কহিলেন, সোমদত্ত ! তুমি প্রাতঃকালে যে আত্ময়ভান্ত বর্ণন করিয়াছিলে, তাহার অনেক অংশে আমার বিলক্ষণ সংশয় ছিল; কিন্তু এক্ষণে, তোমাদের শ্রীপুরুষের কথোপকথন শুনিয়া, সকল

খান দারা তোমার বর্ণিত রভান্তের সম্পূর্ণ সমর্থন হইতেছে।
এখন আমি স্পান্ত বুঝিতে পারিলাম, ছই চিরঞ্জীব তোমাদের
নমজ সন্তান; ছই কিল্কর তোমাদের ক্রীত দাস। আমাদের
চিরঞ্জীব, অতি শৈশব অবস্থায়, তোমাদের সহিত বিয়োজিত
হইয়াছিলেন, এজন্ত তোমায় চিনিতে পারেন নাই। বাহা হউক,
মন্তব্যের ভাগ্যের কথা কিছুই বলিতে পারা যায় না। তুমি
যাহাদের অদর্শনে এত কাল জীবন্স্ত হইয়া ছিলে, এক কালে
সেই সকলগুলির সহিত অসম্ভাবিত সমাগম হইল। তুমি এত
দিন আপনাকে অতি হতভাগ্য জ্ঞান করিতে; কিন্তু এক্ষণে
দৃষ্ট হইতেছে, তোমার তুল্য সৌভাগ্যশালী পুরুষ অতি বিরল।
শেষ দশায়, তোমার অদৃষ্টে যে এরপে স্থুখ ও এরপ সৌভাগ্য
ঘটিবেক, ইহা স্বপ্লের অগোচর।

নোমদন্তকে এইরূপ কহিয়া, হেমকুটবালী চিরঞ্জীবকে জয়য়্বলবালী জ্ঞান করিয়া, অধিরাজ জিজ্ঞালা করিলেন, কেমন চিরঞ্জীব!
ভূমি প্রথম কর্ণপুর হইতে আলিয়াছিলে। তিনি কহিলেন, না
মহারাজ! আমি নই; আমি হেমকুট হইতে আলিয়াছি। এই কথা
শুনিয়া, অধিরাজ লক্ষিত বদনে কহিলেন, হাঁ, বুঝিলাম, ভূমি
আমাদের চিরঞ্জীব নও; ভূমি এই দিকে স্বতন্ত্র দাঁড়াও; তোমাদের
কে কোন ব্যক্তি, চিনা ভার। তথন জয়ন্থলবালী চিরঞ্জীব কহিলেন, মহারাজ! আমি কর্ণপুর হইতে আলিয়াছিলাম; আপনকার
পিতৃব্য বিখ্যাত বীর বিজয়বর্দ্মা আমায় লঙ্গে আনিয়াছিলেন।

জয়স্থলবাদী কিঙ্কর কহিল, আমি উঁহার দঙ্গে আদি। বিজয়বল্লভ কহিলেন, তোমরা হুজনে এক দঙ্গে এক দিকে দাড়াও।

এই সময়ে, চন্দ্রপ্রভা চিরঞ্জীবদিগকে জিজ্ঞানিলেন, তোমা-দের হুজনের মধ্যে কে আজ মধ্যাহ্নকালে আমার দঙ্গে আহার করিয়াছিলে। হেমকুটবাদী চিরঞ্জীব কহিলেন, আমি। চন্দ্রপ্রভা কহিলেন, তুমি কি আমার স্বামী নও। তিনি কহিলেন, না, আমি তোমার স্বামী নই; কিন্তু তুমি, স্বামী জ্ঞান করিয়া, আমায় বল পূর্ব্বক বাটীতে লইয়া গিয়াছিলে, এবং দেই সংস্কারে আমায় অনেক অনুযোগ করিয়াছিলে। তোমার ভগিনীও আমায় ভগিনীপতি জ্ঞানে পূর্কাপর সম্ভাষণ করিয়াছিলেন। আমি কিন্ত আতোপান্ত বলিয়াছিলাম, জয়স্থলে আমার বাদ নয়, আমি তোমার পতি নই, আমি এ পর্যান্ত বিবাহ করি নাই। তোমরা তৎকালে আমার সে সকল কথায় বিশ্বাস কর নাই। আমিই তোমার পতি, তোমার উপর বিরক্ত হইয়া ঐরূপ কহিতেছি, তোমরা তুই ভগিনীতেই পূর্কাপর নেই জ্ঞান করিয়া-ছিলে। এই বলিয়া, তিনি বিলাসিনীকে সম্ভাষণ করিয়া সন্মিত বদনে কহিলেন, আমি তৎকালে পরিণয় প্রস্তাব করাতে, তুমি বিক্ষয়াপন্ন হইয়াছিলে, এবং আমায় যথোচিত ভর্ৎসনা ও বহুবিধ আপত্তি উত্থাপন করিয়াছিলে; এখন, বোধ হয়, তোমার আর দে সকল আপত্তি হইতে পারে না। বিলাসিনী শুনিয়া, লজ্জায় নম্রমুখী হইয়া রহিলেন। কিন্তু, তদীয় আকার প্রকার দর্শনে সমিহিত ব্যক্তি মাত্রেই বুঝিতে পারিলেন, চিরঞ্চীবের প্রস্তাবে তাঁহার কিছুমাত্র আপত্তি নাই। এই পরিণয়প্রসঙ্গ প্রবণে নির্তিশয় পরিতোষ প্রদর্শন করিয়া, অধিরাজ বিজয়বন্ধভ প্রীতিপ্রফুল্ল লোচনে কহিলেন, শুভ কার্য্যে বিলম্বে প্রয়োজন নাই; চিরঞ্জীব! বিলাসিনী কল্য তোমার সহধর্মিণী হইবেন।

অনন্তর, বস্থপ্রিয় স্বর্ণকার হেমকূটবাদী চিরঞ্জীবকে জিজ্ঞা-দিলেন, আমি আপনাকে যে হার দিয়াছিলাম, আপনার গলায় এ দেই হার কি না। তিনি কহিলেন, এ দেই হার বটে; আমি এক বারও তাহা অম্বীকার করি নাই। তথন জয়স্থলবাসী চিরঞ্জীব স্বর্ণকারকে কহিলেন, তুমি কিন্তু এই হারের জন্মে আমায় অবরুদ্ধ করাইয়াছিলে। বসুপ্রিয় লজ্জিত হইয়া কহিলেন, হা মহাশয় ৷ আমি আপনারে রাজপুরুষের হস্তে নমর্পণ করিয়া-ছিলাম। কিন্ত, পূর্কাপর বিবেচনা করিয়া দেখিলে, আপনি আমায় অপরাধী করিতে পারেন না। চন্দ্রপ্রভা স্বীয় পতিকে জিজ্ঞাসিলেন, তোমার অবরোধের সংবাদ পাইয়া, কিন্ধর দারা যে স্বর্ণমূদ্রা পাঠাইয়াছিলাম, তুমি কি তাহা পাও নাই। জয়স্থল-বাদী কিন্তুর কহিল, কই আপনি আমা দারা স্বৰ্ণমুদ্রা পাঠান নাই। তথন হেমকুটবাসী চির্জীব কহিলেন, আমি কিঙ্করকে জাহাজের অনুসন্ধানে পাঠাইয়া, পান্থনিবানে বসিয়া, উৎস্ক চিত্তে তাহার প্রত্যাগমন প্রতীক্ষা করিতেছি, এমন সময়ে সে আসিয়া, তোমার প্রেরিত বলিয়া, আমার হস্তে এই স্বর্ণমুদ্রার থলী দেয়; আমি, কিছুই বুকিতে না পারিয়া, আপন নিকটে রাথিয়াছিলাম।

তইরপে সংশয়াপনোদন কাণ্ড সমাপিত হইলে, জয়স্থলবাসী চিরঞ্জীব কহিলেন, মহারাজ ! আমি যেকপ শুনিয়াছি, তাহাতে সায়ংকালের মধ্যে দণ্ডের টাকা দিলেও, আমার পিতা প্রাণদণ্ড হইতে নিষ্কৃতি পাইবেন, আপনি দরা করিরা এই আদেশ প্রদান করিয়াছেন , অনুমতি হইলে, ঐ টাকা আনাইয়া দি । বিজয়বল্লভ কহিলেন, চিরঞ্জীব ! তোমাদের এই অসম্ভাবিত সমাগম দর্শনে আমি যে অনির্কাচনীয় প্রীতি লাভ করিয়াছি, তাহাতে আমার সমৃদ্ধ সাম্রাজ্য প্রাপ্তি অপেক্ষাও অধিকতর লাভ বোধ হইয়াছে ; অতএব, তোমার পিতা দণ্ড প্রদান ব্যতিরেকেই প্রাণদান পাইলেন । এই বলিয়া তিনি, সন্ধিহিত রাজপুরুষদিগকে সোমদন্তের বন্ধনমোচন ও বধ্যবেশের অপসারণ করিতে আদেশ দিলেন ।

এই রূপে সকল বিষয়ের সমাধান হইলে, লাবণ্যময়ী, গলবপ্ত ও রুতাঞ্চলি হইয়া, বিজয়বল্লভকে সম্ভাষণ করিয়া, কহিলেন, মহারাজ! আমার কিছু প্রার্থনীয় আছে; রুপা করিয়া শ্রবণ করিতে হইবেক। বিজয়বল্লভ কহিলেন, লাবণ্যময়ি! যাহা ইচ্ছা হয়, সচ্ছন্দে বল, সঙ্কুচিত হইবার অণুমাত্র আবশ্যকতা নাই; আজ তোমার কোনও কথাই অরক্ষিত হইবার বা কোনও প্রার্থনাই অপরিপূরিত থাকিবার আশঙ্কা নাই। শুনিয়া, সাতিশয় হর্ষিত ও উৎসাহিত হইয়া লাবণ্যময়ী কহিতে লাগিলেন, মহা-রাজ! আমি এত কাল মনে করিতাম, আমার মত হতভাগা নারী আর নাই; কিন্তু আজ দেখিতেছি, আমার মত ভাগ্যবভী অতি অল্প আছে। চিরবিয়োগের পর, এই অতর্কিত পতি পুত্র নুমাগম দারা আমি যে আজ কি হইয়াছি, বলিতে পারি না; আমার কলেববে আনন্দপ্রবাহের সমাবেশ হইতেছে না। মহা-রাজ! আজ আমার কি উৎসবের দিন, তাহা আপনি অনায়াসে অনুভব করিতে পারিতেছেন। বলিতে কি, মহারাজ! এখনও আমার এই সমস্ত ঘটনা স্বপ্লদর্শনবৎ বোধ হইতেছে। বাহা হউক, এক্ষণে, আমার প্রথম প্রার্থনা এই, অনুগ্রহ প্রদর্শন প্রক্ষক আমায় পতি, পুত্র ও পুত্রবধূ লইয়া দেবালয়ে এই উংসবরজনী অতিবাহনের অনুমতি প্রদান করেন; দিতীয় প্রার্থন। এই, যে সকল ব্যক্তি আজ এই অদুত ঘটনার সংস্রবে ছিলেন, ভাছাব। সকলে, দেবালয়ে উপস্থিত থাকিয়া, কিয়ৎ কাল আমোদ আহ্লাদ করেন; তৃতীয় প্রার্থন। এই, মহারাজ নিজে উৎসবসময়ে দেবালয়ে অধিষ্ঠান করেন; চতুর্থ প্রার্থনা এই, আমার তৃতীয় প্রার্থনা যেন ব্যর্থনা হয়।

লাবণ্যমনীর প্রার্থনা শ্রবণে, বিজয়বল্লভ সহাস্থা বদনে কহিলেন, আমি পূর্ব্বেই বলিয়াছি যে আজ আমি যেরপ আনন্দ লাভ করিয়াছি, জন্মাবচ্ছেদে কথনও তাদৃশ আনন্দ অনুভব করি নাই, এবং উত্তর কালেও যে কথনও আর তদ্রুপ আনন্দ লাভ ঘটিবেক, তাহা সম্ভাবিত বোধ হইতেছে না। অধিক আর কি বলিব, তোমরা আজ যেরপ আনন্দ অনুভব করিতেছ, আমিও নিঃসন্দেহ সেই রূপ, বরং তদপেক্ষা অধিক, আনন্দ অনুভব করিতেছি। চিরঞ্জীব! আমি যে তোমায় পুদ্রু নির্বিশেষে লালন

পালন করিয়াছিলাম, আজ তাহা দর্কতোভাবে সার্থক হইল। বোধ হয়, আমি পিতৃব্যের নিকট হইতে আগ্রহ পূর্ব্বক তোমায় গ্রহণ না করিলে, আজকার এই অভূতপূর্ব্ব সংঘটন দেখিতে, ও তল্লিবন্ধন এই অননুভূতপূর্দ্ম আনন্দ অনুভব করিতে পাইতাম না। যাহা হউক, লাবণ্যময়ি! আমি স্থির করিয়াছিলাম, তোমাদের নকলকে আমার আলয়ে লইয়া গিয়া, এবং রাজধানীর সম্ভ **নম্রান্ত লোককে সমবেত করিয়া, আমোদ আহ্লোদে এই উৎস**ব-রজনী অতিবাহিত করিব। কিন্তু তোমার ইচ্ছা শ্রবণ করিয়া আমার দে ইচ্ছা পরিত্যাগ কবিলাম। আজ তোমার যে সুখের দিন, তাহাতে কোনও অংশে তোমার মনে অস্তুথের সঞ্চার হইতে দেওয়া উচিত নহে। ইচ্ছা বিঘাত হইলে, পাছে তোমার অন্তঃকরণে অণুমাত্রও অসুথ জন্মে, এই আশক্ষায় আমি তোমার প্রার্থনায় সমুত হইলাম। আজ সকল বিষয়ে তোমার ইচ্ছাই বলবতী থাকিবেক।

এই বলিয়া, রাজপুরুষদিগের প্রতি রাজধানীস্থ সম্ভ্রান্ত ।
ব্যক্তিবর্গের নিমন্ত্রণ ও উপস্থিত মহোৎসবের উপযোগী আয়োজনের আদেশ দিয়া, অধিরাজ বিজয়বল্লভ সোমদন্তপরিবার
সহিত দেবালয়ে প্রবেশ করিলেন।

मळ्लूर्ग ।

PRINTED BY PITAMBARA VANDYOPADHYAYA,
AT THE SANSKRIT PRESS.
NO. 62, ANHERST STREET, CALCUTTA. 1886.

কলিকাতা পুস্তকালয়

এই পুস্তকালয়ে	যে	সম্ভ	পুস্তক	বিক্ৰীত	হয়,	(3)	সমুদয়েব	বিবরণ	1

-1. 3.						
न्त्रकृति।	স্ংস্কৃত।					
বণপ্ৰিচয় ১ম ভাগ . / ু						
ঐ ২যভাগ ⋅ ৴৹	উপক্রমণিক ॥৽					
কথামাল:	वाक्वगरकोमूनी २म जांग					
(१८४१मत्र ७०	ঐ ২য়, ৩য় ভাগ ১১					
চ্বিৰ্বেলী · · '°	ঐ দর্গ ভাগ ১					
অ্থান্মঞ্বী ১ম ভাগ	বৈয়াকবণভূষণসাব 🕖 😶 🥄					
ঐ ২য ভাগ ⋯ ॥০	ঝজুপাঠ ১ম ভাগ । ০০					
कीन्नहिंख ॥०	ঐ २४ छ १४ ॥०					
বাঞ্চালাৰ ইতিহাস ২য ভাগ ॥৮০	ঐ ত্যভাগ ॥৵৹					
বেভালপঞ্জিংশতি ১০০	বঘুবংশ মূল · ১১					
শক্তन। ॥००	কিবাভাৰজুনীয় মূল ৷৷ ৷৷					
সাভাব বনবাস	निरुপाननसम्न: ॥do					
লান্তিবিলাস · · · ·	্মঘদৃত স্টীক 🦎					
भार्डभाना ॥ ४०	অভিজানশক্তল ঐ ২১					
সংস্কৃত ভাষা ও সাহিত্য প্রাক্তাণ ॥০	योक्षाविक 🍇 :॥०					
विश्वविवाह विकाव	উত্তবচ্বিত ঐ ২					
বহুদিবাছ বিচাব ১ম ভাগ া	७७८कोशिक के :॥०					
ক্র ক্র হযভাগ	इवंচविख्					
জ জ সম্প্র	বাল্মীকিরামাষণ স্টীক ২০১					
শিশুশিক্ষা ১ম ভাগ / ০	শন্ত্পকাশিকা পবিশিষ্ট ।/০					
ঐ ২যভাগ /∘						
के सम्बंध ०	रे क दिखी					
क्लीनक्लमकाय · · · · ॥do						
७ तमामक्त ॥००	Poetical Selections 0 8					
বিভাস্থন্দব	Selections from Oliver					
क सम्बद्धालया जिल्लीयास्त	Goldsmith 0 b.					
मानिविष्ट	Selections from Wash-					
অভি অৱ হইল ৩০	ington Irving 0 12					
	Selections from English					
বিধবাবিবাহ ও যগোহত ধর্ম-	Literature 8					
বিশ্বণী সভা • • • •	Marriage of Hindu Widows					
11 1 - 1						